বসুমতী-শাস্ত্র-প্রচার

শ্রীশ্রীগীতগোবিন্দ

ভক্তকবি শ্রীমৎ শ্রীজয়দেব গোস্বামী বিরচিত

শ্রীপূজারি গোস্বামী বিরচিত টীকা সমেত

[এতৎসহ প্রাচীন লুপ্তরত্ন উদ্ধার
৺রসময় দাস-কৃত সুললিত পদ্যানুবাদ]

সৎসাহিত্য ও শাস্ত্রগ্রন্থ-প্রচার-ব্রত
উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় অনূদিত

অষ্টম-সংস্করণ

উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় প্রতিষ্ঠিত
বসুমতী-সাহিত্য-মন্দির হইতে
শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায় প্রকাশিত

[মূল্য ১৲ এক টাকা মাত্র।

কলিকাতা

১৬৬ নং বহুবাজার ষ্ট্রীট, "বসুমতী-বৈদ্যুতিক-রোটারী-মেসিন" যন্ত্রে
শ্রীপূর্ণচন্দ্র মুখোপাধ্যায় মুদ্রিত।

সপ্তম সংস্করণের ভূমিকা

কবিবর মাইকেল মধুসূদন দত্ত গাহিয়াছেন,—

"চল যাই জয়দেব, গোকুল-ভবনে,
তব সঙ্গে যথা রঙ্গে তমালের তলে
শিখিপুচ্ছ-চূড়া শিরে, পীতধড়া গলে,
নাচে শ্যাম, বামে রাধা—সৌদামিনী ঘনে।
না পাই যাদবে যদি, তুমি কুতূহলে
পূরিও নিকুঞ্জরাজী বেণুর স্বননে
ভুলিবে গোকুল-কুল এ তোমার ছলে,
নাচিবে শিখিনী সুখে, গাবে পিকগণে—
বহিবে সমীর ধীরে সুস্বর-লহরী,
মৃদুতর কলকলে কালিন্দী আপনি
চলিবে। আনন্দে শুনি সে মধুর ধ্বনি,
ধৈরয ধরি কি রহে ব্রজের সুন্দরী?
মাধবের রব, কবি, ও তব বদনে,
কে আছে ভারতে ভক্ত নাহি ভাবে মনে?"

স্বর্গের অমৃত উচ্ছ্বসিত প্রেম-ভক্তির মন্দাকিনীধারা—যাহার প্রবাহে সন্তাপিত হৃদয় শান্তি-পুলকে স্নিগ্ধ ও পবিত্র হয়—রাধাপ্রেমের সাধাবাঁশী—যাহার সম্মোহন ঝঙ্কারের তানতরঙ্গে ভারতের গগন-পবন চির-মুখরিত—যশেন্দুহার-বিভূষিত, বঙ্গের কবিকুলজনক, ভক্তাবতার শ্রীজয়দেব

গোস্বামি-বিরচিত ললিত-লবঙ্গলতা-পরিমল-বিনিন্দিতচ্ছন্দের মোহন উচ্ছ্বাস শ্রীগীতগোবিন্দের নূতন পরিচয় নিতান্ত অনাবশ্যক।

যে পদামৃতলহরী ভক্তের প্রাণস্পর্শী—পাষাণ-প্রাণও ভক্তিরসে দ্রব-কারী—যে জয়দেবের কৃষ্ণলীলা শ্রবণে যুগাবতার শ্রীমন্মহাপ্রভু শ্রীচৈতন্যদেব ভাবে উন্মাদ হইতেন—স্বয়ং শ্রীমুখে সংকীর্ত্তন, সুব্যাখ্যা করিয়া ভক্তগণকে ভাবোন্মাদে আত্মহারা করিতেন, যে সুধাক্ষরিত সুধাধারা—মধুময় প্রেমলীলা ভক্ত প্রেমিকের তুলসীমালা সদৃশ মহাপবিত্র—যে অমিয়াভ কাব্যের এক চরণ 'দেহি পদপল্লবমুদারম্' স্বয়ং শ্রীমাধব রক্তোৎপল কমলকরে লিখিয়া ভক্তিজগতে ভক্তের গৌরব প্রতিষ্ঠা করিয়াছেন—যে শ্যামপ্রেম-মন্দাকিনীর লহরলীলায় বিদ্যাপতি, চাণ্ডদাস, গোবিন্দদাসের প্রেমদ্যুতি স্পন্দিত হইয়াছে—যে অনুপম বাঁশরীর মোহনীয় রেষে ভক্তের মানসকাননে শ্রীবৃন্দাবনের মুরলী-ঝঙ্কার ঝঙ্কৃত হয়—সেই শ্যাম-প্রেমের যমুনাপ্রবাহের সর্ব্বজনসম্মোহন ভক্তিতরঙ্গিণী শ্রীগীতগোবিন্দ।

জগতের সাহিত্যে প্রেমভক্তির এমন মধুর সঙ্গম আর কোন কাব্যে নাই। আর্য্য সাহিত্যের কুবের-ভাণ্ডারের ইহা অমূল্য সম্পদ্—ভক্তের ধ্যান জ্ঞান চিরশান্তি-পরিমলসুরভিত হৃদিবিনোদন পারিজাতমালা। ভারতের ও জগতের বিভিন্ন সাহিত্যে শ্রীগীতগোবিন্দ অনূদিত হইয়া সাহিত্যের গৌরব বৃদ্ধি করিয়াছে। ভারতে হিন্দী, বাঙ্গালা, উড়িয়া ভাষায় শ্রীগীতগোবিন্দের অনেকগুলি অনুবাদ প্রকাশিত হইয়াছে। আর উইলিয়াম জোন্স ইংরাজী ভাষায়—সুপণ্ডিত ল্যাসন ল্যাটিন ভাষায়—প্রাচ্য-ভাষাবিদ্ পণ্ডিত রুফট জার্ম্মাণ ভাষায় এবং এক জন ফরাসী পণ্ডিত ফরাসী সাহিত্যে ইহার সুমধুর অনুবাদ করিয়াছেন। সুকবি এডউইন আর্ণল্ড তাঁহার ইংরাজী কাব্যের প্রারম্ভে এই কাব্যের সুন্দর বর্ণনা করিয়াছেন। প্রাচীন যুগের অনেকগুলি পণ্ডিত

শ্রীগীতগোবিন্দের টীকা প্রণয়ন করিয়াছেন। উদয়নাচার্য্য, কমলাকর, কুম্ভকর্ণ মহেন্দ্র, কৃষ্ণদত্ত, কৃষ্ণদাস, গোপাল, চৈতন্যদাস, নারায়ণ ভট্ট, নারায়ণ দাস, পীতাম্বর, ভগবদ্দাস, ভাবাচার্য্য, মানাঙ্ক, রামতারণ, রামদত্ত, রূপদেব পণ্ডিত, লক্ষ্মণ ভট্ট, লক্ষ্মণ সূরী, বনমালী ভট্ট, বিট্‌ঠল দীক্ষিত, বিশ্বেশ্বর ভট্ট, শঙ্কর মিশ্র, শ্রীহর্ষ, হৃদয়াভরণ, পূজারী গোস্বামী নামে প্রসিদ্ধ পণ্ডিতগণ শ্রীগীতগোবিন্দের টীকা লিখিয়াছেন। এতদ্‌ব্যতীত বালবোধিনী, বচনমালিকা নামে আরও দুইখানি গীতগোবিন্দের প্রসিদ্ধ টীকা আছে। শ্রীমদ্ভাগবত ও গীতা ব্যতীত অন্য কোন ভক্তিগ্রন্থের এত অধিক টীকা আছে বলিয়া আমাদের জানা নাই। ইহার ভিতর পূজারী গোস্বামীর টীকা প্রামাণ্য ও সর্ব্বজনবোধ্য বলিয়া আমরা শ্রীগীতগোবিন্দের সহিত সন্নিবেশিত করিয়াছি। শ্রীগীতগোবিন্দের অনেকগুলি পুথি ও প্রাচীন বঙ্গানুবাদও দেখিতে পাওয়া যায়। কবিবর রসময় দাস ও সুকবি গিরিধর পদ্যে শ্রীগীতগোবিন্দের সুমধুর অনুবাদ করিয়াছিলেন। আমরা পরিশিষ্টে রসময় দাসের লুপ্তপ্রায় পদ্যানুবাদ সংযোগ করিয়াছি।

বৈষ্ণব-সাহিত্যের মুকুটমণি বিদ্যাপতি, চণ্ডিদাস, গোবিন্দদাস, জ্ঞানদাস প্রভৃতির পদরচনার ভিতরও গীতগোবিন্দের শ্যামপ্রেমের লহরলীলা স্পন্দিত। তাঁহারই ভাবে ভাবিত—তাঁহারই কল্পনা-চিন্তার ধারা অনুসরণ করিয়া যে পরবর্ত্তী যুগের বৈষ্ণবসাহিত্য গড়িয়া উঠিয়াছে, তাহাতে সন্দেহের অবকাশ নাই।

যুগের পর যুগসন্ধি—শতাব্দীর পর শতাব্দী ব্যাপিয়া যে কালজয়ী কাব্যের মর্ম্মস্পর্শী ছন্দের নৃত্য-লীলায়িত গতির ভিতর শ্রীরাধামাধবের প্রেমলীলার অনন্ত সৌন্দর্য্য—শৃঙ্গাররসের মোহন আবেশের পুলক-প্রবাহ প্রদর্শন করিয়া মানব-মনকে সম্মোহিত—পুলকিত করিতেছে, শতাব্দীর

দীর্ঘতা ভেদ করিয়া আজও যাহা নিত্য পুরুষোত্তমের শ্রীমন্দিরে গীত না হইলে শ্রীজগন্নাথদেবের পূজা সম্পূর্ণ হয় না—সেই ভক্ত-প্রাণোন্মাদন পরম পবিত্র কাব্যের সপ্তম সংস্করণ প্রকাশ করিবার সৌভাগ্য লাভ করিয়া আমরা ধন্য হইতেছি। ভক্তকবি শ্রীজয়দেবের কাব্যরস অনুবাদে ফুটাইয়া তোলা অসম্ভব-- সৎসাহিত্য ও শাস্ত্রগ্রন্থ-প্রচার-ব্রত স্বর্গীয় পিতৃদেব ভক্তিরসের মাধুর্য্যসৌন্দর্য্য পরম ও চরম বিকাশ যোগ্য অনুবাদে যথাসাধ্য প্রয়াস পাইয়াছিলেন—নির্ভুল করিবার জন্যও যত্নের ত্রুটি করি নাই—সুধীজন-সমাজ, ভক্তসম্প্রদায়, সুরসিকবৃন্দ, এই সংস্করণ পাঠে তৃপ্তি ও শান্তি লাভ করিলে সাধনা সার্থক হইবে।

বসুমতী-সাহিত্য-মন্দির,
ফুলদোল, ১৩৩৪।

বিনয়াবনত
শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায়।

অষ্টম সংস্করণের ভূমিকা

শ্রীগীতগোবিন্দের সপ্তম সংস্করণ এক বৎসরের মধ্যে নিঃশেষিত হইতে দেখিয়া আমরা আশায় উৎফুল্ল—আনন্দে আত্মহারা হইয়াছি। যাঁহারা বলেন, শিক্ষিত সমাজ দেশের অমূল্য সম্পদ আর্য্যসাহিত্যের—ভক্তিগ্রন্থের সমাদর করেন না, তাঁহারা কেবল বিলাসলালসা-কলুষিত পাশ্চাত্য কাব্য-উপন্যাসেরই অনুরাগী—দেশের কোহিনূর ফেলিয়া কেবল বিদেশী কাচের সমাদর করেন, আশা করি, এ শুভ সংবাদে তাঁহাদের সে ভ্রান্ত ধারণা অপনোদিত হইবে—তাঁহারা আমাদেরই মত আশ্বস্ত—আনন্দিত হইবেন। ভক্ত-সমাজ যে শ্রীগীতগোবিন্দের অফুরন্ত অমৃত-প্রস্রবণে—ভক্তি-মন্দাকিনী-ধারায় শান্তিলাভ করিবেন, সে বিষয়ে সন্দেহের অবকাশ নাই।

সুধীজন-সমাজের উৎসাহে—ভক্তবৃন্দের শুভাশীর্ব্বাদে শ্রীগীতগোবিন্দের অষ্টম সংস্করণ প্রকাশিত হইল। শ্রীগীতগোবিন্দের পুলক-ঝঙ্কারে জ্ঞান-ভক্তির লীলানিকেতন—পুণ্যভূমি ভারতবর্ষ আবার মুখরিত—অনুপ্রাণিত হইয়া আনন্দ-পুলকে সম্মোহিত হউক—ধর্ম্মপ্রাণ ভারতবাসীর মন-প্রাণ আবার শ্রীরাধাকৃষ্ণের প্রেমগানে সঞ্জীবিত হউক, ইহাই অভাজনের একমাত্র কামনা।

বসুমতী-সাহিত্য-মন্দির
দোলপূর্ণিমা, ১৩৩৫

বিনয়াবনত—
শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায়।

চতুর্থ-সংস্করণের ভূমিকা

"যদি হরিস্মরণে সরসং মনো
যদি বিলাসকলাসু কুতুহলম্।
মধুরকোমলকান্তপদাবলীং
শৃণু তদা জয়দেবসরস্বতীম্॥"

উপরি-উক্ত শ্লোকটির যাথার্থ্য সম্বন্ধে কিছুমাত্র সন্দেহের কারণ নাই। বস্তুতঃ মহাকবি শ্রীজয়দেব-বিরচিত শ্রীগীতগোবিন্দ গ্রন্থে বাক্যের যেরূপ পল্লবিত্ব, যেরূপ পদবিন্যাস, যেরূপ শ্রুতিধরতা, যেরূপ ভাবমাধুর্য্য ও যেরূপ সর্ব্বরসাত্মকতা দৃষ্ট হয়, তাদৃশ আর কোন গ্রন্থে লক্ষিত হয় না বলিলেও অত্যুক্তি হয় না। এক কথায় এরূপ কবিত্ব, এরূপ মাধুর্য্য ও এরূপ পদবিন্যাস অতি বিরল। কবিবর শ্রীজয়দেব গীতিকাচ্ছলে এই গ্রন্থে শ্রীরাধাকৃষ্ণের সুমধুর লীলা বিশদভাবে বর্ণন করিয়াছেন। ইহা পাঠ করিতে করিতে ভাবুকের হৃদয় গভীর ভাবভরে বিমোহিত হইয়া পড়ে, চিত্ত আনন্দে উৎফুল্ল হয়, অন্তর-সাগরে সাত্ত্বিক প্রেমরস উথলিয়া উঠে। এই গ্রন্থ ভক্তের কণ্ঠহার, ভাবুক জনের একমাত্র অবলম্বন, ভক্তিরসের একমাত্র আধার। যে কোন সম্প্রদায়ই হউন না কেন, ইহা পাঠ করিলে সকলেরই চিত্ত ভক্তিরসে, প্রেমরসে বিগলিত হইয়া পড়ে, আনন্দাশ্রুতে নয়ন পরিপূর্ণ হয়।

কিছুদিন পূর্ব্বে আমরা এই গ্রন্থখানি প্রাঞ্জলভাবে অনুবাদ করিয়া ভক্তমণ্ডলীসকাশে প্রকাশ করিয়াছিলাম। অত্যল্প দিনের মধ্যেই ক্রমে ক্রমে তিনটি সংস্করণের সহস্র সহস্র খণ্ড গ্রন্থ ভক্তমণ্ডলী কর্ত্তৃক

সাদরে সংগৃহীত হইয়াছে। তথাপি ভক্তমণ্ডলীর অনেকের আশা পূর্ণ করিতে না পারিয়া পুনর্মুদ্রাঙ্কনের জন্য আমাদিগকে বার বার অনুরোধ করায় চতুর্থ সংস্করণ প্রকাশিত হইল। পূর্ব্ব পূর্ব্ব সংস্করণ অপেক্ষা এবারে সাধ্যানুসারে ভ্রমপ্রমাদগুলি সংশোধিত ও স্থানে স্থানে পরিবর্ত্তিত হইয়াছে। অধিকন্তু গ্রন্থের শেষভাগে ইহার একটি পদ্যানুবাদও সংযোজিত হইল। এক্ষণে সাধারণে সাদরে গৃহীত হইলেই সফল-প্রযত্ন হইব, কিমধিকমিতি—

বিনীত—

বসুমতী-সাহিত্য-মন্দির } উপেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

শ্রীজয়দেব-চরিত

প্রেম-ভক্তি-মন্দাকিনী-লীলালহরিত শ্রীশ্রীগীতগোবিন্দ কাব্যসুধারস-পানে বিভোর—উন্মাদ হইবার পূর্ব্বে প্রেমভক্তির মূর্ত্তবিগ্রহ, সাধকোত্তম শ্রীজয়দেবের ভগবৎপ্রেমে তন্ময় ভক্তিমাধুর্য্যমণ্ডিত জীবনী পাঠ—স্মরণ—মনন করা অত্যাবশ্যক। পাশ্চাত্য-শিক্ষা-গর্ব্বিত যুক্তিবাদী বাঙ্গালী আজ সে অতীত যুগের অলৌকিক কাহিনীতে আস্থাবান্—শ্রদ্ধান্বিত হইবেন কি না, জানি না। কিন্তু যাঁহারা শ্রীভগবানের লীলামাধুরী শ্রবণে—স্মরণে জীবন ধন্য জ্ঞান করেন, যাঁহারা ভগবৎপদে আত্মসমর্পিতপ্রাণ—যাঁহারা ভক্ত, ভগবান্ ও ভাগবত তিনই এক ভগবানের শ্রীমুখনিঃসৃত এই মহাবাক্য প্রাণে প্রাণে বিশ্বাস করেন, শ্রীজয়দেবের অলৌকিক জীবনী তাঁহাদের প্রাণে শান্তির অমিয়ধারা ঢালিয়া দিবে।

শ্রীজয়দেব বীরভূম জেলার অজয়তীরে কেন্দুবিল্ব (বর্ত্তমান কেন্দুলী) গ্রামে জন্ম পরিগ্রহ করেন। তাঁহার পিতার নাম ভোজদেব, মাতার নাম বামাদেবী। জয়দেবের চরিতকারের ধারণা, তিনি খৃষ্টীয় ১২ শশতাব্দীতে বিদ্যমান ছিলেন। কিন্তু জয়দেব ইহাপেক্ষা পূর্ব্ব-যুগে অবতীর্ণ হইয়াছিলেন। কবিবর জয়দেব বাঙ্গালার শেষ রাজা গৌড়াধিপতি লক্ষ্মণসেনের রাজসভা অলঙ্কৃত করিতেন। দিল্লী মুসলমানাধিকৃত হইবার পূর্ব্ববর্ত্তী রাজা মাণিক্যচন্দ্রের আদেশে রচিত 'অলঙ্কারশেখরে' লিখিত আছে, জয়দেব উৎকলরাজের সভাকবি ছিলেন। লক্ষ্মণসেনের মহাসামন্ত বটুদাসের পুত্র শ্রীধরদাসের 'সূক্তি-কর্ণামৃতে' শ্রীজয়দেবের অমিয়াভ কাব্য উদ্ধৃত আছে। শ্রীগীতগোবিন্দের একখানি প্রাচীন পুথির পরিশেষে লিখিত আছে:—"অথ লক্ষ্মণসেন-নাম-নৃপতিসময়ে শ্রীজয়দেবস্য কবিরাজপ্রতিষ্ঠা।" 'শ্রীচৈতন্য-চরিতামৃতে' উক্ত আছে—শ্রীমন্মহাপ্রভু শ্রীচৈতন্যদেব শ্রীগীতগোবিন্দ-পাঠে অপার আনন্দ অনুভব করিতেন। তিনি নিজে স্থানে স্থানে

ব্যাখ্যা করিয়া ভক্ত-হৃদয়ে সুধা বর্ষণ করিতেন। তাহা হইলে স্পষ্টই মনে হয়, তিনি শ্রীমন্মহাপ্রভুর পূর্ব্ববর্ত্তী যুগে অবতীর্ণ হইয়াছিলেন।

বৈষ্ণব সাহিত্যের প্রাচীনতম মহাগ্রন্থ 'ভক্তমালগ্রন্থে' শ্রীজয়দেবের ভক্তিমাধুরী-রঞ্জিত জীবনী সন্নিবেশিত আছে। তাহার বর্ণনা এইরূপ :—

অতি অল্পবয়সেই শ্রীজয়দেব বৈরাগ্য গ্রহণ করিয়া শ্রীজগন্নাথক্ষেত্রে গমন করিয়া জগন্নাথদেবের সেবায় আত্মনিয়োগ করেন। উৎকলাধিপতি তাঁহাকে বিশেষ শ্রদ্ধা করিতেন, তাঁহাকে সভাকবির পদে প্রতিষ্ঠিত করিয়াছিলেন, তাঁহার ভক্তির প্রভাবে শ্রীজগন্নাথদেবও আকৃষ্ট হইয়াছিলেন।

সেখানে তাঁহার অনেকগুলি শিষ্য হইয়াছিল। পুত্রসন্তান না হওয়ায় এক জন ব্রাহ্মণ জগন্নাথদেবের সেবা করিয়া একটি সর্ব্বসুলক্ষণা কন্যা লাভ করিয়াছিলেন। কন্যাটি জগন্নাথদেবের পদে আত্মনিবেদিতপ্রাণা—ভক্তিমতী সুলক্ষণা—রূপগুণসংযুক্তা—নাম পদ্মাবতী। বিবাহযোগ্য বয়সে ব্রাহ্মণ শ্রীজগন্নাথদেবের শ্রীচরণকমলে কন্যাটিকে নিবেদন করিতে আসিলে তিনি প্রত্যাদেশ পাইলেন—"জয়দেব নামে এক ভক্ত সংসার ত্যাগ করিয়া সন্ন্যাসাশ্রম গ্রহণ করিয়াছে, তাহাকে তোমার ভক্তিমতী কন্যা সম্প্রদান কর।" ব্রাহ্মণ কন্যাটিকে আনিয়া শ্রীজয়দেবকে গ্রহণ করিতে বলিলে তিনি সংসার-বন্ধনে আবদ্ধ হইতে সম্মত হইলেন না। ব্রাহ্মণ পদ্মাবতীকে জয়দেবের নিকট রাখিয়া প্রস্থান করিলেন। জয়দেব পদ্মাবতীকে বলিলেন, "তোমার পিতা চলিয়া গেলেন—তোমার এ স্থানে একাকী থাকা সম্ভব নহে। তোমাকে কোথায় রাখিয়া আসিব, বল ?" ভক্তিস্নিগ্ধকণ্ঠে পদ্মাবতী উত্তর করিলেন—"শ্রীজগন্নাথদেবের প্রত্যাদেশে পিতা আপনার হস্তে আমাকে সমর্পণ করিয়াছেন—আপনি আমার স্বামী—দেবতা—আমি কায়মনোবাক্যে আপনার সেবা করিব।" জয়দেব পদ্মাবতীকে পরিহার করিতে পারিলেন না—গ্রহণ করিয়া সংসারী হইলেন; গৃহে শ্রীরাধামাধব-বিগ্রহ প্রতিষ্ঠা করিয়া তাঁহার সেবার ভার গুণবতী-পদ্মাবতীর উপর ন্যস্ত করিলেন। উভয়ের হৃদয়ে শ্যাম-প্রেমের লহরলীলা উচ্ছ্বসিত হইতে লাগিল—সেই উচ্ছ্বাসে উচ্ছ্বসিত হইয়া শ্রীগীতগোবিন্দ-কাব্যরূপে সেই প্রেমের মন্দাকিনীধারা বহিল।

শ্রীগীতগোবিন্দ লিখিবার কালে শ্রীজয়দেব প্রেম-ভক্তির সকল রসের মধুরোজ্জ্বল চিত্র—কল্পনার মোহন আবেশে ফুটাইয়া তুলিলেন বটে, কিন্তু মানপ্রকরণে শ্রীভগবান্ খণ্ডিতা নায়িকার পায়ে ধরিবেন, ইহা লিখিতে তাঁহার মত ভক্তের প্রাণে কেমন সঙ্কোচ বোধ হইতে লাগিল। তিনি মহাসমস্যায় পড়িলেন, অনেক চিন্তা করিয়াও

স্মরগরলখণ্ডনম্

মম শিরসি মণ্ডনম্—

পর্য্যন্ত লিখিয়া পাদপূরণ করিতে পারিলেন না। পুথি বন্ধ করিয়া সমুদ্রে স্নানার্থে গমন করিলেন। ভক্তের ব্যথা, আকুল নিবেদন বুঝিয়া স্বয়ং ভগবান্ আসিয়া ভক্তের সমস্যা পূরণ করিলেন—শ্রীহস্তে লিখিলেন—

"দেহি পদপল্লবমুদারম্॥"

স্বামী এইমাত্র স্নানে গেলেন, আবার তৎক্ষণাৎ গৃহে ফিরিয়া পুথি খুলিয়া লিখিতে আরম্ভ করিলেন দেখিয়া পতিব্রতা পদ্মাবতী জিজ্ঞাসা করিলেন, "প্রভু! এইমাত্র স্নানে গেলেন, এত সত্বর ফিরিয়া আসিলেন কেন?" জয়দেবরূপী শ্রীভগবান্ কহিলেন—"পথে কবিতার একটি ছন্দ মনে আসিল, বিস্মরণভয়ে সত্বর ফিরিয়া লিখিয়া গেলাম।"

পাদপূরণ করিয়া শ্রীভগবান্ প্রস্থান করিবার অনতিবিলম্বে জয়দেব স্নান সমাপন করিয়া গৃহে প্রত্যাগমন করিলেন। এইমাত্র লিখিয়া যাইতেছেন, আবার অবিলম্বে স্নান করিয়া ফিরিতে দেখিয়া পদ্মাবতী সবিস্ময়ে জিজ্ঞাসা করিলেন, "প্রভু, এইমাত্র পুথি লিখিয়া গেলেন, আবার এত সত্বর স্নান করিয়া ফিরিলেন কিরূপে?" বিস্মিত জয়দেব বলিলেন, "সে কি, আমি আবার ফিরিয়া পুথি লিখিলাম কখন্—আমি ত স্নান করিয়াই ফিরিতেছি।" পাদ্মাবতীর বিস্ময়ের সীমা রহিল না—তিনি বলিলেন, —"তবে আপনি—না—যিনি আপনার বেশে পুথি লিখিয়া গেলেন, কে আমার স্বামী?" বিস্মিত জয়দেব বস্ত্র পরিবর্ত্তন না করিয়াই পুথি খুলিলেন—যাহা দেখিলেন, তাহাতে পুলক-প্রেমাবেশে বাহ্যজ্ঞানশূন্য হইলেন —আনন্দের আতিশয্যে প্রেমাশ্রু বিগলিত হইতে লাগিল। ক্ষণবিলম্বে বাহ্যচেতনালাভ করিয়া উন্মাদের মত বলিতে লাগিলেন—"আমি ধন্য।

আমার গ্রন্থপ্রণয়ন সার্থক—ভগবান্ স্বয়ং এ কার্য্যে তাঁহার লীলামাধুরী বর্ণনায় সমস্যাপূরণ করিয়া স্বীয় কমল-করে দেবাক্ষরে লিখিয়াছেন—

"দেহি পদপল্লবমুদারম্"

পদ্মাবতীকে সম্বোধন করিয়া বলিলেন,—"ভগবৎপদে আত্মনিবেদিত-প্রাণা সাধ্বী তুমি ধন্য—তোমার জন্ম সার্থক, তুমি চর্ম্মচক্ষুতে ঋষিগণের অনন্তসাধনার কাম্য শ্রীভগবান্‌কে প্রত্যক্ষ দর্শন করিলে—আমি হতভাগ্য—আমার ভাগ্যে তাঁহার দর্শনলাভ ঘটিল না।" শ্রীগীতগোবিন্দ-রচনা সম্পূর্ণ হইলে ভক্তপ্রবর জয়দেব হস্তলিখিত পুথিখানি শ্রীশ্রীজগন্নাথদেবের শ্রীচরণ-সরোজে ভক্তিভরে সমর্পণ করিলেন।

তখন মুদ্রণ-যন্ত্রের ও সংবাদপত্রের প্রবর্ত্তন না হইলেও—লোকমুখে প্রেমভক্তির উচ্ছ্বাসে উচ্ছ্বসিত প্রাণমন-বিভ্রমকারী শ্রীগীতগোবিন্দ-গীতি শ্রবণ করিয়া ভক্ত, ভাবুক, পণ্ডিত ও সংসারী সকল সম্প্রদায় আত্মহারা হইতে লাগিলেন—শ্রীগীতগোবিন্দের মহিমার কথা দিকে দিকে প্রতিধ্বনিত হইতে লাগিল—বিদ্বজ্জনসমাজ একবাক্যে জয়-দেবের জয়গান করিতে লাগিলেন—অতুলনীয় কবিপ্রতিভার উচ্ছ্বসিত প্রশংসা করিতে লাগিলেন। 'ভক্তমালগ্রন্থে' একটি প্রবাদ উক্ত হইয়াছে :—

এক মালিনী শ্রীগীতগোবিন্দ গান করিতে করিতে ক্ষেত্রে কাজ করিতেছিল। শ্রীগীতগোবিন্দের ভক্তি-ঝঙ্কারে আকৃষ্ট হইয়া স্বয়ং শ্রীজগন্নাথদেব সেই ক্ষেত্রে প্রবেশ করেন, গান শুনিতে শুনিতে শ্রীভগবান্ এমন তন্ময় হন যে, তাঁহার শ্রীঅঙ্গের বস্ত্র ক্ষেত্রের কণ্টকে ও ধূলিতে পূর্ণ হয়। পরদিন উৎকল-রাজ শ্রীমন্দিরে গিয়া প্রভুর অঙ্গবস্ত্র ধূলি ও কণ্টকে পূর্ণ দেখিয়া পাণ্ডাদের নিকট কারণ জিজ্ঞাসা করিলে প্রত্যাদেশ পান, অমুক ক্ষেত্রের মালিনীর শ্রীগীতগোবিন্দ-গীতি-মাধুর্য্যে সম্মোহিত হইয়া চিত্ত-বিভ্রম ঘটিয়াছিল—সেই জন্যই অঙ্গ ধূলিধূসরিত ও কণ্টকিত হইয়াছে। রাজাদেশে তৎক্ষণাৎ শিবিকা পাঠাইয়া মালিনীকে শ্রীমন্দিরে আনাইয়া গীতগোবিন্দগীতি শ্রীজগন্নাথদেবকে প্রত্যহ শুনান হইতে লাগিল। তদবধি এখনও পর্য্যন্ত শ্রীমন্দিরে প্রত্যহ শ্রীগীতগোবিন্দ গীত হইয়া

থাকে। শ্রীমন্দিরে কোন দিন গীতগোবিন্দ গীত না হইলে সে দিন শ্রীজগন্নাথদেবের পূজা অসিদ্ধ হয়।

শ্রীগীতগোবিন্দ শ্রবণে শ্রীজগন্নাথদেবের এত প্রীতি দেখিয়া উৎকলরাজ নিজে একখানি গীতগোবিন্দ প্রণয়ন করিয়া জগন্নাথদেবের শ্রীচরণে অর্পণ করেন। পরদিন প্রাতে মন্দির খুলিলে সকলেই দেখিয়া বিস্মিত হইলেন, জগন্নাথদেব জয়দেবের গীতগোবিন্দখানি রাখিয়া রাজার গীতগোবিন্দখানি ফেলিয়া দিয়াছেন—রাজা এই সংবাদ শুনিয়া মর্ম্মাহত হইয়া সমুদ্রে ঝাঁপ্ দিয়া প্রাণত্যাগ করিবেন সঙ্কল্প করিলে দৈববাণী পাইলেন—"রাজা, মনঃক্ষোভ দূর কর—জয়দেবের গীতগোবিন্দের প্রথমেই তোমার দ্বাদশটি শ্লোক চিরদিন সন্নিবেশিত থাকিবে। দৈবাদেশ শ্রবণে রাজা আনন্দে আত্মহারা হইলেন; জীবন—সাধনা সার্থক জ্ঞান করিয়া আনন্দে নৃত্য করিতে লাগিলেন।

জয়দেবের উপরে ভগবানের অশেষ করুণা—জয়দেবের কষ্টে তিনি নিজে ব্যথিত হইতেন। ভক্তমালে জয়দেবের উপর ভগবানের স্নেহের কথায় লিখিত হইয়াছে, জয়দেব দরিদ্র—তিনি নিজে কুটীরের চাল ছাইতেছিলেন—ভীষণ রৌদ্রে ঘর্ম্মাপ্লুত হইতেছিলেন। ভগবান্ ভক্তের কষ্ট দেখিয়া আর স্থির থাকিতে পারিলেন না। তিনি ঘরের ভিতর হইতে চাল বাঁধিবার দড়ী জোগাইয়া দিতে লাগিলেন। জয়দেব মনে করিলেন, বুঝি পদ্মাবতী দড়ী তুলিয়া দিতেছেন; কিন্তু কার্য্যশেষে নামিয়া দেখেন, কেহ নাই—শ্রীরাধামাধবের হস্তে ঝুল-ময়লা লাগিয়াছে। তখন বুঝিলেন, ভক্তবৎসল শ্রীহরি তাঁহার জন্য এ কষ্ট স্বীকার করিয়াছেন। জয়দেব চরণে পড়িয়া এই অপার স্নেহের জন্য কাঁদিতে লাগিলেন। পদ্মাবতীর ভক্তিপ্রবাহে সম্মোহিত হইয়া শ্রীরাধামাধব এক দিন তাঁহার প্রদত্ত অন্নভোগ ভোজন করিয়া তাঁহার মনোবাঞ্ছা পূর্ণ করিয়াছিলেন।

শ্রীরাধামাধবের সেবার ও উৎসবের জন্য অর্থের প্রয়োজন হইল। ভক্তকবি জয়দেব দেশান্তরে অর্থসংগ্রহের আশায় যাত্রা করিলেন। পথে দস্যুরা ধরিয়া অর্থাদি কাড়িয়া লইয়া হস্তপদ কাটিয়া তাঁহাকে কূপের ভিতর ফেলিয়া দিল। মৃত্যুভয়হীন জয়দেব কূপমধ্যে থাকিয়া অসহ্য যন্ত্রণা অগ্রাহ্য করিয়া হরিধ্বনি করিতে লাগিলেন। তৃতীয় দিবসে মৃগয়া করিতে গিয়া এক

রাজা কূপমধ্যে হরিধ্বনি শুনিয়া জয়দেবকে উত্তোলন করিলেন—সমাদরে শিবিকায় তুলিয়া প্রাসাদে আনিলেন। জয়দেবের চারিত্র্যমাধুর্য্যে, কাব্য-প্রতিভা-প্রভাবে এবং তদীয় কণ্ঠে চিত্তবিমোহন গীতগোবিন্দগীতি শুনিয়া রাজা রাণী মুগ্ধ পুলকিত হইলেন। রাজা জয়দেবের পরিচয় লইয়া লোক ও শিবিকা পাঠাইয়া পদ্মাবতীকে প্রাসাদে আনয়ন করিলেন। বৈষ্ণবমন্ত্রে দীক্ষিত হইয়া ভক্তপ্রবর জয়দেবের নিকট শ্রীকৃষ্ণলীলাশ্রবণে, ভক্ত ও বৈষ্ণব-সেবায় ও দানে রাজা রাণী জীবন ধন্য করিতে লাগিলেন। এক দিন জয়দেবের নির্য্যাতনকারী দস্যুগণ বৈষ্ণববেশে রাজভবনে অতিথি হইল। জয়দেব উহাদিগকে চিনিয়াও যথাযোগ্য সম্মানে অতিথি-সেবার ব্যবস্থা করিয়া দিলেন; কিন্তু দস্যুগণ জয়দেবের মাহাত্ম্য না বুঝিয়া মনে করিল, বুঝি জয়দেব পূর্ব্বনির্য্যাতনের প্রতিশোধ লইবার জন্য অবসরের সুযোগ খুঁজিতেছেন। তাহারা আতিথ্য গ্রহণ না করিয়া পলায়নের জন্য ব্যস্ত হইল। ক্ষমাশীল জয়দেব তাহাদের অভিপ্রায় বুঝিয়া, রাজাকে বলিয়া তাহাদিগকে বহু অর্থ প্রদান করাইলেন এবং লোকজন সঙ্গে দিয়া বিদায় দিলেন। কিছু দূর গিয়া রাজ-অনুচরগণকে বিদায় দিয়া দস্যুগণ বলিল, "তোমাদের নিকট একটা গুপ্ত-রহস্য বলিব—গোপনে রাজাকে বলিবে—বৈষ্ণব হইবার পূর্ব্বে আমরা এক রাজার অনুচর ছিলাম। রাজা কোন বিশেষ কারণে তোমাদের ঐ মোহান্ত বাবাজীকে আমাদের হত্যা করিতে আদেশ করেন। আমরা তাঁহার হস্তপদ কাটিয়া ছাড়িয়া দিই। গুপ্তকথা প্রকাশের আশঙ্কায় তোমাদের ভণ্ড মোহান্ত রাজাকে অনুরোধ করিয়া আমাদের মুখ বন্ধ করিবার জন্য এই প্রভূত অর্থ প্রদান পূর্ব্বক আমাদিগকে সত্বর বিদায় প্রদান করিলেন।" এই কথা শেষ হইবামাত্র দুর্ব্বৃত্তগণ যেন কোন অজ্ঞাত শক্তির প্রভাবে তৎক্ষণাৎ ভূতলে প্রবিষ্ট হইল। ভৃত্যগণ সাধুদ্বেষী ব্যক্তির অদ্ভুত শাস্তি প্রত্যক্ষ করিয়া সেই অদ্ভুত ঘটনা রাজার নিকট নিবেদন করিল। তখন রাজার প্রশ্নের উত্তরে জয়দেব দস্যুগণের নির্য্যাতনকাহিনী বর্ণনা করিয়া বলিলেন—"পরহিংসা অকর্ত্তব্য, এই জন্যই আমি দুষ্টগণের শাস্তিবিধান না করিয়া শিষ্টব্যবহারে তুষ্ট করিবার প্রয়াস পাইয়াছিলাম। কিন্তু ভগবানের অমোঘ বিধানে তাহারা কর্ম্মফল ভোগ করিল।"

রাজমহিষীর সহিত পদ্মাবতীরও যথেষ্ট সৌহার্দ্দ জন্মিয়াছিল। একদা মহিষী ভ্রাতার মৃত্যুতে ভ্রাতৃবধূর সহমরণ জন্য রোদন করিতেছিলেন। সাধ্বী পদ্মাবতী বলিলেন,—"স্বামীর মৃত্যুতে পতিগতপ্রাণা নারীর প্রাণ শরীরে থাকে না।"—মহিষী এ কথা মনে করিয়া রাখিলেন। এক দিন তিনি পদ্মাবতীর কথার সত্যতা পরীক্ষার জন্য তাঁহাকে জয়দেবের আকস্মিক মৃত্যুসংবাদ প্রদান করিলেন। এই নিদারুণ সংবাদ পতিপ্রাণা পদ্মাবতীর কর্ণকুহরে প্রবেশমাত্র তিনি প্রাণত্যাগ করিলেন। মহিষী পদ্মাবতীর অতর্কিত মৃত্যু প্রত্যক্ষ করিয়া এবং নিজেই ইহার কারণ বুঝিয়া হাহাকার শব্দে রোদন করিতে লাগিলেন। মহিষী-প্রমুখাৎ পদ্মাবতীর নিধনসংবাদ শুনিয়া রাজা মহিষীকে যথেষ্ট অনুযোগ করিয়া জয়দেবের নিকটে সাশ্রুনেত্রে পদ্মাবতীকে জীবনদানের জন্য সকাতরে অনুরোধ করিলে সাধকপ্রবর জয়দেব পদ্মাবতীর কর্ণবিবরে শ্রীকৃষ্ণনামামৃত সিঞ্চন করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণনামের মৃতসঞ্জীবনী মন্ত্রপ্রভাবে দেখিতে দেখিতে পদ্মাবতী নয়ন উন্মীলন করিয়া সংজ্ঞালাভ করিলেন—যেন তিনি নিদ্রাবেশে আবিষ্ট হইয়াছিলেন।

অতঃপর শ্রীবৃন্দাবনধাম দর্শনের জন্য জয়দেবের আগ্রহ হইল। তিনি রাজা ও রাণীর নিকট বিদায় গ্রহণ করিয়া শ্রীরাধামাধববিগ্রহকে কণ্ঠে ধারণ পূর্ব্বক শ্রীবৃন্দাবনধামে যাত্রা করিলেন। শ্রীবৃন্দাবনধামে উপনীত হইয়া জয়দেব কেশিঘাট-তটে ইষ্টমূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া গীতগোবিন্দগানে সমবেত ভক্তজন-মণ্ডলীকে সম্মোহিত পুলকিত করিতে লাগিলেন। তাঁহার প্রাণস্পর্শী লীলাগান শ্রবণে,—তাঁহাদের সুমধুর চারিত্র্যমাধুর্য্যে আকৃষ্ট হইয়া কোন মহাজন কেশীঘাটের উপর মন্দির নির্ম্মাণ করিয়া তাঁহার ইষ্টদেব শ্রীরাধামাধববিগ্রহ প্রতিষ্ঠা করিয়া দিলেন। জয়দেবের তিরোধানের পর জয়পুর-রাজ সেই দিব্যমূর্ত্তি স্থানান্তরিত করিয়া জয়পুরের ঘাটী শ্রমক স্থানে প্রতিষ্ঠা করেন।

শ্রীবৃন্দাবনে দীর্ঘকাল বাস করিয়া জীবনের শেষাবস্থায় নির্জ্জনে সাধন-ভজন করিবার অভিপ্রায়ে শ্রীজয়দেব স্বীয় জন্মভূমি কেন্দুবিল্ব গ্রামে প্রত্যাগমন পূর্ব্বক ইষ্টচিন্তায় নিমগ্ন হন। তিনি প্রত্যহ গঙ্গাস্নান করিতেন। কেন্দুলী গ্রাম হইতে ১৮ ক্রোশ দূরে গঙ্গা অবস্থিত। জয়দেব

প্রত্যহ ১৮ ক্রোশ হাঁটিয়া গিয়া গঙ্গায় অবগাহন করিতেন। ঘটনাক্রমে এক দিন গঙ্গাস্নানে যাইতে না পারিয়া তিনি বড়ই মনঃক্ষোভে উদ্বিগ্ন হইয়া উঠেন। সাধকের চিত্তক্ষোভ দর্শনে আর্দ্র হইয়া—ভক্তের মনোব্যথা দূর করিবার জন্য মা গঙ্গা কেন্দুবিল্ব গ্রামে কলনাদে প্রবাহিতা হইয়া পূতসলিলে সমগ্র গ্রাম পবিত্র করিলেন। জয়দেব সে মন্দাকিনী-প্রবাহে স্নাত হইয়া জীবন ধন্য জ্ঞান করিলেন। স্বীয় জন্মভূমিতেই জয়দেবের সাধনলীলার পরিসমাপ্তি ঘটে। তাঁহার পবিত্র স্মৃতির স্মরণার্থ ও সম্মানার্থ এখনও পর্য্যন্ত এই স্থানে প্রতি বর্ষে মাঘ-সংক্রান্তির দিন শ্রীজয়দেবের মেলার অনুষ্ঠান হয়; অসংখ্য ভক্ত বৈষ্ণব সমবেত হইয়া জয়দেবের পুণ্যগাথা-গানে গগন-পবন মুখরিত করেন।

ইহাই জয়দেবের ভক্তি-উচ্ছ্বসিত সাধনাসমুজ্জ্বল অলৌকিক সংক্ষিপ্ত জীবনী। শুদ্ধা ভক্তি—আত্মশক্তির উপর বিশ্বাস না করিয়া শ্রীভগবানের চরণসরোজে আত্মনিবেদিতপ্রাণ হইলে—সর্ব্বজীবে সমকরুণার আলয় হইলে মানব সাধনাপ্রভাবে. যে জগজ্জনকল্যাণ করিতে পারে, এই অলৌকিক জীবনী তাহার মূর্ত্ত আদর্শ।

শ্রীশ্রীগীতগোবিন্দম্

প্রথমঃ সর্গঃ

(সামোদদামোদরঃ

মেঘৈর্মেদুরমম্বরং বনভুবঃ শ্যামাস্তমালদ্রুমৈ-
র্নক্তং ভীরুরয়ং ত্বমেব তদিমং রাধে গৃহং প্রাপয় ।
ইত্থং নন্দনিদেশতশ্চলিতয়োঃ প্রত্যধ্বকুঞ্জদ্রুমং,
রাধামাধবয়োর্জয়ন্তি যমুনাকূলে রহঃ-কেলয়ঃ ॥ ১ ॥

শ্রীচৈতন্যকৃপাশীধুকণোন্মত্তেন কেনচিৎ ।
টীকা সংগৃহ্যতে গীতগোবিন্দস্য সমাসতঃ ॥
স্বয়ং বোদ্ধুমভিপ্রায়ং জয়দেবমহামতেঃ ।
ক্রমেণোপক্রমাদেষা গ্রথ্যতে বালবোধিনী ॥

অথ শ্রীরাধামাধবয়োর্বিজন-কেলি-বর্ণনময়ং শ্রীগীতগোবিন্দাখ্যং প্রবন্ধমারভমাণস্তত্র চ তয়োঃ সর্ব্বোত্তমতাং নিশ্চিন্বানঃ শ্রীমান্ জয়দেব-নামা কবিরাজস্তমাল-বন-তমঃপুঞ্জ-কুঞ্জসদনাদ্বহিঃ স্থিতয়োস্তত্র প্রবেশায় গদিত-শ্রীরাধিকাসখীবচনমনুস্মরংস্তদেব মঙ্গলমাচরতি। তদ্বর্ণন-ময়ত্বাৎ প্রবন্ধোঽয়ং মঙ্গলরূপ ইতি বিজ্ঞাপয়তি মেঘৈরিতি।

"হে রাধিকে! নভোমণ্ডল নিবিড় জলদজালে সমাবৃত হইয়া উঠিল,

শ্রীরাধামাধবয়ো রহঃ-কেলয়ো জয়ন্তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্তন্তে। শ্রীকৃষ্ণস্য স্বয়ং ভগবত্ত্বেন সর্ব্বাবতারেভ্যঃ শ্রেষ্ঠত্বাৎ শ্রীরাধিকায়াঃ সর্ব্বলক্ষ্মীময়ীত্বেনাস্য সর্ব্বপ্রেয়সীভ্যঃ শ্রৈষ্ঠ্যাচ্চ। যথোক্তং শ্রীসূতেন,—এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিতি। তথা চ বৃহদ্গৌতমীয়ে—দেবী কৃষ্ণময়ী প্রোক্তা রাধিকা পরদেবতা। সর্ব্বলক্ষ্মীময়ী সর্ব্বকান্তিঃ-সংমোহিনী পরেতি। অতএবামুং মনোজ্ঞত্বং বিভ্রান্ বিধূয় সংপাদয়ন্ত্বি-ত্যর্থঃ। ভগবতঃ স্বরূপশক্তিবিশেষত্বাৎ কেলীনাং জয়কর্তৃত্বং যুক্তমেব। উৎকর্ষপ্রতিপত্তিরেব জয়তেরর্থঃ। সর্ব্বোৎকর্ষপ্রতিপত্তাবকর্ম্মকঃ যথা জয়তি রঘুবংশতিলক ইতি। ক জয়ন্তি? যমুনাকূলে। কিং লক্ষ্মী-কৃত্য?—প্রত্যধ্বকুঞ্জদ্রুমন্তং লক্ষ্মীকৃত্য তত্রেত্যর্থঃ। কীদৃশয়োঃ?—ইত্থমনেন প্রকারেণ নন্দয়তীতি নন্দঃ, স চাসৌ নিদেশশ্চেতি সঃ নন্দ-নিদেশঃ শ্রীরাধিকায়াঃ সখীবচনং তস্মাচ্চলিতয়োঃ। নিদেশমাহ,—হে রাধে! যতোঽসৌ নক্তং পূর্ব্বরাত্রৌ ত্বাং বিহায়ান্যাভিঃ কৃতনৃত্যগীতাদ্য-পরাধতয়া ভীরুঃ ভীতঃ ত্বৎকৃতবহুনায়িকাবল্লভতারোপণাশঙ্কী তস্মাত্ত্ব-মেবেমং ত্বন্নিমিত্তানুভূতমর্ম্মব্যথং শ্রীকৃষ্ণং গৃহং মঞ্জুতরেত্যাদি বক্ষ্যমাণং কেলিসদনং প্রাপয়, পুরঃ কেলিসদনমনুসরন্তী এতস্য কেলিসদনপ্রাপ্তা-বনুকূলা ভবেতি। অথবা ত্বমেবেমং গৃহং প্রাপয় গৃহস্থং কুরু, ত্বয়ৈবায়ং গৃহিণীমানস্বিত্যর্থঃ। এবকারেণ সমবধারণেন অস্যৈব ভার্য্যা ভবিতুং রুক্মিণ্যর্হতি নাপরেতি কুণ্ডিনবাসিজনানাং রুক্মিণীদেবীং প্রতি আশীর্ব্ব-চনং, ত্বমেব অস্য ভার্য্যা ভবেত্যাশীঃ সূচিতা। 'ন গৃহং গৃহমিত্যাহুর্গৃহিণী

বনভূভাগও শ্যামল তমালতরুনিকরে অন্ধকারময়, শ্রীকৃষ্ণ অতীব ভয়শীল, নিশাভাগে একাকী গমনে সমর্থ হইবেন না; সুতরাং তুমি

গৃহমুচ্যতে ইত্যুক্তেঃ। জ্যোৎস্নাবত্যামস্যাং জনাকুলায়াং ময়া কথমসৌ প্রবেশনীয়স্তত্র সময়ানুকূল্যমাহ। মেঘৈরম্বরমাকাশং মেদুরং স্নিগ্ধম্ আচ্ছাদিতমিত্যর্থঃ। অস্য প্রিয়ামিলনেচ্ছোদ্ভূতমেঘাবৃতশ্চন্দ্র ইত্যর্থঃ। বনভুবস্তমালদ্রুমৈঃ শ্যামাঃ নিবিড়ান্ধকারৈর্ লক্ষিতাঃ ততোঽত্র ন কাপি শঙ্কেত্যর্থঃ। এতদনন্তরমেবৈতল্লীলাবসরে সাপীদং বক্ষ্যতি অক্ষ্ণো-র্নিক্ষিপদঞ্জনমিত্যাদিনা। ততো বিশন্ বনং চন্দ্রজ্যোৎস্না যাবদ্বিভা-ব্যতে। তমঃ প্রবিষ্টমালক্ষ্য ততো নিবর্তুঃ স্ত্রিয় ইতি শ্রীশুকোক্তিরিয়ম্। জয়ত্যর্থেন নমস্কার আক্ষিপ্যতে ইতি কাব্যপ্রকাশোক্তের্নমস্ক্রিয়া সূচিতা। শ্রীরাধামাধবয়ো রহঃ-কেলয়োঽত্র প্রতিপাদ্যাঃ। অতো বস্তু-নির্দ্দেশোঽপি। এবং পঞ্চত্রয়প্রতিপাদনৈর্মহাকাব্যত্বমুক্তং যথা কাব্যা-দর্শে—সর্গবন্ধো মহাকাব্যমুচ্যতে তস্য লক্ষণম্। আশীর্নমস্ক্রিয়া বস্তু-নির্দ্দেশো বাপি তন্মুখমিতি। রাধামাধবয়োরিত্যনেন তয়োরন্যোন্যাব্যভি-চারিবিদ্যোতমানতা সূচিতা। যথোক্তং ঋক্পরিশিষ্টে—রাধয়া মাধবো দেবো মাধবেনৈব রাধিকা ইত্যাদি। রাধামাধবয়োরিত্যত্র সমাসেন তয়োঃ পরস্পরবিদ্যোতমানতা ব্যজ্যতে। শৃঙ্গাররসপ্রধানং হি কাব্যং, শৃঙ্গাররসে স্ত্রিয়া এব প্রাধান্যম্ ইতি শ্রীরাধায়াঃ প্রাঙ্নির্দ্দেশঃ ॥ ১ ॥

ইঁহাকে আপনার সমভিব্যাহারে লইয়া গমন কর।” নন্দকর্ত্তৃক এই-রূপ অনুজ্ঞপ্ত হইয়া বৃষভানুনন্দিনী শ্রীমতী রাধাসতী হরির সমভি-ব্যাহারে পথপ্রান্তবর্ত্তী কুঞ্জতল্পের অভিমুখে প্রস্থান করিলেন এবং কালিন্দী-কূলে সমুপস্থিত হইয়া বিরলে (মনসুখ) কেলি করিতে প্রবৃত্ত হইলেন। তাঁহাদিগের সেই গুপ্তকেলি ভগবদ্ভক্তিপরায়ণ মহাত্মগণের হৃদয়-মন্দিরে প্রস্ফুরিত হইয়া জয়লাভ করুক ॥ ১ ॥

বাগ্দেবতাচরিতচিত্রিতচিত্তসদ্মা,
পদ্মাবতীচরণচারণচক্রবর্ত্তী
শ্রীবাসুদেবরতিকেলিকথাসমেত-
মেতং করোতি জয়দেবকবিঃ প্রবন্ধম ॥ ২

এবমাদ্যৈকপদ্য-সূচিতকেলিস্ফুরণোপস্থাপিতানন্দ-পূরপ্লাবিতান্তঃকরণ-তয়া উদ্যৎকারুণ্যেনাধুনিকভক্তজনানুগ্রহপরবশঃ সন্ কবিরেতদ্ব্যক্তীকরণায় প্রবন্ধেনানুসংদধদাত্মনস্তৎসামর্থ্যং সমর্থয়ন্নাহ বাগ্দেবতেতি। জয়ং সর্ব্বোৎকৃষ্টং শ্রীকৃষ্ণং দেবয়তি দ্যোতয়তি স্বভক্ত্যা প্রকাশয়তীতি জয়-দেবঃ অতঃ স এব কবিস্তদ্বর্ণনকৃতী এতৎ শ্রীগীতগোবিন্দাখ্যং প্রবন্ধং প্রকর্ষেণ বিধ্যতে শ্রোতৃণাং হৃদয়মস্মিন্নিতি প্রবন্ধস্তং করোতি প্রকাশ-য়তি। শ্রোতৃহৃদয়বন্ধনশক্তিরস্য কথং স্যাৎ, অত আহ,—শ্রীরত্র রাধা বসুবংশেন দিবাতীতি বসুদেবো হি শ্রীনন্দঃ দ্রোণো বসূনাং প্রবর ইত্যুক্তেঃ তস্যাপত্যং বাসুদেবঃ শ্রীকৃষ্ণস্তয়োর্যাঃ রতিকেলিকথাস্তাভিঃ সহিতং তল্লীলাবিশেষবর্ণনরূপমিত্যর্থঃ। এবঞ্চেত্তৎ কথময়ং কর্ত্তুং শক্নু-য়াদত আহ বাচাং বক্তব্যত্বেনোপস্থিতানাং তৎকেলিময়ীনাং দেবতা বক্তা প্রবর্ত্তকশ্চ শ্রীকৃষ্ণস্তচ্চরিতেন চিত্ররূপেণ লিখিতং চিত্তরূপং সদ্ম মনো গৃহং যস্য সঃ ইন্দ্রিয়শক্তিদেবতাধীনা নিজেষ্টদৈবতং বাগ্দেবতাত্বেন রূপিতমতএব তৎকর্ত্তৃকত্বং, তত্রৈব পর্য্যবস্যেৎ; তথা চ চিত্তস্য ফলকত্বেন চরিত্রস্য চিত্রবিশেষত্বনিরূপণাদ্ যথা চিত্রবিশেষঃ ফলকমধিষ্ঠায় স্বয়মেব প্রকাশয়তি তথাত্রাপীত্যর্থঃ। এবং বাচাং মনসশ্চ মাধবপরতোক্তা। এতাবতাপি কথং তচ্ছক্তিরতঃ কায়িকবৃত্তেঃ শ্রীরাধিকাপরত্বমাহ। পদ্মং বিদ্যতে করে যস্যাঃ সা পদ্মাবতী শ্রীরাধা শরাবত্যাদীনামিত্যাদি গ্রহণা-

---

যাঁহার চিত্তমন্দির হরির চরিত-চিত্রে সমঙ্কিত, যিনি শ্রীরাধিকার

যদি হরিস্মরণে সরসং মনো,
যদি বিলাসকলাসু কুতূহলম্।
মধুরকোমলকান্তপদাবলীং,
শৃণু তদা জয়দেবসরস্বতীম্ ॥ ৩

দীর্ঘঃ তস্যাশ্চরণয়োর্নিমিত্তভূতয়োরেব চারণচক্রবর্ত্তী নর্ত্তকশ্রেষ্ঠঃ নৃত্যাদিনা সদা তদারাধনৎপর ইত্যর্থঃ। অনেন তৎপ্রধানোপাসনাত্মনো দর্শিতা ॥ ২ ॥

এবমাত্মনস্তদ্‌যোগ্যতামাপাদ্য সিদ্ধেঽপি প্রতিজ্ঞাতেঽর্থে চিত্তবিনোদকত্বাভাবাৎ কদাচিন্মন্দজনাঃ শ্রদ্ধা ন দধ্যুরিত্যধিকারিণোঽপি নিশ্চিন্বন্নাহ যদীতি। ভো ভক্তজন! যদি হরিস্মরণে শ্রীকৃষ্ণানুচিন্তনে মনঃ সরসং স্নিগ্ধং, যদি সবিলাসস্থ রাসকুঞ্জাদিলীলায়াঃ কলাসু বৈদগ্ধীচারুচেষ্টাসু কুতূহলং কৌতুকমস্তি, তদা জয়দেবকবেঃ সরস্বতীং বাণীং শৃণু। কীদৃশ্যসৌ? যস্যা এবাধিকারিণোঽপি নিশ্চিনোষীত্যাহ শৃঙ্গাররসপ্রাধান্যান্মধুরা ঝটিত্যর্থাবগতেঃ কোমলা গেয়ত্বাৎ কান্তা কমনীয়পদা পদাবলী পদশ্রেণী যস্যাস্তাম্। এভিঃ পদ্যৈঃ সম্বন্ধাভিধেয়-প্রয়োজনাধিকারিণোঽপি দর্শিতাঃ। রাধামাধবয়ো রহঃকেলয়োঽত্রাভিধেয়াঃ প্রতিপাদ্যপ্রতিপাদকভাবঃ সম্বন্ধঃ। তৎকেলীনামনুমোদনজনিতানন্দানুভবঃ প্রয়োজনং এতদ্রসভাবিতান্তঃকরণোঽধিকারী ॥ ৩ ॥

পাদপদ্মসেবনে নিরত, সেই মহাকবি নর্ত্তকপ্রবর জয়দেব শ্রীহরির রতিকেলিকথা-সম্বন্ধীয় এই গীতগোবিন্দনামক প্রবন্ধ রচনা করিতেছেন ॥ ২ ॥

হে ভক্তজন! যদি শ্রীকৃষ্ণস্মরণে চিত্ত রসপূর্ণ করিতে ইচ্ছা হয়, যদি বিলাসকলা-শিক্ষায় কৌতূহল বিদ্যমান থাকে, তাহা হইলে যাহা মধুর, কোমল ও রমণীয় পদাবলীতে গ্রথিত, সেই জয়দেবভারতী আকর্ণন কর ॥৩॥

বাচঃ পল্লবয়ত্যুমাপতিধরঃ সন্দর্ভশুদ্ধিং গিরাং,
জানীতে জয়দেব এব শরণঃ শ্লাঘ্যো দুরূহদ্রুতে।
শৃঙ্গারোত্তরসৎপ্রমেয়রচনৈরাচার্য্যগোবর্দ্ধনঃ,
স্পর্দ্ধী কোঽপি ন বিশ্রুতঃ শ্রুতিধরো ধোয়ী কবিক্ষ্মাপতিঃ ॥ ৪

অথৈতদাবেশেনৈবান্যত্র প্রাকৃতবর্ণনপ্রায়তামালোক্যাত্মনঃ প্রৌঢ়িমাবিষ্কুর্ব্বন্নাহ বাচ ইতি। উমাপতিধরনামা কবিঃ বাচঃ পল্লবয়তি বিস্তারয়তি মাত্রং, ন তু কাব্যগুণযুক্তাঃ করোতি ; পল্লবগ্রাহিতা দোষোঽস্য। শরণনামা কবিঃ দুরূহস্য দুর্জ্ঞেয়স্য কাব্যস্য দ্রুতে শীঘ্ররচনে শ্লাঘ্যঃ, ন তু প্রসাদাদিগুণযুক্তে। শৃঙ্গার এবোত্তরঃ শ্রেষ্ঠো যত্র তস্য সৎপ্রমেয়স্য সামান্যনায়কনায়িকাপ্রায়বর্ণনস্য রচনৈরাচার্য্যগোবর্দ্ধনস্য স্পর্দ্ধাবান্ কোঽপি ন বিশ্রুতঃ, ন রসান্তরবর্ণনৈঃ। ধোয়ীনামা কবিরাজঃ শ্রুতিধরঃ প্রসিদ্ধঃ শ্রবণমাত্রেণ গ্রন্থাধিকারী, ন তু স্বয়ং কবিতয়া। গিরাং শুদ্ধিং শোধনপ্রকারং জয়দেব এব জানীতে, কেবলভগবদ্গুণবর্ণনরূপং তদ্বাগ্বিসর্গো জনতাঘবিপ্লব ইত্যুক্তেঃ। অথবা দৈন্যোক্তিরিয়ং, যথা গিরাং সন্দর্ভশুদ্ধিং কিং জয়দেব এব জানীতে ন জানীত এব। যত্র উমাপতিধরঃ বাচঃ পল্লবয়তি. শরণো দুরূহদ্রুতে শ্লাঘ্যঃ, "গোবর্দ্ধনাচার্য্যস্য তুল্যো নাস্ত্যেব, ধোয়ী তু

কবিশ্রেষ্ঠ উমাপতি বাক্য পল্লবিত করিতে সুদক্ষ ; কঠিন পদবিন্যাসে ও দ্রুতলিখনে শরণের প্রশংসা সর্ব্বত্র বিখ্যাত ; আদিরসাত্মক ক্ষুদ্র ক্ষুদ্র সৎকবিতা-রচনায় গোবর্দ্ধনাচার্য্যের সদৃশ অন্য কাহাকেও লক্ষিত হয় না, কবিরাজ ধোয়ীর শ্রুতিধরতা সর্ব্বত্র প্রসিদ্ধ ;

(গীতম্)

(মালব-গৌড়রাগেণ রূপকতালেন চ গীয়তে)

প্রলয়পয়োধিজলে ধৃতবানসি বেদং,
বিহিতবহিত্রচরিত্রমখেদম্ ।
কেশব ধৃতমীনশরীর,
জয় জগদীশ হরে ॥ ৫ ॥ (ধ্রুবম্)

কবীনাং রাজা শ্রুতিধরশ্চ । যদ্যপি স্বয়ং দৈন্যেনৈবমুক্তং তথাপি সরস্বতী পূর্ব্বার্থমেব প্রমাণয়তি ॥ ৪ ॥

অথ তৎকেলীনাং সর্ব্বোৎকর্ষপ্রতিপাদনায়াদৌ সর্ব্বরসাশ্রয়স্য শ্রীকৃষ্ণস্য মৎস্যাদ্যবতারত্বেন সর্ব্বরসাধিষ্ঠাতুরখিলনায়কশিরোরত্নতাং প্রতিপাদয়ন্ সর্ব্বোৎকর্ষাবির্ভাবনং প্রার্থয়তি প্রলয়েত্যাদিনা বসন্তে বাসন্তীত্যন্তেন । কেশব ইতি কেশিদৈত্যনিসূদন শ্রীকৃষ্ণ । জয় সর্ব্বোৎকর্ষমাবিষ্কুরু, তদাবিষ্করণসামর্থ্যো হেতুঃ । হে জগদীশ ! জগতাং ঈশ ! তথাবিধত্বেঽপি কারুণ্যমাহ । হরে হরতি ভক্তানামশেষক্লেশমিতি হরিঃ । হে তথাবিধ ! তৎক্লেশহরত্বং তদেকপ্রয়োজনমাত্রাবতারত্বেন প্রতিপাদয়তি । তত্রাদৌ মীনরূপেণ নৌকারূপপৃথিব্যাকর্ষণেনাহ প্রলয়েতি । ধৃতং স্বেচ্ছয়াবিষ্কৃতং মৎস্যাকারং শরীরং যেন হে তথাবিধ ! জয় । জয় জগদীশ হরে ইত্যাদ্য ধ্রুবপদং প্রতিপদমনুবর্ত্তমানত্বাৎ । তদাকর্ষণপ্রকারমাহ ।—প্রলয়কালীনা যে সমুদ্রাস্তেষামেকীভূতে জলে মগ্নং বেদং অথেদং

কিন্তু সর্ব্বভাবগর্ভ, সর্ব্বরসাত্মক গ্রন্থরচনায় একমাত্র কবিশ্রেষ্ঠ জয়দেবই সমর্থ সন্দেহ নাই ॥ ৪ ॥

হে কেশব ! হে মীনদেহধারিন্ ! হে জগদীশ ! হে হরে ! প্রলয়সময়ে বেদত্রয় সাগর-গর্ভে নিমগ্ন হইলে তুমিই মীনরূপে নৌকার ন্যায়

ক্ষিতিরতিবিপুলতরে তিষ্ঠতি তব পৃষ্ঠে,
ধরণিধারণকিণচক্রগরিষ্ঠে ।
কেশব ধৃতকচ্ছপরূপ (কূর্ম্মশরীর),
জয় জগদীশ হরে ॥ ৬ ॥

যথা স্যাত্তথা ধৃতবানসি। তৎপ্রকারমাহ।—কৃতং নৌকায়াশ্চরিত্রং যত্র তৎ ইত্যপি ক্রিয়াবিশেষণং, সত্যব্রতং প্রলয়ক্লেশাদপাদিত্যর্থঃ। অনেনৈব মীনস্য বীভৎসরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ৫ ॥

ন কেবলং তদাকর্ষণমাত্রেণ অপি তু তদ্ধারণপূর্ব্বকস্থিত্যাপীত্যাহ ক্ষিতিরিতি। সর্ব্বত্র পূর্ব্ববন্মুখবন্ধযোজনা। হে ধৃতকচ্ছপরূপ! তব পৃষ্ঠে ক্ষিতিস্তিষ্ঠতি। নমু পঞ্চাশৎকোটিযোজনবিস্তীর্ণা কথং মম পৃষ্ঠে স্থিতা ইত্যাহ।—অতিশয়নে বিপুলতরে পৃথিব্যপেক্ষয়াপ্যধিকবিস্তীর্ণে। পুনঃ কীদৃশে?—ধরণ্যাঃ ধারণেন যৎ কিণচক্রং শুষ্কব্রণসমূহস্তেন কঠিনে। অনেন কূর্ম্মস্যাদ্ভুতরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ৬ ॥

সম্যক্‌রূপে সেই বেদের রক্ষাবিধান করিয়াছিলে; তুমি জয়যুক্ত হও ॥ ৫ ॥

হে কেশব! হে কূর্ম্মরূপধারিন্! হে জগদীশ! হে হরে! দ্বিতীয়াবতারসময়ে বসুমতী তোমার বিশালতর পৃষ্ঠদেশে অধিষ্ঠিত হইয়া পরিত্রাণ প্রাপ্ত হইয়াছিলেন। সেই সময় তোমার পৃষ্ঠদেশ পৃথিবীধারণে ব্রণাঙ্কিত হওয়াতে অধিকতর গৌরবান্বিত হইয়াছিল; তুমি জয়যুক্ত হও ॥ ৬ ॥

প্রথমঃ সর্গঃ

বসতি দশনশিখরে ধরণী তব লগ্না,
শশিনি কলঙ্ককলেব নিমগ্না ।
কেশব ধৃতশূকররূপ,
জয় জগদীশ হরে ॥ ৭ ॥

তব করকমলবরে নখমদ্ভুতশৃঙ্গং,
দলিতহিরণ্যকশিপুতনুভৃঙ্গম্ ।
কেশব ধৃতনরহরিরূপ,
জয় জগদীশ হরে ॥ ৮

ন চৈতাবতৈবোদ্বহনপূর্ব্বোদ্গমনেনাপীত্যাহ। হে ধৃতশূকররূপ ! তব দন্তাগ্রে ধরণী লোকধারণকর্ত্র্যপি লগ্না বসতি। কুত্র কেব ?—শশিনি চন্দ্রে নিমগ্না কলঙ্কস্য কলেব। অত্র দশনস্য বালচন্দ্রেণোপমা ধরণ্যাঃ কলঙ্ককলয়া, অতএব নিমগ্নশব্দস্য উপাদানম্। অনেনৈব বরাহস্য ভয়ানকরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ৭ ॥

নাত্মনঃ ক্লেশসহনমাত্রেণ পরপীড়য়াপীত্যাহ। হে ধৃতনরহরিরূপ ! তব করকমলবরে নখমস্তি। কীদৃশম্ ?—অদ্ভুতম্ আশ্চর্য্যং শৃঙ্গমগ্রভাগো যস্য তাদৃশম্। অদ্ভুতত্বমেবাহ।—বিদারিতো হিরণ্যকশিপোর্দৈত্যস্য তনুরূপভৃঙ্গো যেন তৎ। অন্যদ্ধি কমলাগ্রং ভৃঙ্গেণ দল্যতে ইদন্তু

হে কেশব ! হে শূকররূপধারিন্ ! হে জগদীশ ! তৃতীয়াবতারে ধরণী-দেবী তোমার বিমল-দন্তাগ্রকোটিতে সংলগ্ন হইয়া শশধরে কলঙ্করেখার ন্যায় বিরাজিত হইয়াছিলেন ; হে হরে ! তুমি জয়যুক্ত হও ॥ ৭ ॥

হে কেশব ! হে নরসিংহরূপধারিন্ ! হে জগদীশ ! ভ্রমরেরা পদ্মের অগ্রভাগ ভেদ করিয়া থাকে ; কিন্তু তোমার করপদ্মে নখরূপ অত্যদ্ভুত

ছলয়সি বিক্রমণে বলিমদ্ভুতবামন,
পদনখনীরজনিতজনপাবন।
কেশব ধৃতবামনরূপ,
জয় জগদীশ হরে ॥ ৯ ॥

ক্ষত্রিয়রুধিরময়ে জগদপগতপাপং,
স্নপয়সি পয়সি শমিতভবতাপম্।
কেশব ধৃতভৃগুপতিরূপ,
জয় জগদীশ হরে ॥ ১০ ॥

কমলাগ্রং ভৃঙ্গং ব্যদালীদিত্যদ্ভুতশৃঙ্গত্বং নখস্যেত্যর্থঃ। অনেনৈব শ্রীনৃসিংহস্য বৎসলরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ৮ ॥

অপিচ কপটদৈন্যাদিনাপীত্যাহ। হে ধৃতবামনরূপ! হে অদ্ভুতবামনরূপ! বিক্রমণে পাদাক্রমণনিমিত্তমুপাদায় বলিং ছলয়সি বঞ্চয়সি। পদনখনীরেণ জনিতং জনানাং পাবিত্র্যং যেন হে তাদৃশ! জয় এতদদ্ভুতত্বম্। অনেনৈব বামনস্য সখ্যরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ৯ ॥

ন সকৃন্মাত্রপরপীড়য়া অসকৃত্তৎপীড়য়াপীত্যাহ। হে ভৃগুপতিরূপ! ক্ষত্রিয়াণাং যদ্রুধিরং তন্ময়ে পয়সি জলে জলরূপে কুরুক্ষেত্রস্থতীর্থে জগৎ

শৃঙ্গাগ্রভাগ প্রকাশিত হইয়া হিরণ্যকশিপুর দেহরূপ ভ্রমরকে বিদীর্ণ করত অদ্ভুত গুণ প্রকাশ করিয়াছিল; হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ৮ ॥

হে কেশব! হে বামনাবতার! হে জগদীশ! ত্বদীয় চরণনখাগ্র হইতে বিনিঃসৃত জলে বিশ্বসংসার পবিত্রভাব ধারণ করিয়াছে, তুমি বামনরূপী হইয়া ত্রিপাদ দ্বারা জগৎ আক্রমণপূর্ব্বক দৈত্যনাথ বলিকে ছলনা করিয়াছিলে; হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ৯ ॥

হে কেশব! হে ভৃগুরামাবতার! হে জগদীশ! তুমি পিতৃবধজনিত

বিতরসি দিক্ষু রণে দিক্‌পতিকমনীয়ং,
দশমুখমৌলিবলিং রমণীয়ম্ ।
কেশব ধৃতরামশরীর,
জয় জগদীশ হরে ॥ ১১ ॥

প্রাণিমাত্রং অপগতপাপং যথা স্যাত্তথা স্নপয়সি । কীদৃশম্ ?—তেন স্নপনেন শমিতঃ সংসারতাপো যস্য তাদৃশঃ । তৎস্নানেন পাপক্ষয়াৎ জ্ঞানোৎপত্ত্যা ভবতাপশান্তিরিত্যর্থঃ । অনেনৈব পরশুরামস্য রৌদ্ররসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ । ১০ ॥

ন চৈতাবতা প্রিয়াবিয়োগাদিদুঃখসহনেনাপীত্যাহ । হে ধৃতরঘুপতিরূপ ! সংগ্রামে দশসু দিক্ষু রাবণস্য যে মস্তকাস্ত এবোপহারস্তং দদাসি । কিমত্যচেতনাসু দিক্ষু বলিদানং দিশাং পতীনামিন্দ্রাদীনামভীষ্টং তৈরপি কথং স বলিঃ কাঙ্ক্ষ্যতে, রমণীয়ং পরোদ্বেজকস্য রাবণস্য মৌলিবলিস্তষাং রাতজনক ইত্যর্থঃ । অনেনৈব শ্রীরামস্য করুণরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ১১ ॥

ক্ষৌণিভরে অন্ধ হইয়া ক্ষত্রিয়-রুধিরে বসুমতীকে অভিষিক্ত করিয়া ব্রহ্মাণ্ডের পাপতাপ হরণ করিয়াছিলে; হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ১০ ॥

হে কেশব! হে রামাবতার! হে জগদীশ! তুমি দশানন-সংহারকালে দশদিক্‌পালকুলের চিরবাঞ্ছিত রাক্ষসরাজের দশমুণ্ড বলিরূপে প্রদান করিয়াছিলে; হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ১১ ॥

বহসি বপুষি বিশদে বসনং জলদাভং,
হলহতিভীতিমিলিতযমুনাভম্ ।
কেশব ধৃতহলধররূপ,
জয় জগদীশ হরে ॥ ১২ ॥
নিন্দসি যজ্ঞবিধেরহহ শ্রুতিজাতং,
সদয়হৃদয়দর্শিতপশুঘাতম্ ।
কেশব ধৃতবুদ্ধশরীর,
জয় জগদীশ হরে ॥ ১৩ ॥

নৈতাবন্মাত্রং স্বপ্রেয়সী-শ্রমরূপ-ক্লেশাপনোদনায়াত্মভক্তযমুনাকর্ষণাদিনাপ্যাহ। হে ধৃতহলধররূপ! 'ত্বং শুভ্র বপুষি জলদবন্নীলং বসনং ধারয়সি। তত্রোৎপ্রেক্ষ্যতে,—হলেন হাতির্হননং তদ্ভীত্যা মিলিতা যমুনা তদ্বদাভা যস্য তৎ। অনেনৈব শ্রীহলধরস্য হাস্যরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ১২ ॥

কিঞ্চ নিজাজ্ঞারূপবেদবিরুদ্ধবাদপ্রবর্ত্তনেনাপীত্যাহ। ত্বং যজ্ঞবিধের্যজ্ঞবিধায়কবেদবাক্যসমূহং নিন্দসীত্যহহেত্যদ্ভুতং স্বয়ং বেদান্ প্রকাশ্য স্বয়মেব নিন্দসীত্যদ্ভুতম্। তৎপ্রকারমাহ।— দর্শিতঃ পশূনাং ঘাতো যত্র তদ্‌যথা স্যাত্তথা কথং নিন্দসীত্যাহ। পশুষু সদয়ং হৃদয়ং যস্য হে

হে কেশব! হে বলদেবরূপিন্! হে জগদীশ! তুমি বলরামরূপে জলদশ্যামল নীলাম্বর ধারণপূর্ব্বক হলাকর্ষণভয়ে সঙ্কুচিতা কালিন্দীর ন্যায় শোভা ধারণ করিয়াছিলে; হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ১২ ;

হে কেশব! হে বুদ্ধশরীরধর! হে জগদীশ! পশুবধদর্শনে তোমার সকরুণ কোমল হৃদয় আর্দ্রীভূত হইলে তুমি হিংসার দোষপ্রদর্শনপূর্ব্বক

ম্লেচ্ছনিবহনিধনে কলয়সি করবালং,
ধূমকেতুমিব কিমপি করালম্।
কেশব ধৃতকল্কিশরীর,
জয় জগদীশ হরে ॥ ১৪ ॥
শ্রীজয়দেবকবেরিদমুদিতমুদারং,
শৃণু শুভদং সুখদং ভবসারম্।
কেশব ধৃতদশবিধরূপ,
জয় জগদীশ হরে ॥ ১৫ ॥

তাদৃশ অহিংসা পরমো ধর্ম্ম ইত্যাদিনা দৈত্যমোহনায় পশুষু দয়াসহিত ইত্যর্থঃ। অহেঃ পয়ঃ পোষ ইব দৈত্যানাং যজ্ঞকরণমনুচিতমিতি তন্মোহনং যুক্তমিত্যর্থঃ। অনেনৈব বুদ্ধস্য শান্তরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ১৩ ॥

বুদ্ধধর্ম্মং বিনা প্রাণিবধেনাপীত্যাহ। হে ধৃতকল্কিশরীর! ত্বং ম্লেচ্ছনিবহস্য নাশনিমিত্তং করবালং খড়্গং কলয়সি, কলিহল্যোঃ কামধেনুত্বাদ্ধারয়সি। কীদৃশম্?—কিমপি অনির্ব্বচনীয়ং অতিশয়মিত্যর্থঃ। করালং ভয়ঙ্করম্। কমিব?—ধূমকেতুনামা য ঔৎপাতিকো গ্রহস্তমিব। অনেনৈব কল্কিনো বীররসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ১৪ ॥

এবং প্রত্যেকাঙ্গরসাধিষ্ঠাতৃপুরস্কারেণ নিবেদ্য সমুদিতাঙ্গরসাধিষ্ঠাতৃ-

---

যজ্ঞবিধানপ্রবর্ত্তক বেদের অপবাদ দিয়াছিলে; হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ১৩ ॥

হে কেশব! হে কল্কিরূপিন্! হে জগদীশ! তুমি যুগাবসানে ম্লেচ্ছকুলের সংহারার্থ ধূমকেতুর ন্যায় আবির্ভূত হইয়া করকমলে ভীষণদর্শন অসি ধারণ করিবে; হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ১৪ ॥

হে কেশব! হে দশাবতারধারিন্! হে জগদীশ! কবিশ্রেষ্ঠ শ্রীজয়দেব

বেদানুদ্ধরতে জগন্তি বহতে ভূগোলমুদ্বিভ্রতে,
দৈত্যান্ দারয়তে বলিং ছলয়তে ক্ষত্রক্ষয়ং কুর্ব্বতে।
পৌলস্ত্যং জয়তে হলং কলয়তে কারুণ্যমাতন্বতে,
ম্লেচ্ছান্ মূর্চ্ছয়তে দশাকৃতিকৃতে কৃষ্ণায় তুভ্যং নমঃ॥ ১৬॥

পুরস্কারেণ নিবেদয়তি। হে দশাবিধরূপ শ্রীকৃষ্ণ! জয়। জয়দেবকবে-র্ম্মমেদমুদিতং শৃণু। কীদৃশম্?—শুভদং জগন্মঙ্গলপ্রদম্। যতো ভবস্য জন্মনঃ ত্বদবতারাণাং সারং রহস্যং যত্র তৎ, অতএবোদারং পরমং মহৎ সুখদং পরমানন্দপ্রদং জন্ম গুহ্যমিতি শ্রীসূতোক্তেঃ॥ ১৫॥

অথ বর্ত্তমানপ্রত্যয়েরবতারাণাং তত্তল্লীলানামপি নিত্যত্বপ্রতিপাদ-নেন শ্রীকৃষ্ণস্য নিত্যং তত্তদবতারলীলত্বং বক্তুং উক্তগীতার্থমেকশ্লোকেন নিবধ্নাহ বেদানিতি। দশাবতারান্ কুর্ব্বতে শ্রীকৃষ্ণায় সর্ব্বাকর্ষণানন্দায় তুভ্যং নমোঽস্তু। দশাকৃতিত্বং প্রকটয়ন্নাহ। মীনরূপেণ বেদোদ্ধরণং কূর্ব্বতে, কূর্ম্মরূপেণ ভুবনানি বহতে, বরাহরূপেণ পৃথিবীমণ্ডলমূর্দ্ধং নয়তে, নৃসিংহরূপেণ হিরণ্যকশিপুং দারয়তে, বামনরূপেণ বলিং ছলয়তে, ছলেন

যাহা বর্ণনা করিতেছেন, ইহা মনোরম, কল্যাণপ্রদ, সুখকর ও সংসারের সারভূত; তুমি ইহা আকর্ণন কর; তুমি জয়যুক্ত হও॥ ১৫॥

তুমি মৎস্যাবতারে বেদের উদ্ধারসাধন করিয়াছ, কূর্ম্মাবতারে বসু-মতীকে পৃষ্ঠোপরি বহন করিয়াছ, বরাহরূপ ধারণপূর্ব্বক ধরণীকে ঊর্দ্ধে সমুত্তোলন করিয়াছ, নরসিংহমূর্ত্তি ধারণ করিয়া হিরণ্যকশিপুর বিশাল বক্ষ বিদীর্ণ করিয়াছ, বামনাবতারে ত্রিপাদভূমিপ্রার্থনাচ্ছলে দৈত্যনাথ বলিকে প্রবঞ্চিত করিয়াছ, পরশুরামরূপী হইয়া ক্ষত্রিয়কুল সংহার করিয়াছ, রামাবতারে রাক্ষসরাজ রাবণকে পরাভূত করিয়াছ,

(গীতম্)

(গুর্জ্জরীরাগেণ নিঃসারতালেন চ গীয়তে)

শ্রিতকমলাকুচমণ্ডল ধৃতকুণ্ডল (এ)
কলিতললিতবনমাল ! জয় জয় দেব হরে ॥ ১৭ ॥ (ধ্রুবম্)

ব্যাজেনাত্মসাৎ কুর্ব্বতে, পরশুরামরূপেণ দুষ্টক্ষাত্রিয়াণাং নাশং কুর্ব্বতে, শ্রীরামরূপেণ রাবণং জয়তে, বলভদ্ররূপেণ দুষ্টদমনায় হলং ধারয়তে, বুদ্ধরূপেণ কারুণ্যং বিস্তারয়তে. কল্কিরূপেণ ম্লেচ্ছান্নাশয়তে। অনেনৈব সর্ব্বাবতারিত্বেন শ্রীকৃষ্ণস্য সর্ব্বরসত্বং সিদ্ধম্ ॥ ১৬ ॥

অথ তেনৈব সর্ব্বোপাস্যত্বেঽপি ধ্যেয়বিশেষত্বং বদন্ শ্রীকৃষ্ণস্য সর্ব্বনায়কশিরোরত্নতাপ্রতিপাদনায় ধীরোদাত্তত্বাদি-চতুর্ব্বিধ-নায়ক-গুণসমন্বয়েন সর্ব্বোৎকর্ষাবির্ভাবনং প্রার্থয়তে শ্রিতকমলেত্যাদিভিঃ। তত্র পরমব্যোমনাথত্বেন ধীরললিতত্বমাহ। শ্রিতমাশ্রিতং লক্ষ্ম্যাঃ কুচমণ্ডলং যেন হে তাদৃশ! অনেন বিদগ্ধত্বপরিহাসবিশারদত্বপ্রেয়সীবশত্বানশ্চিন্তত্বানি সূচিতানি। অতএব ধৃতে কুণ্ডলে যেন হে তাদৃশ! ধৃতা সুন্দরী বনমালা যেন হে তাদৃশ! অনেন বিশেষণদ্বয়েন নবতারুণ্যং তেনৈব বেশবিন্যাসসিদ্ধেঃ। হে দেব! হে হরে! জয় উৎকর্ষমাবিষ্কুরু। ইতি সর্ব্বত্র যোজনা নিষ্পাদ্যাহবিশেষেণ। জয় জয় দেব হরে ইতি ধ্রুবপদম্ ॥ ১৭ ॥

বলরামরূপী হইয়া হল-করে বিরাজ করিয়াছ, বুদ্ধরূপে সংসারে সকলের প্রতি দয়া প্রদর্শন করিয়াছ, অবশেষে কল্কিরূপে ম্লেচ্ছকুলকে বিমোহিত করিবে। হে দশাবতারধারিন্! হে কৃষ্ণ! তোমাকে প্রণাম ॥ ১৬ ॥

হে পদ্মাপয়োধরবিহারিন! হে কুণ্ডলধারিন্! হে মনোহরবনমালাধর! হে দেব! হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ১৭ ॥

দিনমণিমণ্ডলমণ্ডন ভবখণ্ডন (এ)
মুনিজনমানসহংস ! জয় জয় দেব হরে ॥ ১৮ ॥
কালিয়বিষধরগঞ্জন জনরঞ্জন (এ)
যদুকুলনলিন-দিনেশ ! জয় জয় দেব হরে ॥ ১৯

অথ সূর্য্যমণ্ডলান্তর্ধৈর্য্যত্বেন ধীরশান্তত্বমাহ। সূর্য্যমণ্ডলং মণ্ডয়তি ভূষয়তীতি হে তথাবিধ ! জয়। ইতি ক্লেশসহনত্বং বিনয়াদিগুণোপেতত্বঞ্চ ; অতএব মননশীলানাং মানসহংস ! মানসে সরসি হংস ইব সদা তচ্চিত্তে স্থিত ইত্যর্থঃ ; অতএব সমপ্রকৃতিকত্বং বিনয়াদিগুণোপেতত্বঞ্চ ; তেন তৎসংসারং নাশয়তীতি হে তাদৃশ ইতি বিবেচকত্বম্ ॥ ১৮ ॥

নিজোপাস্যত্বেনাপি ধ্যেয়বিশেষত্বেন ধীরোদ্ধতত্বমাহ দ্বাভ্যাম্। কালিয়-নামা বিষধরঃ সর্পস্তস্য গঞ্জন। জনান্ ব্রজজনান্ রঞ্জয়তীতি হে জনরঞ্জন ! কিমিতি তান্ রঞ্জয়ামীত্যাহ। যদুকুলমেব নলিনং তস্য দিনেশ সূর্য্য ইব। যাদবানাং হিতার্থায় ধৃতো গিরিবরো ময়া ইত্যাদি বচনাদ্গোপা এব যাদবা, অতো গোকুলপ্রকাশক ইত্যর্থঃ। কালিয়েতি মাৎসর্য্যবত্ত্বং জন-রঞ্জনেতি যদুকুলেতি চ অহঙ্কারিত্বং তদন্তয়া মমতয়া চ জনরঞ্জনাদি-সিদ্ধেঃ ॥ ১৯ ॥

হে ভাস্করমণ্ডলভূষণ ! হে ভবদুঃখহারিন্। তুমি মননশীল মুনিবৃন্দের চিত্তগত পরব্রহ্ম ; তুমি জয়যুক্ত হও ॥ ১৮ ॥

হে কালিয়দর্পহারিন্ ! হে জনমানসরঞ্জন ! তুমি যদুবংশরূপ কমলিনীর ভাস্করস্বরূপ ; তুমি জয়যুক্ত হও ॥ ১৯ ॥

মধুমুরনরকবিনাশন গরুড়াসন (এ)
সুরকুলকেলিনিদান ! জয় জয় দেব হরে ॥ ২০ ॥
অমলকমলদললোচন ভবমোচন (এ)
ত্রিভুবনভবননিধান ! জয় জয় দেব হরে ॥ ২১ ॥
জনকসুতাকৃতভূষণ জিতদূষণ (এ)
সমরশমিতদশকণ্ঠ ! জয় জয় দেব হরে ॥ ২২ ॥

তস্যৈব দ্বারকাদুপাস্যত্বেনাহ। মধুমুরনরকান্ বিনাশয়তীতি হে তথাবিধ ! জয়। গরুড়ঃ পক্ষিরাজঃ স এব আসনং যস্য হে তাদৃশ ! সুরকুলকেলীনাং নিদানং আদিকারণং হে তাদৃশ ! এতৈর্মায়াবিত্বাদিচতুষ্টয়ম্ ॥ ২০ ॥

সর্ব্বতাপোপশমনপূর্ব্বকসর্ব্বাভীষ্টপ্রদতয়া দেবসাহায্যকরূপেণ ধীরোদাত্তত্বমাহ দ্বাভ্যাম্। নির্ম্মলকমলদলে ইব তাপশমকে লোচনে যস্য হে তাদৃশ ! জয় ইতি। তাদৃশলোচনোপলক্ষিতগম্ভীরত্বং কথং তাপশমকং অত আহ।—ভবং সংসারং মোচয়তীতি হে তাদৃশ ! ইতি করুণত্বম্। তদপি কুতঃ ?—ত্রিভুবনানাং ভবনস্য নিধানো নিধিরিব কারণং জনক ইত্যর্থঃ। ইতি বিনয়িত্বম্ ॥ ২১ ॥

জনকসুতয়া কৃতং ভূষণং যস্য হে তাদৃশ ! জয়। ইতি সুদৃঢ়ব্রতত্বম্।

হে মধুসূদন ! হে মুররিপো ! হে নরকাসুরধ্বংসকারিন্। হে গরুড়বাহন ! তুমি অমরনিকরের কেলিকলাপের মূলীভূত কারণ ; তুমি জয়যুক্ত হও ॥ ২০ ॥

হে অম্লানকমললোচন ! তোমার কৃপাতেই ভববন্ধন-বিমোচন হয়, তুমিই ত্রিসংসারস্থিতির একমাত্র আধার ; তুমি জয়যুক্ত হও ॥ ২১ ॥

হে হরে ! হে দেব ! হে জানকীবিভূষণ ! হে দূষণনাশিন্ ! তুমি সংগ্রামে দশাননকে পরাভূত করিয়াছ, তুমি জয়যুক্ত হও ॥ ২২ ॥

অভিনবজলধরসুন্দর ধৃতমন্দর (এ)
শ্রীমুখচন্দ্রচকোর জয় জয় দেব হরে ॥ ২৩ ॥
তব চরণে প্রণতা বয়মিতি ভাবয় (এ)
কুরু কুশলং প্রণতেষু, জয়-জয় দেব হরে ॥ ২৪

জিতো দূষণস্তন্নামা রাক্ষসো যেন হে তাদৃশ ! ইত্যকথনত্বম্। সংগ্রামে শমিতঃ রাবণো যেন হে তাদৃশ ! ইতি ক্ষন্তৃত্বগূঢ়গর্ব্বত্বসুসত্ত্বভৃত্ত্বানি ॥ ২২ ॥

অস্মিন্ ধীরললিতমুখ্যত্বপ্রতিপাদনায় অজিতরূপত্বেন সংপ্লুটিতমিব পুনস্তমেবাহ অভিনবেতি। হে নবীন-মেঘবৎ সুন্দর ! জয়। ধৃতো মন্দরস্তন্নামা গিরির্যেন হে তাদৃশ ! ক্ষীরাব্ধিমথন ইত্যধিগন্তব্যম্। আভ্যাং নবতারুণ্যং তদধিগমশ্চ। কুতঃ ?—শ্রিয়ঃ সমুদ্রমথনাবির্ভূতায়া মুখচন্দ্রে চকোর ইব সলালস ইতি প্রেয়সীবশত্বম্। এতেষু কেচিদ্‌গুণা অংশেন শ্রীকৃষ্ণে সর্ব্ব এব পূর্ণতয়া বিরাজন্ত ইতি সর্ব্বোৎকর্ষত্বম্। অতো-হত্রাপি নবপদৈঃ সমাপ্তিঃ ॥ ২৩ ॥

অথ স্বসহিতেষু তৎশ্রোতৃবর্গেষু প্রসাদং প্রার্থয়তে। হে শ্রীকৃষ্ণ ! তব চরণে বয়ং প্রণতা ইতি ভাবয় জানীহি। ইতি জ্ঞাত্বা কিং কর্ত্তব্যম্ ?—প্রণতেষু অস্মাসু কুশলং তল্লীলানুভবসামর্থ্যং কুরু দেহি। তল্লীলানুভবস্য স্বৎপ্রসাদং বিনানুপপত্তেঃ। পরমানন্দরূপত্বাদিত্যর্থঃ ॥ ২৪ ॥

হে নবীন-নীরদ-শ্যামল-মনোহারিন্ ! হে মন্দরধারিন্ ! তুমি কমলার বিধুবদনের চকোর-স্বরূপ ; হে দেব ! হে হরে ! তুমি জয়যুক্ত হও ॥ ২৩ ॥

হে দেব ! হে হরে ! আমি তোমার চরণকমলে প্রণাম করিতেছি, ইহা বিদিত হইয়া প্রণত ব্যক্তিকে শক্তিপ্রদান ও তাহার কল্যাণ-বিধান কর ; তুমি জয়যুক্ত হও ॥ ২৪ ॥

শ্রীজয়দেবকবেরিদং কুরুতে মুদং (এ)
মঙ্গলমুজ্জ্বলগীতি জয় জয় দেব হরে ॥ ২৫ ॥

পদ্মাপয়োধরতটীপরিরম্ভলগ্ন-কাশ্মীরমুদ্রিতমুরো মধুসূদনস্য ।
ব্যক্তানুরাগমিব খেলদনঙ্গখেদ-স্বেদাম্বুপূরমনুপূরয়তু প্রিয়ং বঃ ॥ ২৬ ॥

অত্র স্বানুভবং প্রমাণয়তি। ইদং জয়দেবকবের্মম মুদং করোতি। ইদমিতি কিম্ ?—মঙ্গলং মঙ্গলাচরণমাত্রম্। কীদৃশম্ ?—উজ্জ্বলস্য শৃঙ্গারস্য গীতির্গানং যত্র তৎ। এবঞ্চেৎ কিমুত কেলীনামিত্যর্থঃ ॥ ২৫ ॥

এবং প্রার্থ্য শ্রোতৃন্ প্রতি আশিসমাতনোতি পদ্মেতি। মধুসূদনস্য বক্ষ্যমাণরীত্যা শ্রীকৃষ্ণস্য উরো বো যুষ্মাকং প্রিয়ং বাঞ্ছিতং অনু নিরন্তরং পূরয়তু। কীদৃশম্ ?—পদ্মা শ্রীরাধা তস্যাঃ পয়োধরপ্রান্তভাগপরিরম্ভ-লগ্নকুঙ্কুমেন মুদ্রিতং অঙ্কিতং মুদ্রাং প্রাপিতমিত্যর্থঃ। অত্রান্যা মা বিশতু ইত্যভিপ্রায়েণৈবেতি ভাবঃ। অতএব খেলতা অনঙ্গেন যঃ খেদস্তেন স্বেদাম্বূনাং পূরঃ প্রবাহো যত্র তৎ। তত্রোৎপ্রেক্ষ্যতে।—ব্যক্তঃ প্রকটী-ভূতোঽনুরাগো যত্র তদিব। অন্তরুচ্ছলিতঃ প্রিয়ানুরাগো বহিঃ কাশ্মীর-রূপেণ উরসি আবির্ভূত ইত্যর্থঃ ॥ ২৬ ॥

জয়দেবকবি এই শৃঙ্গাররসগর্ভ কল্যাণময়ী গীতিকা রচনা করিতে-ছেন; হে দেব! হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ২৫ ॥

গাঢ় আলিঙ্গনে শ্রীমতী রাধিকার স্তনপ্রান্তের কুঙ্কুমরসে শ্রীহরির যে বিশাল বক্ষ সমঙ্কিত হইয়া মনোহারিণী শোভা ধারণ করিয়াছিল এবং যে হৃৎ-প্রদেশ হইতে মদনখেদজনিত স্বেদজল সমুদ্ভূত হইয়া অনুরাগ-রূপে প্রকটিত হইয়াছিল, হরির রতিকালীন সেই বক্ষঃস্থল অনুক্ষণ তোমাদের অভীষ্টসাধন করুক্ ॥ ২৬ ॥

(গীতম্)

(বসন্তরাগেণ যতিতালেন চ গীয়তে)

বসন্তে বাসন্তীকুসুমসুকুমারৈরবয়বৈ-
র্ভ্রমন্তীং কান্তারে বহুবিহিতকৃষ্ণানুসরণাম্ ।
অমন্দং কন্দর্পজ্বরজনিতচিন্তাকুলতয়া,
বলদ্বাধাং রাধাং সরসমিদমূচে সহচরী ॥ ২৭

তদেবং মঙ্গলসঙ্গমেনৈব মাধবোৎকর্ষমাবিষ্কৃত্য উপক্রমোক্ত-শ্রীরাধামাধব-রহঃকেলি-বর্ণনোৎকলিকোচ্ছলিত-চিত্তঃ কবির্দক্ষিণ-ধৃষ্ট-শঠ-নায়কগুণসমন্বয়ৈঃ শ্রীরাধিকায়াং শ্রীকৃষ্ণস্যানুকূলনায়কতাপ্রতিপাদনার্থং সূচীকটাহন্যায়েন শ্রীশুকোক্তিবৎ সাধারণ্যেনান্যাভিস্তদ্বিহরণং সমাসেন সমাপয়িতুকামস্তেনৈব শ্রীরাধিকায়াঃ সর্ব্বোৎকর্ষমাবিষ্কর্ত্তুং তত্র তত্র তস্যাঃ অষ্টনায়িকাবস্থাং বর্ণয়ন্ সম্ভোগপোষকবিপ্রলম্ভশৃঙ্গারবর্ণনায় প্রথমং বিরহোৎকণ্ঠিতামাহ বসন্ত ইতি। বসন্তসময়ে তৎসহচারিণী সখী শ্রীরাধিকাং সরসং যথা স্যাত্তথা ইদং বক্ষ্যমাণমূচে। শ্রীকৃষ্ণাভিপ্রায়ং জ্ঞাপয়িতুমিতি জ্ঞেয়ম্। কীদৃশীম্? মাধবীপুষ্পতোঽপি কোমলৈরঙ্গৈ-রুপলক্ষিতাং যুক্তামিত্যর্থঃ। তাদৃশ্যপি দুর্গমে বর্ত্মনি ভ্রমন্তীম্। নন্থ কান্তারে কথং ভ্রমতি?—বহু যথা স্যাত্তথা কৃতং কৃষ্ণানুসরণং যয়া তাম্। অমন্দং যথা স্যাত্তথা কন্দর্পেণ কামেন তৎপ্রাপ্ত্যভিলাষেণ যো জ্বরস্তেন জনিতয়া চিন্তয়াকুলতয়া বলবতী পীড়া যস্যাস্তাম্। অত্র তাং বিহায় অন্যাভিস্তদ্বিহরণেনেদং গম্যতে। শারদীয়রাকারাত্রৌ প্রথমরাসমহোৎ-সবে, শ্রীরাধিকায়া অসমানোর্দ্ধরূপগুণবিলাসমনুভূয় তস্যাং সর্ব্ববিজয়ি-

একদা বসন্ত ঋতুতে শ্রীমতী রাধা শ্রীহরির অনুসরণ করিয়া পরি-ভ্রমণ করাতে বসন্তপুষ্পবৎ কোমল তদীয় দেহলতিকা পথশ্রান্তিতে ক্লান্ত

ললিতলবঙ্গলতাপরিশীলনকোমলমলয়সমীরে,
মধুকরনিকরকরম্বিতকোকিলকূজিতকুঞ্জকুটীরে।

স্বানুরাগং সফলং মন্যমানস্য শ্রীকৃষ্ণস্য ক্বচিৎ কদাচিৎ কথঞ্চিত্তৎসাদৃশ্যং ভবেন্ন বেতি স্থূণানিখননন্যায়েন তদ্বিবিৎসায়াং চিরমত্যদ্ভুতায়াং দিনকতিপয়ানন্তরং লীলেয়মিতি। অথবা তদ্বিবিৎসায়ামত্যদ্ভুতায়াং তদিচ্ছানুসারিণ্যা যোগমায়য়া। কংসানুজ্ঞাতাক্রূরাগমনে কৃতে তদর্থমেবানেকনারীসংকুলাং শ্রীমথুরামসৌ গতবান্, গত্বা চ তত্র নারীপ্রভৃতিষু ব্রহ্মসুন্দরীণামিব রূপগুণাদিমনুভূয় শ্রীদ্বারাবতীং তদাশয়া জগাম। তত্র নরেন্দ্রকন্যা বিবাহ্যাপি নরকাসুরাহৃতগন্ধর্ব্বযক্ষনাগনরকন্যানাং শতাধিকষোড়শসহস্রাণি বিবাহ্য তাসু তাস্বপি তাসাং সাদৃশ্যং ন লব্ধম্; ততো দন্তবক্রবধানন্তরং পুনর্ব্রজাগমনে জাতে সত্যেব লীলেয়মিতি। কেশিমথনমিতি হরিঃ কুবলয়াপীড়েন সার্দ্ধমিত্যাদি বক্ষ্যমাণত্বাৎ প্রোষিতভর্ত্তৃকাঙ্গীকারাচ্চ ॥ ২৭ ॥

কিমূচে ইত্যপেক্ষায়ামাহ ললিতেত্যাদিনা। হে সখি! ইহ বৃন্দাবনবিপিনে রসঃ শৃঙ্গারস্তৎসহিতে বসন্তসময়ে হরির্বিহরতি। কেন প্রকারেণ?—যুবতিজনেন সমং নৃত্যতি। কীদৃশে?—বিরহিজনস্য দুরন্তে দুঃখেন গময়িতুং শক্যে। ইত্যুভয়োর্বিশেষণম্। হরির্মনোহরণশীলঃ অতোঽস্য বিরহো দুঃসহঃ সরসোঽপি বসন্তোঽয়ং বিরহিণাং দুঃখদত্বাৎ দুরন্ত ইত্যর্থঃ। তদভিপ্রায়জ্ঞানাদ্ভাববীর্য্যাদিকনিবারণায় ইদমুক্তং

ও মদনযন্ত্রণাজনিত ভাবনায় কাতর হওয়ায় প্রেমজ্বালা দ্বিগুণতর পরিবর্দ্ধিত হইয়া উঠিল। সেই সময়ে কোন সখী শ্রীমতী রাধাকে সম্বোধনপূর্ব্বক সাদরে (বক্ষ্যমাণ) মধুরবাক্যাবলী বলিতে প্রবৃত্ত হইল ॥ ২৭ ॥

হে প্রিয়সহচরি! দেখ দেখ, পুনঃ পুনঃ মলয়-মারুত-আলিঙ্গনে লবঙ্গ-লতিকারা কেমন মনোহরদৃশ্য হইয়াছে। ভ্রমর-গুঞ্জন-মিশ্রিত

বিহরতি হরিরিহ সরসবসন্তে,
নৃত্যতি যুবতিজনেন সমং সখি বিরহিজনস্য দুরন্তে ॥ ২৮ ॥ (ধ্রুবম্)
উন্মদমদনমনোরথপথিকবধূজনজনিতবিলাপে,
অলিকুলসঙ্কুলকুসুমসমূহনিরাকুলবকুলকলাপে (বিহরতি) ॥ ২৯ ॥

ধ্রুবম্। বসন্তস্যৈব বিশেষণানি বৃন্দাবনস্যাপি সম্ভবন্তি। কীদৃশে? ললিতায়া লবঙ্গলতায়াঃ পরিশীলনেন আলিঙ্গনেন কোমলো মলয়াচলসম্বন্ধী সমীরো যত্র তস্মিন্; লতানারীসংস্পর্শাৎ কোমলত্বেন মান্দ্যম্; পুষ্পসম্বন্ধাৎ সৌগন্ধম্, যমুনাজলসম্বন্ধাৎ শৈত্যম্, অচেতনাপি লতা কান্তমন্তরেণ চেৎ স্থাতুং ন শক্নোতি তর্হি চেতনানাং কা কথেত্যর্থঃ। তথা মধুকরাণাং সমূহেন করম্বিতানাং মিশ্রিতানাং কোকিলানাং কূজিতং যত্র স কুঞ্জকুটীরো যত্র তস্মিন্ ॥ ২৮ ॥

বিরহিজনদুরন্ততামাহ। পুনঃ কীদৃশে?—উদ্গতো মদো যস্য তেন মদনেন মনোরথো যেষাং তেষাং পথিকবধূজনানাং জনিতো বিলাপো যেন তস্মিন্। যতঃ অলিকুলেন সংকুলেন ব্যাপ্তেন কুসুমসমূহেন নিঃশেষেণাকুলঃ বকুলকলাপো যত্র তস্মিন্ ॥ ২৯ ॥

কোকিলের কুহুরবে নিকুঞ্জগৃহ পরিপূরিত হইয়াছে। আহা! এরূপ মনোহর বসন্তকালে শ্রীহরি যুবতী নারীগণের সহিত কেলি করিতে প্রবৃত্ত হইয়াছেন এবং সানন্দে নৃত্য করিতে আরম্ভ করিতেছেন। হায়! বিরহিণীগণসকাশে বসন্তঋতু যার-পর-নাই যন্ত্রণাপ্রদ ॥ ২৮ ॥

এই সময়ে প্রেমমদে মত্ত পথিক-রমণীরা উদ্দাম-মদনভরে ব্যাকুলা হইয়া বিলাপ করিতে প্রবৃত্ত হইতেছে। বকুলতরুসমূহ কুসুমে বিভূষিত হইয়াছে এবং ভ্রমরকুল আসিয়া তদুপরি উপবেশনপূর্ব্বক তাহাদিগকে একান্ত আকুল করিয়া তুলিতেছে ॥ ২৯ ॥

মৃগমদসৌরভরভসবশংবদনবদলমালতমালে।
যুবজনহৃদয়বিদারণমনসিজনখরুচিকিংশুকজালে (বিহরতি) ॥ ৩০ ॥
মদনমহীপতিকনকদণ্ডরুচিকেশরকুসুমবিকাশে।
মিলিতশিলীমুখপাটলিপটলকৃতস্মরতূণবিলাসে (বিহরতি) ॥ ৩১ ॥
বিগলিতলজ্জিতজগদবলোকনতরুণকরুণকৃতহাসে।
বিরহিনিকৃন্তনকুন্তমুখাকৃতিকেতকিদন্তুরিতাশে (বিহরতি) ॥ ৩২ ॥

পুনঃ কীদৃশে ?—কস্তূরিকায়াঃ সুগন্ধস্য যো রভসঃ অতিশয়ঃ তস্যা-রত্তা নবদলানাং শ্রেণী যেষু তে তমালা যত্র তস্মিন্। তথা যুবজনানাং হৃদয়বিদারণায় মনসিজস্য যে নখাস্তদ্বদ্রুচির্যেষাং পলাশকুসুমানাং তেষাং সমূহো যত্র তস্মিন্ যুবস্বতিনির্দ্দয় ইতি ভাবঃ ॥ ৩০ ॥

পুনঃ কীদৃশে ?—মদনমহীপতেঃ সুবর্ণচ্ছত্রস্য ইব রুচির্যস্য নাগ-কেশরকুসুমস্য বিকাশো যত্র তস্মিন্। কিঞ্চ মিলিতাঃ শিলীমুখা ভ্রমরা যস্মিন্ তেন পাটলিপুষ্পসমূহেন কৃতঃ তূণীরস্য বিলাসো যত্র তস্মিন্। পাটলিপুষ্পস্য তূণাকারত্বাৎ শিলীমুখশব্দস্য শ্লিষ্টার্থত্বাৎ সাম্যম্ ॥ ৩১ ॥

পুনঃ কীদৃশে ?—বিগলিতং লজ্জিতং লজ্জা যস্য তস্য জগতঃ প্রাণি-

তমালতরুনিকর অভিনব পল্লবে সুসজ্জিত হইয়া কস্তূরীগন্ধের ন্যায় সৌরভ বিস্তার করিতেছে; বিকাশোন্মুখ কিংশুকপুষ্প যেন কন্দর্প-দেবের নখের আকার ধারণপূর্ব্বক যুবকযুবতীদের হৃদয় বিদীর্ণ করিয়া ফেলিতেছে ॥ ৩০ ॥

কন্দর্পদেব বসন্ত-ঋতুতে নরপতিরূপে বিরাজমান; প্রস্ফুটিত নাগ-কেশর উহার স্বর্ণচ্ছত্র এবং ভৃঙ্গবেষ্টিত পাটলী-কুসুমরাজি উহার বিলাস-তূণীররূপে শোভা পাইতেছে ॥ ৩১ ॥

বসন্তঋতুর আগমনে জগতের জীবমাত্রই লজ্জা বিসর্জ্জন দিয়াছে;

মাধবিকাপরিমলললিতে নবমালিকরাতিসুগন্ধৌ।
মুনিমনসামপি মোহনকারিণি তরুণাকারণবন্ধৌ (বিহরতি) ॥ ৩৩ ॥

মাত্রস্যাবলোকনেন তরুণৈঃ করুণবৃক্ষৈঃ পুষ্পব্যাজেন কৃতো হাসো যত্র তস্মিন্। যূনামেব কামাভিজ্ঞতয়া হাস্যস্যোপযুক্তত্বে শ্লিষ্টার্থস্য তরুণশব্দস্যোপাদানম্। তথা বিরহিণাং নিকৃন্তনায় কুন্তস্য অস্ত্রবিশেষস্য মুখমিব আকৃতির্যাসাং তাভিঃ কেতকীভির্ন্তরিতা উন্নতদন্তা আশা দিশো যত্র তস্মিন্। অনেন অতিনির্দ্দয়তা সূচিতা ॥ ৩২ ॥

পুনঃ কীদৃশে ?—মাধবিকায়াঃ সৌরভেন ললিতে তথা নবমালিকাপুষ্পৈরতিসৌরভে। মুনিমনসামপি মোহজনকে কামিনাং কা বার্ত্তেত্যর্থঃ। ঈদৃশোঽপি যঃ সমাধিযুক্ত-মুনীনাং মনস্যুদ্বেজকঃ স কথং চিরং তিষ্ঠতি ? তরুণানাং নিরুপাধিকমিত্রে একশেষস্তরুণশব্দঃ তরুণ্যশ্চ তরুণাশ্চ তেষামিতি ॥ ৩৩ ॥

তদ্দর্শনেই যেন তরুণ করুণতরুরাজি * কুসুমচ্ছলে হাস্যবিকাশ করিতেছে এবং বিরহিণীগণকে সংহার করিবার জন্য প্রাসবদন † কেতকী উচ্চদশনে চতুর্দ্দিক্ দন্তবিকাশ করিয়া শোভা পাইতেছে ॥ ৩২ ॥

আহা! বসন্তঋতু বাসন্তীপুষ্পের সৌরভে ললিত এবং নবমালিকাপুষ্পের সুগন্ধে নিরতিশয় আমোদিত। এই বসন্তকাল মুনিগণেরও মনোমোহন করে। আহা! বসন্তঋতু যুবকযুবতীকুলের অকৃত্রিম সখা ॥ ৩৩ ॥

* করুণ—বাতাবিনেবু। † প্রাস—ভল্লাস্ত্র

স্ফুরদতিমুক্তলতাপরিরম্ভণপুলকিতমুকুলিতচূতে।
বৃন্দাবনবিপিনে পরিসরপরিগতযমুনাজলপূতে (বিহরতি)॥ ৩৪॥
শ্রীজয়দেবভণিতমিদমুদয়তি হরিচরণস্মৃতিসারম্।
সরসবসন্তসময়বনবর্ণনমনুগতমদনবিকারম্ (বিহরতি)॥ ৩৫॥

দরবিদলিতমল্লীবল্লিচঞ্চৎপরাগ-
প্রকটিতপটবাসৈর্বাসয়ন্ কাননানি।

পুনঃ কীদৃশে?—স্ফুরন্ত্যা মাধবীলতায়াঃ পরিরম্ভণেন পুলকিত ইব মুকুলিতো চূতো রসালতরুর্যত্র তস্মিন্। যথা কশ্চিদ্বরাঙ্গনালিঙ্গিতঃ পুলকিতো ভবতীত্যভিপ্রায়ঃ। কীদৃশে বৃন্দাবনবিপিনে?—পর্য্যন্তব্যাপ্তযমুনাজলেন পূতে পবিত্রে শোভিত ইত্যর্থঃ॥ ৩৪॥

অথ গীতার্থমুপসংহরন্ স্বভণিতেরুৎকর্ষমাহ। শ্রীজয়দেবস্য ভণিতমিদং উদয়তি বিরাজতে। কুতঃ?—হরিচরণয়োঃ স্মরণেন সারং সর্ব্বতঃ শ্রেষ্ঠং তত্রাপি রসঃ শৃঙ্গারস্তৎপোষকবসন্তসময়সম্বন্ধিনো বনস্য বর্ণনং যত্র তৎ। অতএব সন্নিধানবর্ত্তিন্যাঃ শৃণ্বন্ত্যাস্তস্যা মদনবিকারো যত্র তৎ॥ ৩৫॥

পুনরুদ্দীপনায় অনিলমেব বিশেষতো বর্ণয়তি দরেতি। ইহ বসন্তসময়ে বায়ুশ্চেতো দহতি বিরহিণামিত্যর্থাদধিগন্তব্যম্; নন্থ কিমপরাদ্ধমেতৈস্তস্য

মাধবীর আলিঙ্গনে সহকারতরু পুলকিত হইয়া মুকুলিত হইতেছে; শ্রীকৃষ্ণ কালিন্দীসলিলে পরিবেষ্টিত পবিত্র বৃন্দাবনে বিহার করিতেছেন সন্দেহ নাই॥ ৩৪॥

রাধাসতীর মদনবিকারজনিত, রসগর্ভ, জয়দেববিরচিত, হরিচরণস্মৃতিসারপূর্ণ এই বাসন্তীবর্ণন প্রকটিত হইল॥ ৩৫॥

মলয়সমীরণ বনভাগের চারিদিকে অর্দ্ধবিকসিত মল্লিকা-লতিকার

ইহ হি দহতি চেতঃ কেতকীগন্ধবন্ধুঃ,
প্রসরদসমবাণপ্রাণবদ্গন্ধবাহঃ ॥ ৩৬ ॥
অদ্যোৎসঙ্গবসদ্ভুজঙ্গকবলক্লেশাদিবেশাচলং,
বৃষ্টিব্যাকুলগোকুলাবনরসাদুদ্ধৃত্য গোবর্দ্ধনং,
বিভ্রদ্বল্লববল্লভাভিরধিকানন্দাচ্চিরং চুম্বিতঃ।

অতিব্যাকুলতয়া সদৈন্যমাহ ক্ষণমিতি। হে সাধব! নয়নয়োর্নিমেষমাত্রেণ হা কথং নয়নে নিমেষো নির্ম্মিতঃ যেন ক্ষণং কান্তদর্শনং বিহন্যতে ইতি নয়ননিমীলনখিন্নয়া যথা শ্রীরাধয়া পুরা তে তব বিরহঃ ক্ষণমপি ন সেহে ন সোঢ়া, অসৌ চিরবিরহেণ মুকুলিতাগ্রভাগযুক্তাং রসালশাখাং বিলোক্য কথং জীবতি? ইদমপ্যাশ্চর্য্যং নিমেষবিরহাসহনশিলায়াশ্চিরবিরহসহনমপ্যাশ্চর্য্যমেব ইত্যর্থঃ ॥ ২২ ॥

অবশ্যমেবাস্মদ্গোকুলজনরক্ষণব্রতা শ্রীগোপেশকুমারোঽয়ং মম সখ্যা বিরহতাপমপি নিবারয়িষ্যতীতি নিশ্চিত্য শ্রীরাধাসখী গোবর্দ্ধনধারণ-

ইতিপূর্ব্বে যিনি ক্ষণকালের জন্যও ত্বদীয় বিচ্ছেদ সহ্য করিতে পারিতেন না, নিমেষপতনেও যাঁহার দারুণ দুঃখ অনুভব হইত, অধুনা সেই রাধা মুকুলিত আম্রশাখা দেখিয়াও এই দীর্ঘবিচ্ছেদে জীবনধারণ করিয়া রহিয়াছেন ॥ ২২ ॥

যখন শ্রীহরি ব্রজবাসিগণকে ইন্দ্রকোপজনিত বৃষ্টিপাত হইতে রক্ষার্থ প্রত্যক্ষ বীররসের অবতার হইয়া সগর্ব্বে গোবর্দ্ধন গিরিকে ভুজবলে

দর্পেণৈব তদর্পিতাধরতটীসিন্দূরমুদ্রাঙ্কিতো,
বাহুর্গোপতনোস্তনোতু ভবতাং শ্রেয়াংসি কংসদ্বিষঃ ॥ ২৩ ।

ইতি শ্রীগীতগোবিন্দমহাকাব্যে স্নিগ্ধমধুসূদনো নাম চতুর্থঃ সর্গঃ ॥ ৪ ॥

লীলাং স্মরন্তী স্বসখীসান্ত্বনায় চলিতেতি স্মরন্ তল্লীলৈকাশ্রয়ং শ্রীকৃষ্ণবাহুং বর্ণয়ন্ কবিরাশিসমাশাস্তে বৃষ্টীতি। গোপেন্দ্রসূনোর্ব্বাহুর্ভবতাং শ্রেয়াংসি তনোতু। কীদৃশঃ—দর্পেণাহঙ্কারেণৈব অর্থাদিন্দ্রস্য বিজিগীষয়া গোবর্দ্ধনাচলমুদ্ধৃত্য বিভ্রৎ। তত্র হেতুঃ—দৃষ্ট্যা ব্যাকুলস্য গোকুলস্য রক্ষণে যো রসঃ বীররসস্তস্মাৎ। পুনঃ কীদৃশঃ? গোপাঙ্গনাভিঃ শ্রীকৃষ্ণস্য বৈদগ্ধ্যসৌন্দর্য্যাদিকমুদ্বীক্ষ্যাধিকানন্দাচ্চিরং চুম্বিতঃ। তত্রোৎপ্রেক্ষতে,—তচ্চুম্বনাল্লগ্ননলাটস্থসিন্দূরেণ মুদ্রয়াঙ্কিত ইব অতএব শ্রীরাধাবৈকল্যশ্রবণেন স্নিগ্ধশ্চেষ্টারহিতো মধুসূদনো যত্র সঃ ॥ ২৩ ॥

ইতি শ্রীগীতগোবিন্দটীকায়াং বালবোধিন্যাং চতুর্থঃ সর্গঃ ॥ ৪ ॥

ঊর্দ্ধভাগে সমুত্তোলন করিয়াছিলেন, তখন গোপবধূরা পুলকিতা হইয়া তদীয় বাহুমূলে পুনঃ পুনঃ চুম্বন করিয়াছিল, তাহাতে অবলাকুলের ভালতটবিরাজিত সিন্দূরবিন্দু দ্বারা যে বাহু সমঙ্কিত হয়, কংসারি হরির সেই বিশাল ভুজদ্বয় তোমাদিগের কল্যাণবিধান করুক ॥ ২৩ ॥

পঞ্চমঃ সর্গঃ

(সাকাঙ্ক্ষপুণ্ডরীকাক্ষঃ)

—*—

অহমিহ নিবসামি যাহি রাধামনুনয় মদ্বচনেন চানয়েথাঃ।
ইতি মধুরিপুণা সখী নিযুক্তা স্বয়মিদমেত্য পুনর্জগাদ রাধাম্ ॥ ১

(গীতম্)

(দেশীবরাড়ীরাগরূপকতালাভ্যাং গীয়তে)

বহতি মলয়সমীরে মদনমুপনিধায় :
স্ফুটতি কুসুমনিকরে বিরহিহৃদয়দলনায়।

অথ তদার্ত্তিশ্রবণব্যাকুলোঽপি স্বাপরাধচিন্তয়া অতিভীতঃ স্বয়মগচ্ছন্নাত্মদুঃখনিবেদনপূর্ব্বকানুনয়েন তৎকোপশিথিলীকরণায় সখীমেব প্রেষিতবানিত্যাহ অহমিতি। মধুরিপুণা নিযুক্তা সখী স্বয়মেত্য রাধিকাং পুনরিদমুবাচ। কিমুক্ত্বা নিযুক্তা ?—অহমিহৈব নিবসামি, ত্বং রাধাং যাহি। গত্বা কি করোমি ?—মদ্বচনেন তামনুনয়। যদি ত্বয়ৈব তন্মানমপনেতুং শক্যতে তদা আনয়েথাঃ, ইত্যুক্ত্বা সহসা মম গমনেন মানোঽতিগাঢ়ো ভবেদিত্যভিপ্রায়ঃ ॥১ ॥

হে সখি! তব বিরহে বনমালী সীদতি ত্বৎকরকল্পিতবনমালা-

"প্রিয়সহচরি! আমি এইখানে অবস্থিত থাকিলাম, তুমি শ্রীমতী-সকাশে প্রস্থান কর, তাঁহার নিকট আমার অনুনয় জানাইও। যাহাতে তাঁহাকে এ স্থানে আনয়ন করিতে পার, অবশ্য তাহাও করিও।" শ্রীকৃষ্ণ এই বলিয়া সখীকে প্রেরণ করিলে সে আদিষ্ট হইয়া তৎক্ষণাৎ শ্রীমতীর নিকট গমনপূর্ব্বক বলিতে আরম্ভ করিল ॥ ১ ॥

সখি রাধিকে, দেখ, মলয়-সমীর মন্মথকে সঙ্গে লইয়া প্রবাহিত

সখি হে সীদতি তব বিরহে বনমালী ॥ ২ ॥ (ধ্রুবম্)
দহতি শিশিরময়ূখে মরণমনুকরোতি।
পততি মদনবিশিখে বিলপতি বিকলতরোঽহতি (তব বিরহে) ॥ ৩ ॥
ধ্বনতি মধুপসমূহে শ্রবণমপি দধাতি।
মনসি বলিতবিরহে নিশি নিশি রুজমুপযাতি (তব বিরহে) ॥ ৪ ॥

বলস্বনেনৈব জীবতীতি বনমালীশব্দোপন্যাসঃ। কদা কদা সীদতীত্যাহ। মদনং সন্নিহিতং কৃত্বা মলয়সমীরে বহতি সতি বিরহিণাং মর্ম্মপীড়নায় কুসুমসমূহে চ স্ফুটতি সতি ॥ ২ ॥

কিঞ্চ চন্দ্রে দহতি সতি মরণমনুকরোতি নিশ্চেষ্টো ভবতি মূর্চ্ছতীতি যাবৎ। কামবাণে চ পততি সতি অতিবিহ্বলো বিলপতি, কুসুমপতনে হৃদি বিধ্যৎকামবাণভ্রমাদাক্রোশতীত্যর্থঃ ॥ ৩ ॥

ভ্রমরনিচয়ে শব্দায়মানে সতি কর্ণৌ করাভ্যামাচ্ছাদয়তি। অত্যুদ্রিক্ত-বিরহে মনসি সতি নিশায়াং ক্ষণে ক্ষণে রুজমধিকমাপ্নোতি, নিশায়াস্ত্বৎ-প্রাপ্তিকালত্বাৎ ত্বদপ্রাপ্ত্যা মধুপধ্বনিশ্রবণাৎ পীড়ামনুভবতীত্যর্থঃ ॥ ৪ ॥

হইতেছে, এ দিকে বিরহিণী রমণীগণের হৃদয় বিদীর্ণ করিবার অভিলাষেই যেন কুসুমরাশি বিকসিত হইয়া উঠিয়াছে। সখি! বনমালী তোমার বিরহে একান্ত অধীর হইয়া উঠিয়াছেন ॥ ২ ॥

স্নিগ্ধরশ্মি শশাঙ্কদেব তাঁহাকে অনুক্ষণ দগ্ধবিদগ্ধ করাতে তিনি ক্ষণে ক্ষণে মূর্চ্ছাপন্ন হইতেছেন, কখন বা মদনবাণে জর্জ্জরিত হইয়া বিলাপ করিতেছেন ॥ ৩ ॥

ভ্রমরগুঞ্জন কর্ণকুহরে প্রবেশমাত্র তিনি স্বকীয় শ্রুতিপুট আচ্ছাদন করিতেছেন; বিচ্ছেদযন্ত্রণা হৃদয়ে সমুদিত হওয়াতে প্রতি রজনীতেই দারুণ মনোব্যথা অনুভব করিতেছেন ॥ ৪ ॥

বসতি বিপিনবিতানে ত্যজতি ললিতমপি ধাম।
লুঠতি ধরণিশয়নে বহু বিলপতি তব নাম (তব বিরহে) ॥ ৫ ॥
ভণতি কবিজয়দেবে হরিবিরহবিলসিতেন।
মনসি রভসবিভবে হরিরুদয়তু সুকৃতেন (তব বিরহে) ॥৬ ॥

বসতীতি। রুচিরমপি গৃহং ত্যক্ত্বা অরণ্যমধ্যে ত্বৎপ্রাপ্ত্যাশয়া বসতীত্যর্থঃ। বিরহবৈকল্যাদেকত্র স্থিত্যভাবাৎ। বিতানশব্দোপাদানম্। ত্বদপ্রাপ্ত্যা ভূমৌ লুঠতি, বহু যথা স্যাত্তথা তব নাম বিলপতি, তব নামধেয়াদন্যত্তস্য মুখে ন নিঃসরতীত্যর্থঃ ॥ ৫ ॥

কবিজয়দেবে ভণতি সতি হরিবিরহবিলসিতেন সুকৃতেন মনসি হরিরুদয়তু। হরিবিরহবিলসিতেন হেতুনা যদুৎপন্নং সুকৃতং তেন গায়তাং শৃণ্বতাঞ্চ হৃদি হরিরুদিতো ভবতীত্যর্থঃ। কীদৃশে মনসি? রভসস্য প্রেমোৎসাহস্য বিভবো যত্র তস্মিন্ এবং প্রাণপরার্দ্ধনির্ম্মঞ্ছনীয়চরণস্য নিজপ্রাণনাথস্য বিরহবৈকল্যশ্রবণেন মূর্চ্ছিতায়াং স্বসখ্যাং তস্যা অপি বাকৃস্তম্ভো জাত ইতি পঞ্চপদৈঃ সমাপ্তিঃ ॥ ৬ ॥

তিনি এখন মনোরম বাসভবন বিসর্জ্জনপূর্ব্বক কাননবাস আশ্রয় করিয়া ধরালুণ্ঠিত হইতেছেন, এবং সর্ব্বদা তোমার নাম উচ্চারণপূর্ব্বক পরিতাপ করিতেছেন ॥ ৫ ॥

জয়দেবকবি যাহা বর্ণনা করিতেছেন, এই বিরহবিলাস শ্রবণপূর্ব্বক যে পুণ্য উপার্জ্জিত হয়, সেই পুণ্যফলে ভক্তবৃন্দের হৃদয়ে শ্রীহরি আবির্ভূত হউন ॥ ৬ ॥

পূর্ব্বং যত্র সমং ত্বয়া রতিপতেরাসাদিতাঃ সিদ্ধয়-
স্তস্মিন্নেব নিকুঞ্জমন্মথমহাতীর্থে পুনর্মাধবঃ।
ধ্যায়ংস্ত্বামনিশং জপন্নপি তবৈবালাপমন্ত্রাক্ষরং,
ভূয়স্ত্বৎকুচকুম্ভনির্ভরপরীরম্ভামৃতং বাঞ্ছতি ॥ ৭ ॥

(গীতম্)

(গুর্জ্জরীরাগেণ একতালীতালেন চ গীয়তে)

রতিসুখসারে গতমভিসারে মদনমনোহরবেশং,
ন কুরু নিতম্বিনি গমনবিলম্বনমনুসর তং হৃদয়েশম।

অথ তন্মূর্চ্ছাবিঘটনায়োপায়ান্তরমনপেক্ষ্য সখী শ্রীকৃষ্ণচরিতমেব পুনর্বর্ণয়িতুমারব্ধেতি শ্রীরাধিকায়া অভিসারিকাবস্থায়াং সখীবচনেনৈব বর্ণয়িষ্যন্নাহ পূর্ব্বমিতি। হে সখি! পূর্ব্বং যত্র কুঞ্জে কন্দর্পস্য সিদ্ধয়ঃ আশ্লেষাদিকাস্ত্বয়া সহ প্রাপ্তাস্তস্মিন্নেব নিকুঞ্জে মন্মথকেলিসিদ্ধক্ষেত্রে তস্মিন্ পুনর্মাধবঃ ত্বৎকুচকুম্ভনির্ভরপরীরম্ভামৃতং ভূয়ঃ প্রচুরং বাঞ্ছতি। নন্বেতদতি-দুর্ল্লভং তীর্থাগমনমাত্রেণ ইষ্টদেবতারাধনং বিনা কথং সিধ্যতি তত্রাহ। নিরন্তরং ত্বামেব ধ্যায়ন্ ত্বমেব ইষ্টদেবতা ইত্যভিপ্রায়ঃ। মন্ত্রজপমন্তরেণ ইষ্টদেবতা নাচিরাৎ প্রত্যক্ষা ভবতীত্যত আহ নিরন্তরং তবৈবালাপমন্ত্রাক্ষরং জপন্ ॥৭॥

এবং ত্বচ্চরিতশ্রবণেন কিঞ্চিদুচ্ছ্বসিতায়াং তস্যামত্যুৎসুকতয়া ত্বন্মুখ-

হে রাধিকে! পূর্ব্বে শ্রীহরি যেখানে তোমার সহিত মিলিত হইয়া মদনবাসনা পূর্ণ করিয়াছিলেন, কামের মহাতীর্থস্বরূপ সেই নিকুঞ্জগৃহেই এখন তিনি তোমাকে দিনযামিনী চিন্তা করিতেছেন। তিনি অনুক্ষণ তোমার নামজপ সহকারে পুনর্ব্বার ত্বদীয় কুচকুম্ভের গাঢ় আলিঙ্গনরূপ পীযূষপ্রাপ্তির অভিলাষ করিতেছেন ॥ ৭ ॥

হে নিতম্বিনি! মদনসুখপ্রদায়ী ত্বদীয় সেই হৃদয়রাজ দিব্যবেশে

ধীরসমীরে যমুনাতীরে বসতি বনে বনমালী,
পীনপয়োধরপরিসরমর্দ্দনচঞ্চলকরযুগশালী ॥ ৮ ॥ (ধ্রুবম্)
নামসমেতং কৃতসঙ্কেতং বাদয়তে মৃদু বেণুম্।
বহু মনুতে তনুতে তনুসঙ্গতপবনচলিতমপি রেণুম্ (ধীরসমীরে) ॥৯॥

নিরীক্ষকঃ স আস্তে। অতস্ত্বদভিসরণং যুক্তমিত্যভিসারায় প্রার্থয়তে রতিসুখেত্যাদিনা। অভিসারিকালক্ষণং যথা—যাহভিসারয়তে কান্তং স্বয়ং বাভিসরত্যপি। সা জ্যোৎস্নী তামসী যানযোগাবেশাভিসারিকা। যমুনাতীরে বনে বনমালী বসতি। কীদৃশে ?—মন্দঃ সমীরো যত্র তস্মিন্। অনেন সুখদত্বং নিবিড়ত্বাৎ নির্জ্জনত্বঞ্চোক্তম্। বনে ত্বদ্-গমনং সহজমেব স্যাদত আহ। অভিসারে গতং প্রাপ্তমভিসৃত-মিত্যর্থঃ। কীদৃশে ?—রতিসুখস্য ফলরূপে কদাচিৎ কার্য্যান্তরার্থং গতঃ সঃ। মদনেন মনোহরো বেশো যস্য তম্, অতো হে নিতম্বিনি! গমন-বিলম্বং ন কুরু। প্রশস্তনিতম্বতয়া সহজগমনবৈলম্ব্যাদিদমুক্তম্। তর্হি কিং করোমি ? তম্ অনুসর। কীদৃশম্ ?—হৃদয়েশম্, অতস্ত্বদ্বিরহে দুঃখিতস্যানু-সরণে বিলম্বো ন যুক্ত ইত্যর্থঃ ॥ ৮ ॥

কদাচিদন্যাসক্তঃ স্যাদত আহ। কৃতঃ সঙ্কেতো যত্র তং বেণুং নামসমেতং মৃদুবৎ যথা স্যাত্তথা বাদয়তে, কদাচিৎ প্রতারণায়ৈবং

বিভূষিত হইয়া অভিসারে প্রস্থান করিয়াছেন, তুমি বিলম্ব করিও না, আশু সেই চপলকরযুগলধারী, পীনোন্নতকুচমর্দ্দনকারীর অনুগামিনী হও। বিপিন-বিহারী এখন কালিন্দীতটবর্ত্তী ধীরসমীরে (লীলাকুঞ্জে) অধিষ্ঠান করিতেছেন ॥ ৮ ॥

তিনি মনোরম বংশীনাদে তোমার নাম উচ্চারণপূর্ব্বক তোমাকে

পততি পতত্রে বিচলতি পত্রে শঙ্কিতভবদুপযানম্।
রচয়তি শয়নং সচকিতনয়নং পশ্যতি তব পন্থানম্ (ধীরসমীরে)॥ ১০॥
মুখরমধীরং ত্যজ মঞ্জীরং রিপুমিব কেলিষু লোলম্।
চল সখি কুঞ্জং সতিমিরপুঞ্জং শীলয় নীলনিচোলম্ (ধীরসমীরে)॥ ১১॥

করোতি। তব তনুসঙ্গতবায়ুনা যুক্তং রেণুং বহু মন্যতে। ধন্যোঽয়ং রেণুঃ যতস্তস্যাঃ শরীরস্পৃষ্টবায়োঃ স্পর্শসুখমন্বভূন্মমেদৃশং ভাগ্যং নাস্তীতি বহুমানার্থঃ॥ ৯॥

ত্বদেকপর এব স ইত্যাহ। পক্ষিণি পততি সতি বৃক্ষাদ্ভূমৌ ইত্যর্থাৎ জ্ঞেয়ম্। পত্রে চ বাতাদিনা বিচলতি সতি শঙ্কিতং ভবত্যা উপগমনং যত্র তৎ যথা স্যাত্তথা শয্যাং নির্ম্মমীতে। তথা চকিতনয়নং যথা স্যাত্তথা পন্থানং পশ্যতি অত্রাগমনং কেন পথা ইতি পথাবলোকনমিত্যর্থঃ॥ ১০॥

অতো হে সখি! মঞ্জীরং ত্যজ, কুঞ্জং চল। কথং মঞ্জীরস্ত্যাজ্যঃ যতোঽধীরম্ অতো মুখরং সশব্দং তথা কেলিষু অতিচঞ্চলং অতোঽভীষ্ট-

অভিপ্রেত স্থলে গমনের ইঙ্গিত করিতেছেন। যে সমীরণ ত্বদীয় দেহলতিকা স্পর্শপূর্ব্বক প্রবাহিত হইতেছে, তদ্দ্বারা পরিচালিত ধূলিকণাকেও তিনি এখন আপনার অপেক্ষা সৌভাগ্যবান্ বলিয়া বিবেচনা করিতেছেন॥ ৯॥

পক্ষীর শব্দে ও পত্রপতনের শব্দে তিনি চমকিত হইয়া 'তুমি উপস্থিত হইয়াছ', এই জ্ঞানে আশু শয্যাবিরচনা করিতেছেন এবং ঘন ঘন চকিতনয়নে পথের দিকে দৃষ্টিপাত করিয়া রহিয়াছেন॥ ১০॥

সখি! তোমার চরণের নূপুর পরিত্যাগ কর, উহা অতীব

উরসি মুরারেরুপহিতহারে ঘন ইব তরলবলাকে।
তড়িদিব পীতে রতিবিপরীতে রাজসি সুকৃতবিপাকে (ধীরসমীরে) ॥ ১২ ॥
বিগলিতবসনং পরিহৃতরশনং ঘটয় জঘনমপিধানম্।
কিশলয়শয়নে পঙ্কজনয়নে নিধিমিব হর্ষনিধানম্ (ধীরসমীরে) ॥ ১৩ ॥

বিরুদ্ধত্বাৎ রিপুমিব। কীদৃশং কুঞ্জম্?—তিমিরপুঞ্জেন সহ বর্ত্তমানম্। গৌরাঙ্গ্যা মম কথং গমনং স্যাদিতি অভিসারিকোচিতবেশমাহ। নীলং নিচোলং নীলপ্রচ্ছদপটং পিধেহি ॥ ১১ ॥

তত্র গমনে কিং স্যাদত আহ। হে গৌরাঙ্গি! বিপরীতরতৌ মুরারেরুরসি রাজসি রাজস্যসি বর্ত্তমানসামীপ্যে লট্। কীদৃশে? উপহিতঃ অর্পিতঃ হারো যত্র তস্মিন্ তথা সুকৃতস্য বিপাকে ফলস্বরূপে তস্মিন্। কেব?—চঞ্চলা বকপংক্তির্যত্র তস্মিন্ ঘনে বিদ্যুদিব, উরসো ঘনেন হারস্য বলাক্যা গৌর্য্যাস্তড়িতা সাম্যম্ ॥ ১২ ॥

অতো গত্বা হে পঙ্কজনয়নে! কিশলয়শয়নে জঘনং ঘটয়। কীদৃশম্?—শ্রীকৃষ্ণন হেতুনা বিগলিতং বসনং যস্মাত্তৎ তেনৈব দূরীকৃতা

অস্থির, অনুক্ষণ উহা হইতে রুণু-রুণু শব্দ নির্গত হইতেছে। উহা চপল রতিকেলির বিঘ্নকর মহাশত্রু। সখি! এখন কুঞ্জগৃহ তমসাচ্ছন্ন। নীলাম্বর পরিধান করিয়া আশু প্রস্থান কর ॥ ১১ ॥

হে গৌরাঙ্গি! দামিনী যেমন বলাকারঞ্জিত নবনীরদে শোভা প্রাপ্ত হয়, তুমিও সেইরূপ বিপরীতবিহারসময়ে পুণ্যবলে শ্রীহরির বক্ষঃপ্রদেশে মণিহারের ন্যায় বিরাজ করিবে ॥ ১২ ॥

হে কমললোচনে! বস্ত্র ত্যাগ কর, কাঞ্চী বিসর্জ্জন দেও, পল্লবশয্যাতে সলীল হইয়া জঘনাবরণ উন্মোচন কর। দেখ, রত্নের আকর উদ্‌ঘাটিত

হরিরভিমানী রজনিরিদানীমিয়মপি যাতি বিরামম্ ।
কুরু মম বচনং সত্বররচনং পূরয় মধুরিপুকামম্ (ধীরসমীরে)॥ ১৪ ॥
শ্রীজয়দেবে কৃতহরিসেবে ভণতি পরমরমণীয়ম্ ।
প্রমুদিতহৃদয়ং হরিমতিসদয়ং নমত সুকৃতকমনীয়ম্ (ধীরসমীরে) ॥ ১৫ ॥

রশনা যস্মাত্তৎ অতএবাপিধানং আবরণরহিতং ততশ্চ তস্যৈব হর্ষনিধানম্ । কমিব ?—নিধিমিব গতাবরণস্য নিধের্দর্শনেন হর্ষো জায়ত এবেত্যর্থঃ ॥ ১৩ ॥

কিঞ্চ হরিরতিশয়েন ত্বাং মানয়িতুং শীলং যস্য সঃ ত্বদেকপর ইত্যর্থঃ । অভিমানাতি অন্যাভিসারশঙ্কামপনয়তি ইয়ং প্রত্যক্ষং দৃশ্যমানা রজনিরেবাবসানং যাতাতি তস্মান্মম বচনং সত্বরা রচনাপরিপাটীঃ যত্র তৎ যথা স্যাত্তথা কুরু । কিন্তদিত্যাহ ।—মধুরিপোর্মনোরথং পূরয় ॥ ১৪ ॥

কৃতহরিসেবে শ্রীজয়দেবে ভণতি সতি ভোঃ সাধবঃ ! প্রমুদিতহৃদয়ং যথা স্যাত্তথা হরিং নমত । কীদৃশম্ ?—অতিসদয়ং তথা পরমরমণীয়ং যতঃ সুকৃতেন শোভনচরিতেন কমনীয়ং সর্ব্ববিশেষেণ বাঞ্ছনীয়ম্ ॥ ১৫ ॥

করিলে তাহা দেখিয়া যেরূপ মানবগণ হর্ষ প্রাপ্ত হয়, উহাও সেইরূপ হরির আনন্দ উৎপাদন করিবে ॥ ১৩ ॥

শ্রীহরি তোমাতে যার-পর-নাই অনুরাগী, যামিনীও বিগতপ্রায়, আমার কথা রাখ, আশু বেশভূষায় বিভূষিত হইয়া হরির মনোরথ পূর্ণ কর ॥ ১৪ ॥

কৃষ্ণপদসেবক জয়দেবকবি উহা রচনা করিলেন, হে ভক্তবৃন্দ ! করুণানিদান ভক্তবৎসল উদারচরিত পরমসুন্দর হরিকে প্রফুল্লমানসে প্রণিপাত কর ॥ ১৫ ॥

বিকিরতি মুহুঃ শ্বাসানাশাঃ পুরো মুহুরীক্ষতে,
প্রবিশতি মুহুঃ কুঞ্জং গুঞ্জন্মুহুর্ব্বহু তাম্যতি।
রচয়তি মুহুঃ শয্যাং পর্য্যাকুলং মুহুরীক্ষতে,
মদনকদনক্লান্তঃ কান্তে প্রিয়স্তব বর্ত্ততে ॥ ১৬ ॥

ত্বদ্বাম্যেন সমং সমগ্রমধুনা তিগ্মাংশুরস্তং গতো,
গোবিন্দস্য মনোরথেন চ সমং প্রাপ্তং তমঃ সান্দ্রতাম্।

তথাতিশীঘ্রমভিসারায়িতুং প্রিয়দুঃখমেব বর্ণয়তি বিকিরতীতি। হে কান্তে! তব প্রিয়ঃ মদনকদনক্লান্তঃ সন্ বর্ত্ততে। ক্লান্ততামাহ—নাগতৈব সা প্রিয়েতি কৃত্বা মুহুর্ব্বারংবারং শ্বাসান্ বিশেষেণোচ্চৈঃ কিরতীত্যর্থঃ। অধুনা আগমিষ্যতীতি কৃত্বা অগ্রে দিশো মুহুরীক্ষতে। কদাচিদন্যেন পথাগতা তিষ্ঠতীতি মুহুঃ কুঞ্জং প্রবিশতি, কুঞ্জং প্রবিশ্য ত্বামপশ্যন্ কথং নাগতেতি মুহুরব্যক্তশব্দং কুর্ব্বন্ বহু যথা স্যাত্তথা ম্লায়তি, ময়ি দৃঢ়ানুরাগৈব সা সাম্প্রতমেবাগমিষ্যতীতি মুহুঃ শয্যাং রচয়তি। মচ্চিত্তজিজ্ঞাসার্থং কদাচিদিতো নির্গত্য তিষ্ঠতীতি পর্য্যাকুলং যথা স্যাত্তথা মুহুরীক্ষতে ॥ ১৬ ॥

ততঃ সম্প্রত্যেব গমনং সাম্প্রতমিতি গমনসময়ানুকূল্যমাহ ত্বদীতি। তব বক্রতয়া সহ অধুনা সূর্য্যঃ সমগ্রমস্তং গতঃ, সখি! ত্বদীয় জীবনসখা হরি মদনবাণে জর্জ্জরিত হইয়া ঘন ঘন সুদীর্ঘ দীর্ঘনিশ্বাস বিসর্জ্জন করিতেছেন, পুনঃ পুনঃ শয্যাবিরচনা করিতেছেন এবং উদ্বিগ্নান্তঃকরণে মুহুর্ম্মুহুঃ পথের দিকে তোমার আশায় দৃষ্টিপাত করিতেছেন ॥ ১৬ ॥

সহস্ররশ্মি দিবাকর তোমার বিপরীতাচরণ দেখিয়াই যেন অস্তাচলশিরে

কোকানাং করুণস্বনেন সদৃশী দীর্ঘা মদভ্যর্থনা,
তন্মুগ্ধে বিফলং বিলম্বনমসৌ রম্যোঽভিসারক্ষণঃ ॥ ১৭
আশ্লেষাদনু চুম্বনাদনু নখোল্লেখাদনু স্বান্তজ-
প্রোদ্বোধাদনু সংভ্রমাদনু রতারম্ভাদনু প্রীতয়োঃ ।

গোবিন্দস্য মনোরথেন অবিচ্ছিন্নস্মর্য্যমাণতয়া ধৈর্য্যোন্মূলকাভিলাষেণ চ সহ তমোঽন্ধকারং নিবিড়তাং প্রাপ্তঃ : চক্রবাকানাং *করুণস্বনেন তুল্যা মদভ্যর্থনা যুবয়োর্দ্দশাং বিলোক্য প্রাপ্তদৈন্যা দীর্ঘা জাতা. তত্তস্মাৎ হে মুগ্ধে ! বিচারানভিজ্ঞে ! বিলম্বনং বিফলম্ । যতোঽসৌ ক্ষণো-ঽভিসারে রম্যঃ প্রিয়তমঃ উৎকণ্ঠিতো রম্যাশ্চাভিসারক্ষণশ্চিরমভ্যর্থনপরা সখী তথাপি বেশাদিব্যাজেন গমনবিলম্বনমিতি মৌগ্ধ্যম্ ॥ ১৭ ॥

অথোৎকণ্ঠাবর্দ্ধনার্থং তন্মনোরথমেব বিবৃত্যাহ আশ্লেষাদিতি। ইহ তমসি দম্পত্যোরাবয়োর্ব্রীড়য়া কথং সহসৈবং কর্ত্তুমারব্ধমিত্যেবংভূতয়া লজ্জয়া মিশ্রিতো রসঃ শৃঙ্গাররূপঃ কো ন কো ন অভূদপি তু সর্ব্বত্রৈবা-ভূদিত্যর্থঃ। পূর্ব্বকালীনে মেঘৈর্মেদুরমিত্যাদ্যুক্তগাঢ়ান্ধকারে যথাভূৎ তথা ইহ গোবিন্দস্য মনোরথকথনেন অভিসর্ত্তুং শ্রীরাধিকাপ্রোৎসাহন-মুক্তম্। পূর্ব্বকালীনানুভবমেবাহ। *কীদৃশোরস্যাথং অন্যোন্যপ্রাপ্ত্যা-

গমন করিয়াছেন এবং হরির মনোরথের সহিত অন্ধকাররাশিও নিরন্ত হইতে লাগিল, আমিও লুক্কায়িত হইলাম, চক্রবাকবৎ করুণনাদে বহু-ক্ষণ যাবৎ তোমাকে অনুনয় করিতেছি ; অতএব হে সুন্দরি ! আর বিলম্ব করিও না, দেখ, অভিসারের উপযুক্ত রমণীয় সময় উপস্থিত ॥ ১৭ ॥

সখি ! যখন তোমরা ঘোর তিমিরমধ্যে পরস্পর পরস্পরের উদ্দেশে গমনপূর্ব্বক বহু অনুসন্ধানের পর সমবেত হইয়াছিলে এবং কথোপকথন

অন্যার্থং গতয়োর্ভ্রমান্মিলিতয়োঃ সম্ভাষণৈর্জানতো-
র্দম্পত্যোরিহ কো ন কো ন তমসি ব্রীড়াবিমিশ্রো রসঃ ॥ ১৮ ॥
সভয়চকিতং বিন্যস্যন্তীং দৃশৌ তিমিরে পথি
প্রতিতরু মুহুঃ স্থিত্বা মন্দং পদানি বিতন্বতীম্।
কথমপি রহঃ প্রাপ্তামঙ্গৈরনঙ্গতরঙ্গিভিঃ,
সুমুখি সুভগঃ পশ্যন্ স ত্বামুপৈতু কৃতার্থতাম্ ॥ ১৯ ॥

র্ত্তিভরেণ অবস্থাবিশেষাবধানার্থং গতয়োঃ। পুনঃ কীদৃশোঃ—ভ্রমাদ্ ভ্রমণং বিধায় মিলিতয়োঃ, তর্হি কথং ব্রীড়াবিমিশ্রিতরসঃ সম্ভাষণৈ-র্জানতোঃ. ততঃ প্রথমাশ্লেষাত্তদনু চুম্বনাত্তদনু নখোল্লেখাত্তদনু কামস্য প্রকাশনাত্তদনু সংভ্রমাত্তৎকালোচিতবেগাত্তদনু রতারম্ভাত্তদনু প্রীতয়োঃ, তস্মাদীদৃশোৎকণ্ঠিতে তস্মিন্ তব গমনবিলম্বো ন যুক্ত ইত্যভিপ্রায়ঃ, পূর্ব্বানুভূতস্ফূর্ত্ত্যাসৌ মনোরথঃ ॥ ১৮ ॥

অথৈতৎশ্রবণব্যগ্রতয়া গমনসম্মতিমালোক্য গমনপ্রকারমাহ সভয়েতি। হে সুমুখি! ভাগ্যবান্ স কৃষ্ণঃ ত্বাং পশ্যন্ কৃতার্থো ভবতু। কীদৃশীম্?—সভয়চকিতং যথা স্যাত্তথা তিমিরে পথি নেত্রে বিন্যস্যন্তীম্, কেনচিৎ কুত্রচিৎ তিষ্ঠতা দ্রক্ষ্যোঽহমিতি নেত্রস্য সভয়চকিতত্বম্, তথা প্রতি-তরু তরৌ ত্বরাবিত্যর্থঃ স্থিত্বা মন্দং পদানি বিতন্বতীম্, দৌর্ব্বল্যাৎ

দ্বারা পরস্পর পরস্পরকে চিনিতে পারিয়া যথাক্রমে আলিঙ্গন, চুম্বন, নখাঘাত, সাত্ত্বিকভাব, ভয় ও অবশেষে রতিসম্ভোষ প্রাপ্ত হইয়াছিলেন, তখন যে তোমরা লজ্জাবিজড়িত কত শত নূতন রস অনুভব করিয়াছিলে, তাহা বলিতে পারি না ॥ ১৮ ॥

বিধুমুখি! তুমি তিমিরাবৃত পথে ভীতিনিবন্ধন চমকিত হইয়া ঘন ঘন চতুর্দ্দিকে নেত্রপাত করিবে এবং প্রতি তরুমূলে পুনঃ পুনঃ

রাধামুগ্ধমুখারবিন্দমধুপস্ত্রৈলোক্যমৌলিস্থলী-
নেপথ্যোচিতনীলরত্নমবনীভারাবতারান্তকঃ।
স্বচ্ছন্দং ব্রজসুন্দরীজনমনস্তোষপ্রদোষশ্চিরং,
কংসধ্বংসনধূমকেতুরবতু ত্বাং দেবকীনন্দনঃ ॥ ২০ ॥

ইতি শ্রীগীতগোবিন্দমহাকাব্যেঽভিসারিকাবর্ণনে সাকাঙ্ক্ষ-
পুণ্ডরীকাক্ষো নাম পঞ্চমঃ সর্গঃ ॥ ৫ ॥

শীঘ্রগমনাশক্ত্যা পাদয়োর্মন্দবিন্যাসত্বম্, অতঃ কথমপি রহঃ প্রাপ্তাং যতোঽনঙ্গতরঙ্গিভিরঙ্গৈরুপলক্ষিতামুৎকণ্ঠয়ানঙ্গতরঙ্গিত্বমঙ্গনানাম্ ॥ ১৯ ॥

অথ বিরহবর্ণনব্যাকুলঃ কবিস্তয়োর্মিথো মিলনকালস্মরণজাতহর্ষঃ আশিসমাতনোতি রাধেতি। দেবকী শ্রীযশোদা তস্যা নন্দনস্ত্বাং চিরমবতু। দ্বে নাম্নী নন্দভার্য্যায়া যশোদা দেবকী চেতি পুরাণপ্রসিদ্ধেঃ। যতঃ শ্রীরাধায়াঃ মনোহরমুখকমলস্য মধুপঃ যতস্ত্রৈলোক্যমৌলিস্থল্যাঃ শ্রীবৃন্দাবনস্যালঙ্কারায় যোগ্যং নীলরত্নম্ অতএব ব্রজসুন্দরীজনস্য মনঃসন্তোষায় রজনীমুখং কিঞ্চ কংসধ্বংসনায় যতোঽবনের্ভারাবতারান্তকঃ অতএব শ্রীরাধায়াঃ গমনাকাঙ্ক্ষয়া সহিতঃ পুণ্ডরীকাক্ষো যত্র স ইতি ॥ ২০ ॥

ইতি শ্রীগীতগোবিন্দটীকায়াং বালবোধিন্যাং পঞ্চমঃ সর্গঃ ॥ ৫ ॥

বিশ্রাম করিয়া মৃদুমন্দগতিতে গমন করিও। এইরূপ মদনতরঙ্গে তরঙ্গায়িত-কলেবরে তোমাকে বিরলে দেখিয়া সৌভাগ্যশালী কৃষ্ণ আপনাকে চরিতার্থ জ্ঞান করিবেন ॥ ১৯ ॥

যিনি শ্রীমতী রাধিকার মনোমোহন বদনপদ্মের ভ্রমরস্বরূপ, ত্রিলোকের শিরোমণি নীলরত্নস্বরূপ, ধরার দুর্ব্বহ ভারতুল্য পাপাত্মগণের অন্তকস্বরূপ, গোপরমণীগণের সন্ধ্যাকালস্বরূপ এবং কংসের পক্ষে ধূমকেতুস্বরূপ, সেই কংসনিসূদন দেবকীনন্দন কৃষ্ণ তোমাদের রক্ষাবিধান করুন ॥ ২০ ॥

ষষ্ঠঃ সর্গঃ

(ধৃষ্টবৈকুণ্ঠঃ)

অথ তাং গন্তুমশক্তাং চিরমনুরক্তাং লতাগৃহে দৃষ্ট্বা।
তচ্চরিতং গোবিন্দে মনসিজমন্দে সখী প্রাহ ॥ ১ ॥

(গীতম্)

(গোণ্ডকিরীরাগেণ রূপকতালেন চ গীয়তে)

পশ্যতি দিশি দিশি রহসি ভবন্তম্।
তদধরমধুরমধূনি পিবন্তম্।
নাথ হরে সীদতি রাধাবাসগৃহে ॥ ২ ॥ (ধ্রুবম্)

এবং প্রিয়তমবৈকল্যশ্রবণেন দশমীদশোন্মুখীমিব তামালক্ষ্য অতি-ব্যগ্রা সখী পুনরাগত্য শ্রীকৃষ্ণং প্রাহেতি তস্যা বাসকসজ্জাবস্থাং বর্ণয়িষ্য-ন্নাহ অথেতি। অথানন্তরং তাং লতাগৃহে দৃষ্ট্বা তচ্চরিতং গোবিন্দে সখী প্রাহ। কীদৃশীম্?—চিরমনুরক্তাম্। যদ্যেবং তর্হি কথং নাগচ্ছতি?—গন্তুমশক্তাম্। তর্হি কৃষ্ণঃ কথং নাগতঃ?—মনসিজেন প্রিয়ার্ত্তিশ্রবণজ-মনোদুঃখেন মন্দে নিরুৎসাহীকৃতে ॥ ১ ॥

হে নাথ! হে হরে! বাসগৃহে রাধা সীদতি, প্রতিক্ষণং আকুলা

বৃষভানুনন্দিনী রাধা শ্রীকৃষ্ণে অনুরাগবতী হইয়া লতাগৃহে অধিষ্ঠিত আছেন। কৃষ্ণসকাশগমনে একান্ত ঔৎসুক্য থাকিলেও দৌর্ব্বল্যনিবন্ধন গমনে সমর্থ হইলেন না। তদ্দর্শনে সখী রাধাবিরহবিধুর হরির সকাশে উপস্থিত হইয়া রাধিকার অবস্থা বর্ণন করিতে আরম্ভ করিল ॥ ১ ॥

হে নাথ! হে হরে! রাধা সতী ক্লান্ত হইয়া কুঞ্জগৃহে

ত্বদভিসরণরভসেন বলন্তী।
পততি পদানি কিয়ন্তি চলন্তী (নাথ হরে) ॥ ৩ ॥
বিহিতবিশদবিসকিশলয়বলয়া।
জীবতি পরমিহ তব রতিকলয়া (নাথ হরে) ॥ ৪ ॥

ভবতি। ত্বয্যনুরক্ততয়া সন্তাপ এবানুভূতস্তবেতি নাথশব্দঃ। ত্বয়া তস্যা লজ্জাধৈর্য্যাদিকহরণাৎ হরিশব্দোঽপি নির্দ্দিষ্টঃ। তৎপ্রকারমাহ—দিশি দিশি রহসি সা ভবন্তমেব পশ্যতি, ত্বন্ময়ং জগদভূত্তথাপি ত্বং মনসাপি তাং ন স্মরসীতি সন্তাপকত্বমেবেত্যর্থঃ। কীদৃশম্? তস্যা অধরস্য মধুরং যন্মধু তৎ পিবন্তম্। ত্বদধরেতি পাঠে ত্বচ্ছব্দোঽন্যার্থঃ। অন্যাধরমধূনি পিবন্তমিত্যর্থঃ। অনেনাপি লোভহর্ষোৎপাদকতয়া তথৈবার্থঃ ॥ ২ ॥

যদ্যেতাদৃশী সা তৎ কথং নাগচ্ছতীত্যাহ। ত্বদভিসারোৎসাহেন বলন্তী বলযুক্তা কিয়ন্তি পদানি চলন্তী পততি আগন্তুমসমর্থেত্যর্থঃ ॥ ৩ ॥

যদ্যেবং তর্হি কথং জীবতীত্যাহ। সা কেবলং তব রতিকলয়া ত্বৎকর্ত্তৃক-রমণাবেশেন জীবতি। কীদৃশী?—কৃত্বা বিসানাং মৃণালানাং পল্লবানাঞ্চ বলয়াঃ কঙ্কণানি যয়া সা ॥ ৪ ॥

অবস্থান করিতেছেন। তিনি যে দিকে নেত্রপাত করিতেছেন, সেই দিকেই যেন তুমি আসিয়া বিরলে তাঁহার মধুর অধরামৃত পান করিতেছ, তাঁহার হৃদয়ে এইরূপ অনুমিত হইতেছে ॥ ২ ॥

তোমার উদ্দেশে অভিসারের অধ্যবসায়ে দৃঢ়সঙ্কল্প করিয়া যেমন দুই এক পদ অগ্রসর হন, অমনই গতিস্খলন হয়, ভূতলে পড়িয়া যাইতেছেন ॥ ৩ ॥

তাঁহার করদ্বয়ে ধবলমৃণাল ও কিসলয়বিরচিত কঙ্কণ বিরাজ করিতেছে; তোমার সহিত মিলনের আশাতেই তিনি জীবনধারণ করিতেছেন ॥ ৪ ॥

মুহুরবলোকিতমণ্ডনলীলা ।
মধুরিপুরহমিতি ভাবনশীলা (নাথ হরে) ॥ ৫ ॥
ত্বরিতমুপৈতি ন কথমভিসারম্ ।
হরিরিতি বদতি সখীমনুবারম্ (নাথ হরে) ॥ ৬ ॥
শ্লিষ্যতি চুম্বতি জলধরকল্পম্ ।
হরিরুপগত ইতি তিমিরমনল্পম্ । (নাথ হয়ে) ॥ ৭ ॥

তৎপ্রকারমেবাহ । মুহুর্বারংবারং অবলোকিতমণ্ডনেন স্বস্মিন্ বর্হগুঞ্জাদিভিঃ কৃতত্বৎসদৃশবেশেন তবানুকৃতির্যয়া সা । অতএবাহং মধুরিপুরিতি ভাবনপরা ত্বন্ময়াত্মকস্ফূর্ত্ত্যেত্যর্থঃ । প্রিয়স্যানুকৃতির্লীলেতি চ নাট্যালোচনম্ ॥ ৫ ।

পুনঃ স্ফূর্ত্ত্যপগমে ত্বত্ত আত্মানং পৃথক্মত্বা দ্রুতমভিসারং হরিঃ কথং নোপৈতীত্যনুবারং সখীং মাং বদতি ॥ ৬ ॥

পুনশ্চ অত্যাবেশেন ত্বয়ি চ স্ফুরতি সতি শ্রীকৃষ্ণ আগত ইতি কৃত্বা মেঘতুল্যং প্রচুরমন্ধকারং শ্লিষ্যতি চুম্বতি চ ॥ ৭ ॥

হে মুরারে! আমাদিগের প্রিয়সখী তোমার ন্যায় বেশ-ভূষা ধারণপূর্ব্বক মুহুর্মুহুঃ সেই দিকে নেত্রপাত করিয়া 'আমিই কৃষ্ণ' এই প্রকার চিন্তা করিতেছেন ॥ ৫ ॥

তিনি পুনঃ পুনঃ সহচরীকে জিজ্ঞাসা করিতেছেন যে, এখনও প্রাণনাথ না আসার কারণ কি ? ॥ ৬ ॥

তিনি ভ্রান্তার ন্যায় কৃষ্ণ আসিয়াছেন বিবেচনায় জলদবর্ণ অন্ধকারকে চুম্বন ও কখনও বা আলিঙ্গন করিতেছেন ॥ ৭ ॥

ভবতি বিলম্বিনি বিগলিতলজ্জা।
বিলপতি রোদিতি বাসকসজ্জা (নাথ হরে) ॥ ৮ ॥
শ্রীজয়দেবকবেরিদমুদিতম্।
রসিকজনং তনুতামতিমুদিতম্ (নাথ হরে) ॥ ৯ ॥
বিপুলপুলকপালিঃ স্ফীতশীৎকারমন্ত-
র্জনিতজড়িমকাকুব্যাকুলং ব্যাহরন্তী।

পুনস্তদপগমে ত্বয়ি বিলম্বিনি সতি বিগলিতলজ্জা সতী বিলপতি রোদিতি চ। কীদৃশী ?—বাসকসজ্জাবস্থাং প্রাপ্তা ॥ ৮ ॥

শ্রীজয়দেবকবেরিদমুদিতং শৃঙ্গাররসভাবিতান্তঃকরণম্ অতিশয়েন মুদিতং করোতু। অনেন শৃঙ্গাররসাবিষ্টভক্তৈরিদমাস্বাদনীয়মিত্যর্থঃ ॥ ৯ ॥

স্বসখ্যার্ত্তিস্মরণেন অতিব্যাকুলা সা সের্ষ্যমিব পুনরাহ বিপুলেতি। হে ধূর্ত্ত! কণ্ঠাগতপ্রাণাং তাং বনমানীয় নিশ্চিন্তোঽসীতি ধূর্ত্ততয়া সম্বোধনম্ অনল্পকন্দর্পচিন্তাং হৃদি কৃত্বা মৃগাক্ষী সরলচিত্তা শ্রীরাধা তব রসসমুদ্রে নিমগ্না বভূব চেৎ সমুদ্রমগ্না অবলম্বনং বিনা কথং জীবতি তবেত্যর্থাৎ জ্ঞেয়ং, সমুদ্রমগ্নো যথা কাষ্ঠাদিকমেবাবলম্বতে তথেয়মপ্যুপায়ান্তরাভাবাৎ তব ধ্যানে লগ্নেত্যর্থঃ। ধ্যানপ্রাপ্ত-সঙ্গমবিকারমাহ। বিপুলা রোমাঞ্চপঙ্‌ক্তির্যস্যাঃ সা তথা স্ফীতশীৎকারং

হে হরে! তোমার বিলম্ব দর্শনে রাধার লজ্জা বিদূরিত হইয়াছে; তিনি বাসকসজ্জা করিয়া অনুতাপ সহকারে রোদনে প্রবৃত্ত হইয়াছেন ॥ ৮ ॥

জয়দেবকবিবিরচিত এই সরসপদ্যাবলী রসিকবৃন্দের হৃদয়ে আনন্দবর্দ্ধন করুক ॥ ৯ ॥

হে শঠ! হরিণনয়না রাধিকা ক্ষণে ক্ষণে রোমাঞ্চিত হইতেছেন,

তব কিতব বিধায়ামন্দকন্দর্পচিন্তাং,
রসজলধিনিমগ্না ধ্যানমগ্না মৃগাক্ষী ॥ ১০ ॥
অঙ্গেষ্বাভরণং করোতি বহুশঃ পত্রেঽপি সঞ্চারিণি,
প্রাপ্তং ত্বাং পরিশঙ্কতে বিতনুতে শয্যাং চিরং ধ্যায়তি

যথা স্যাত্তথা ব্যাহরন্তী; অভ্যন্তরে জনিতো যোঽসৌ জড়িমা জাড্যং তেন জাতা যা কাকুস্তয়া ব্যাকুলমিত্যপি ক্রিয়াবিশেষণম্; জলধি-মগ্নস্যাপি জাড্যাদয়ো ভবন্তীত্যর্থঃ ॥ ১০ ॥

পুনরতিশীঘ্রগমনায় তস্যা বাসকসজ্জাচেষ্টিতমাহ অঙ্গেষিতি। শ্রীকৃষ্ণঃ মামেকং পশ্যন্ মন্দমনা ভবিষ্যতি ইত্যঙ্গেষ্বাভরণং বহুশঃ করোতি, নাগত ইতি ত্যজতি, পুনঃ করোতি ইত্যনেনাকল্পবাহুল্য-মিত্যাকল্পঃ, পত্রেঽপি পক্ষ্যাদিনা সঞ্চারিণি সতি প্রাপ্তমাগতং ত্বাং পরিশঙ্কতে, অনেন বিকল্পঃ, আগতা শ্রীকৃষ্ণোঽত্র শয়িষ্যতে ইতি শয্যাং বিতনুতে। অনেন তল্পরচনা, চিরং ধ্যায়তি তব সঙ্গমরসং স্মরতি, অনেন সঙ্কল্পলীলাশতমিতানেন প্রকারেণ আকল্প-

তদীয় চিত্ত মোহান্ধ হওয়াতে, তিনি বিহ্বল হইয়া সুদীর্ঘ চীৎকার সহকারে বিলাপ করিতেছেন এবং প্রগাঢ় মদনচিন্তা করিতে করিতে তোমার ধ্যানে নিবিষ্ট হইয়া প্রেমরসসাগরে মগ্ন হইতেছেন ॥ ১০ ॥

তিনি পুনঃ পুনঃ অঙ্গে বিভূষণ ধারণ করিতেছেন, পত্রশব্দে চকিত হইয়া, তুমি আসিয়াছ বিবেচনায় শয্যাবিরচনা করিতেছেন এবং বহু-ক্ষণাবধি তোমার চিন্তায় অভিনিবিষ্ট রহিয়াছেন। বয়বর্ণিনী রাধা এইরূপে বেশবিন্যাস, তোমার আগমন সিদ্ধান্ত করত চিন্তা,

ইত্যাকল্পবিকল্পতল্পরচনাসঙ্কল্পলীলাশত-
ব্যাসক্তাপি বিনা ত্বয়া বরতনুর্নৈষা নিশাং নেষ্যতি ॥ ১১
কিং বিশ্রাম্যসি কৃষ্ণভোগিভবনে ভাণ্ডীরভূমীরুহি,
ভ্রাতর্যাহি ন দৃষ্টিগোচরমিতঃ সানন্দনন্দাস্পদম্ ।

বিকল্পতল্পরচনাসঙ্কল্পলীলাশতব্যাসক্তাপি বরতনুরেষা ত্বয়া বিনা নিশাং ন নেষ্যতি ॥ ১১ ॥

অথ কবিরেতদ্বর্ণন-ব্যাকুলস্তস্যাভিসারানন্তর-পূর্ব্বচরিতং কথয়ন্নাহ কিমিতি। গোবিন্দস্য গিরো জয়ন্তি, শ্রীরাধিকায়া মনোরথং পূরয়ন্তি ইত্যর্থঃ। কীদৃশস্য ?—শ্রীনন্দস্য সমীপে পথিকস্য মুখাৎ শ্রীরাধায়াস্তদ্-বচনং গোপতঃ গোপয়তঃ। কিং তদ্বচনম্ ?—হে ভ্রাতঃ পথিক! ভাণ্ডীর-নাম-তরুবনে কিং বিশ্রাম্যসি ? বিশ্রামং মা কৃথা ইত্যর্থঃ। কথম্ ?—কৃষ্ণভোগিনঃ কালসর্পস্য শয়নস্থানে পক্ষে সম্ভোগবিশিষ্টস্য শ্রীকৃষ্ণস্য। তর্হি ইদানীং ক্ব যামি ?—নন্দস্যাস্পদং গৃহং কিং ন যাসি ? কীদৃশম্ ? আনন্দেন সহ বর্ত্তমানম্। কতি দূরে ?—ইতঃ স্থানাৎ দৃষ্টিগোচরমিতে

শয্যাবিরচনা ও সঙ্কল্পলীলাসমূহে আসক্ত থাকিয়াও কেবলমাত্র তোমার অদর্শনে কোনরূপেই রজনী অতিবাহিত করিতে সমর্থ হইতেছেন না ॥ ১১ ॥

হে ভ্রাতঃ পথিক! ভাণ্ডীরমূলে বিশ্রাম করিবার কারণ কি? ঐ স্থানে কৃষ্ণসর্প বাস করে। ঐ দেখ, নাতিদূরে আনন্দময় নন্দালয় নেত্র-গোচর হইতেছে। ঐ স্থানে যাইতেছ না কেন? শ্রীমতী রাধা

রাধায়া বচনং তদধ্বগমুখান্নন্দান্তিকে গোপতো,
গোবিন্দস্য জয়ন্তি সায়মতিথিপ্রাশস্ত্যগর্ভা গিরঃ ॥ ১২ ॥ *

ইতি শ্রীগীতগোবিন্দমহাকাব্যে বাসকসজ্জাবর্ণনে ধৃষ্টবৈকুণ্ঠো নাম ষষ্ঠঃ সর্গঃ ॥ ৬ ॥

দৃশ্যত ইত্যর্থঃ। কীদৃশ্যো গিরঃ? সায়ংকালে অতিথিস্তস্যৈব প্রাশস্ত্যং প্রশংসাদিরূপং তদেব গর্ভোঽভিপ্রায়ো যাসাং তাঃ। অতএব ধৃষ্টঃ প্রগল্‌ভো বৈকুণ্ঠো যত্র সঃ ॥ ১২ ॥

ইতি শ্রীগীতগোবিন্দটীকায়াং বালবোধিন্যাং ষষ্ঠঃ সর্গঃ ॥ ৬ ॥

পথিকের মুখে বৃত্তান্ত প্রেরণ করিলে শ্রীহরি উহা নন্দসদনে প্রকাশ না করিয়া সায়ংকালে সমাগত অতিথিস্বরূপ পথিকের যে প্রকার প্রশংসাবাদ করিয়াছিলেন, সেই প্রশংসাবচন জয়যুক্ত হউক ॥ ১২ ॥

* সুস্নিগ্ধগর্ভা গিরঃ—ইতি পাঠান্তরম্।

সপ্তমঃ সর্গঃ

(নাগরনারায়ণঃ

অত্রান্তরে চ কুলটাকুলবর্ত্মপাত-
সঞ্জাতপাতক ইব স্ফুটলাঞ্ছনশ্রীঃ।
বৃন্দাবনান্তরমদীপয়দংশুজালৈ-
র্দিক্‌সুন্দরীবদনচন্দনবিন্দুরিন্দুঃ ॥ ১ ॥
প্রসরতি শশধরবিম্বে বিহিতবিলম্বে চ মাধবে বিধুরা।
বিরচিতবিবিধবিলাপং সা পরিতাপং চকারোচ্চৈঃ ॥ ২ ॥

পুনরুৎকণ্ঠিতাচরিতং বর্ণয়িষ্যন্ শ্রীকৃষ্ণস্যানাগমনকারণমাহ অত্র ইতি। অস্মিন্নবসরে ইন্দুঃ কিরণসমূহৈঃ বৃন্দাবনান্তরমদীপয়ৎ। কীদৃশঃ? —দিক্ পূর্ব্বা সৈব সুন্দরী তস্যা বদনে চন্দনবিন্দুরিবেতি লুপ্তোপমা। পুনঃ কীদৃশঃ? প্রকটীভূতা কলঙ্কস্য শ্রীঃ শোভা যস্মিন্। অনেন চন্দ্রস্য পূর্ণপ্রায়তা উক্তা। অত্রোৎপ্রেক্ষ্যতে—কুলটানাং কুলস্য বর্ত্ম বিরোধেন সঞ্জাতং যৎ পাতকং তস্মাজ্জাতো রোগবিশেষো যস্য সঃ, যঃ খলু পাতকী ভবতি স রোগবিশেষচিহ্নিতো ভবতীত্যর্থঃ ॥ ১ ॥

তামেবাবস্থামাহ প্রসরতীত্যাদিনা। সা উচ্চৈঃ কৃতো নানাপ্রকারো

তদনন্তর দিক্‌রমণীগণের ললাটশোভি-চন্দনবিন্দুস্বরূপ শীতরশ্মি স্বীয় কিরণপটল দ্বারা পবিত্র বৃন্দাবন সমুদ্ভাসিত করিলেন। কুলটাগণকে কুল-পথচ্যুত করাতে তাঁহার যে প্রত্যবায় ঘটিয়াছিল, যেন তাহার অভিজ্ঞানস্বরূপ কলঙ্করেখারাজি উহাতে সম্যক্ প্রকাশ পাইতে লাগিল ॥ ১ ॥

শশাঙ্করশ্মি চতুর্দ্দিকে বিকীর্ণ হইল, অথচ শ্রীহরিও আগমনে বিলম্ব

(গীতম্)

(মালবরাগযতিতালাভ্যাং গীয়তে)

কথিতসময়েঽপি হরিরহহ ন যযৌ বনং,
মম বিফলমিদমমলমপি রূপযৌবনম্।
যামি হে কমিহ শরণং সখীজনবচনবঞ্চিতা ॥ ৩ ॥ (ধ্রুবম্)

বিলাপো বিবিধশঙ্কারূপো যত্র তদ্‌যথা স্যাৎ তথা পরিতাপং চকার। কীদৃশী কদা ইত্যত আহ।—শশধরবিম্বে প্রসরতি সতি মাধবে চ বিহিতবিলম্বে সতি বিধুরা ব্যাকুলা ॥ ২ ॥

পরিতাপমেবাহ কথিতেত্যাদিনা। হে ইতি স্বাগতসম্বোধনম্। ইহ সময়ে কং শরণং যামি? সখীশরণং যামি। সখীজনস্য তেনাশ্বাস-বচনেনৈব বঞ্চিতা তর্হি সময়ঃ প্রতীক্ষ্যতাম্, যাবৎ স্বয়মায়াতি হরিঃ কথিতসময়ে চন্দ্রোদয়কালে যস্মাৎ অহহ খেদে হরির্মম মনো হরন্ মন্মনো হৃত্বা ইত্যর্থঃ। বনমপি ন যযৌ কুতোঽত্র আগমিষ্যতীত্যর্থঃ। তস্মান্মমেদং যৌবনং নির্ম্মলং রূপমপি বিফলং ব্যর্থম্ ॥ ৩ ॥

করিলেন, তদ্দর্শনে বিরহবিধুরা রাধিকা অতীব অধীরা হইয়া অনুতাপ সহকারে মুক্তকণ্ঠে বিলাপ করিতে আরম্ভ করিলেন ॥ ২ ॥

হায়! নিরূপিত সময়েও হরির আগমন হইল না। আমার বিমল রূপযৌবন সমস্তই বৃথা হইল। সখীরা আমাকে আশ্বাসবচনে প্রতারিত করিয়াছে। হায়! এখন আমি কাহার শরণাপন্ন হই? কোথায় বা গমন করি? ৩ ॥

যদনুগমনায় নিশি গহনমপি শীলিতম্।
তেন মম হৃদয়মিদমসমশরকীলিতম্ (যামি হে) ॥ ৪ ॥
মম মরণমেব বরমতিবিতথকেতনা।
কিমিহ বিষহামি বিরহানলমচেতনা (যামি হে) ॥ ৫ ॥
মামহহ বিধুরয়তি মধুরমধুযামিনী।
কাপি হরিমনুভবতি কৃতসুকৃতকামিনী (যামি হে) ॥ ৬ ॥

কিঞ্চ ইতস্ততো ভ্রষ্টাস্মীত্যাহ। যস্যানুগমনায় নিরন্তরং সঙ্গমায় রাত্রৌ বনমপি সেবিতুম্, তেন শ্রীকৃষ্ণেন হেতুনা মমেদং হৃদয়ং কাম-বাণেন বিদ্ধং মহৎ কষ্টমিত্যর্থঃ ॥ ৪ ॥

অতো মরণমেব মম বরং শ্রেষ্ঠং যতোঽতিবিতথং ব্যর্থং কেতনং দেহো যস্যাঃ সা অচেতনাহং বিরহানলমিহ সময়ে কিমর্থং বিষহামি ॥ ৫ ॥

ন কেবলমত্র নাগত ইতি চঞ্চলচিত্তোঽয়ং কামপ্যন্যামভিসৃত ইত্যাহ। কাপি কৃতসুকৃতকামিনী হরিমনুভবতি তেন সহ কেলিসুখমিত্যর্থঃ। মাং তু পরমসুখরূপা বসন্তনিশা অহহ খেদে, বিকলয়তি, যা নিশা দূরস্থমপি প্রিয়ং সঙ্গময়তি, সৈব সুকৃতাভাবাৎ মাং বিধুরয়তি। কথং সা অনুভবতি?—কৃতং সুকৃতং যয়া সা মম তাদৃক্ সুকৃতং নাস্তীত্যর্থঃ ॥ ৬ ॥

হায়! যাহার সঙ্গমাশায় বনমধ্যে নিশাপাত করিলাম, সেই কৃষ্ণ আমার হৃদয় মদনশরে বিদ্ধ করাইতেছেন ॥ ৪ ॥

হায়! আমার মরণই মঙ্গল, এ প্রাণধারণে আর ফল নাই। আমার চেতনা নাই, আমি কেন বিরহানল সহ্য করিতেছি? ॥ ৫ ॥

হায়! এই মধুময়ী বাসন্তী রজনী আমাকে আকুল করিয়া তুলিতেছে; কিন্তু এই সময়ে কোন পুণ্যবতী মহিলা প্রাণেশ্বরের সহিত কেলি করিয়া সুখভোগ করিতেছে ॥ ৬ ॥

অহহ ! কলয়ামি বলয়াদিমণিভূষণম্ ।
হরিবিরহদহনবহনেন বহুদূষণম্ (যামি হে) ॥ ৭ ॥
কুসুমসুকুমারতনুমতনুশরলীলয়া ।
স্রগপি হৃদি হন্তি মামতিবিষমশীলয়া (যামি হে) ॥ ৮ ॥
অহমিহ নিবসামি ন গণিতবনবেতসা ।
স্মরতি মধুসূদনো মামপি ন চেতসা (যামি হে) ॥ ৯ ॥

ততোঽন্যাপি অহহ খেদে, তৎকরকল্পিতবলয়াদিমণিভূষণং ধারয়ামি তত্র কথং খেদঃ হরিবিরহ এব বহ্নিস্তস্য ধারণেন বহূনি ভূষণানি যস্য তৎ দেহোষ্মণা দোষ্যাদিত্যর্থঃ । প্রিয়াবলোকনফলো হি স্ত্রীণাং বেশ ইত্যুক্তেঃ ॥ ৭ ॥

কিং বক্তব্যমন্যভূষণানাং তৎপ্রীত্যৈ হৃদি ধৃতাপি পুষ্পমালা কামবাণবিলাসেন মাং হন্তি । কীদৃশীম্ ? সহস্রকুসুমতঃ সুকুমারা তনুর্যস্যাস্তাং তৎসহনসামর্থ্যমপি নাস্তীত্যর্থঃ । কীদৃশ্যা ?—অতিবিষমং শীলং স্বভাবো যস্যাস্তয়া, অন্যো হি বাণঃ ক্ষতং কৃত্বা ব্যথয়তি কামবাণস্তু বিধ্যন্নন্তর্ভিনত্তীতি বিষমশীলত্বম্ ॥ ৮ ॥

অহমিহ নিবসামি মম মূর্খতৈবাবশিষ্টেত্যাহ । ভীতিমপগণয্য

হায় ! আমি মণিময় বলয়াদি বিভূষণ ধারণ করিলাম, কিন্তু ঐ সমস্ত অলঙ্কার কৃষ্ণবিয়োগানল উদ্দীপিত করিয়া আমাকে দারুণ যাতনা দিতে লাগিল ॥ ৭ ॥

এই কুসুমহার বক্ষের উপর সুশোভিত রহিয়াছে, ইহাও যেন মদনবাণরূপ পরিগ্রহ করিয়া আমার কুসুমসুকুমার দেহকে বিষমরূপে প্রহার করিতেছে ॥ ৮ ॥

কণ্টকিত বেতসলতাদির কষ্টও তুচ্ছ জ্ঞান করিয়া আমি এই

হরিচরণশরণজয়দেবকবিভারতী ।
বসতু হৃদি যুবতিরিব কোমলকলাবতী (যামি হে) ॥ ১০

তৎ কিং কামপি কামিনীমভিসৃতঃ কিংবা কলাকেলিভি-
র্বন্ধো বন্ধুভিরন্ধকারিণি বনাভ্যর্ণে কিমুদ্ভ্রাম্যতি ।

ভয়ঙ্করবনে তৎসমাগমাকাঙ্ক্ষয়া তিষ্ঠামি, মধুসূদনোঽস্থিরসৌহৃদো মাং চেতসা ন স্মরতি । কীদৃশী ?—ন গণিতং বনং বেতসশ্চ যয়া সা ॥ ৯ ॥

হরিচরণে শরণে যস্য তস্য জয়দেবকবের্ভারতী হৃদয়ে বসতু ভক্তানামিত্যর্থঃ । কস্মিন্ কেব ?—যুবতিরিব । কীদৃশী ?—কোমলা মাধুর্য্যগুণযুক্তা পক্ষে মৃদ্বঙ্গী কলাবতী কবিত্বশালিনী পক্ষে রতিকলাযুক্তা ॥ ১০ ॥

পূর্ব্বোক্তং বিকল্পং বিবৃণোতি তৎ কিমিতি । সঙ্কেতীকৃতমনোহরে বানীরলতাকুঞ্জেঽপি যৎ যস্মাৎ কান্তো ন আগতস্তস্মাৎ কিং কামপি অভিনবপ্রেমবন্ধুরাং কামিনীমভিসৃতেতি শঙ্কে । ময্যেব দৃঢ়ানুরাগোঽসৌ কথমন্যামভিসরিষ্যতীতি বিতর্কান্তরমাহ কিংবা মিত্রৈঃ ক্রীড়াকৌশলৈর্নিরুদ্ধঃ কৃতাভিসারসময়ে অস্মিংস্তদপি ন সম্ভবতীতি বিচিন্ত্য বিতর্কান্তরমাহ । মামভিসরন্নীরন্ধ্রতরুতয়া গাঢ়ান্ধকারিণি বনসমীপে কিমুদ্ভ্রাম্যতি পন্থান-

---

বনমধ্যে আসিয়াছি, কিন্তু হায় ! হরি আমাকে বারেকের জন্যও মনে করিলেন না ॥ ৯ ॥

কৃষ্ণপাদপদ্মাশ্রিত-জয়দেবকবি-বিরচিত এই চিত্তরঞ্জিনী গীতিকা কোমলাঙ্গী রতিকলানিপুণা যুবতীর ন্যায় তোমাদিগের চিত্তমন্দিরে অধিষ্ঠান করুক ॥ ১০ ॥

প্রাণবল্লভ পূর্ব্বনির্দ্দিষ্ট সঙ্কেতস্থান এই বেতসকুঞ্জে এখনও উপস্থিত হইলেন না ; বোধ হয়, অন্য কোন রমণীর অভিসারে গমন করিয়াছেন ।

কান্তঃ ক্লান্তমনা মনাগপি পথি প্রস্থাতুমেবাক্ষমঃ,
সঙ্কেতীকৃতমঞ্জুবঞ্জুললতাকুঞ্জেঽপি যন্নাগতঃ ॥ ১১ ॥
অথাগতাং মাধবমন্তরেণ সখীমিয়ং বীক্ষ্য বিষাদমূকাম্।
বিশঙ্কমানা রমিতং কয়াপি জনার্দ্দনং দৃষ্টবদেতদাহ ॥ ১২ ॥

মবিদিত্বেত্যর্থঃ। চতুরশিরোমণেঃ সহস্রশোঽনুভূতস্থলে ভ্রমঃ কথং স্যাদিতি বিচিন্ত্য নিশ্চিনোতি ক্লান্তং মদ্বিশ্লেষদুঃখেন চন্দ্রোদয়ানন্তরং তস্যাঃ কা দশা ভবেদিতি চিন্তয়া চোপতপ্তং মনো যস্য সঃ। পথি অল্পমাপ প্রস্থাতুমসমর্থ এব নাগত ইতি ॥ ১১ ॥

চন্দ্রোদয়েন শ্রীকৃষ্ণাগমনপ্রতিবন্ধে সতি তং বিনা সখ্যা আগমনে তস্যা বিপ্রলব্ধাবস্থাং বর্ণয়িতুমাহ অথেতি। অথানন্তরং মাধবং বিনা আগতাং সখীং বীক্ষ্য শ্রীরাধা এতদ্বক্ষ্যমাণমাহ। কীদৃশীম্?—দুঃখাতিশয়েন বক্তুমসমর্থাম্ অকৃতকার্য্যত্বাদিত্যর্থঃ। কীদৃশং জনার্দ্দনম্? কয়াপি কর্ত্তৃভূতয়া রমিতং দৃষ্টবদ্বিশঙ্কমানা। বিপ্রলব্ধা-

তাহাই কি সত্য হইবে? আমাতে ত তাঁহার অনুরাগ বিলক্ষণ বদ্ধমূল। তবে কি কোন বন্ধুবান্ধবের ক্রীড়াপাশে বদ্ধ হইয়াছেন? অথবা তিনি কি ঘোরতিমিরে আসিতে আসিতে পথভ্রমে অন্ধ হইয়াছেন? তাহাই বা কিরূপে সম্ভবে? সেই শঠচূড়ামণি কত শতবার ত অন্ধকারে এখানে আসিয়াছেন। বোধ হয়, শশাঙ্কোদয়ে আমার উৎকটদশা জন্মিয়াছে, আমি দারুণ কষ্ট পাইতেছি, এই সকল চিন্তা করিয়াই তিনি একান্ত ক্লান্ত হইয়া পড়িয়াছেন; সেই জন্যই পদমাত্র চলিতেও সমর্থ হইতেছেন না ॥ ১১ ॥

তদনন্তর শ্রীমতী রাধিকা দেখিলেন, তাঁহার সহচরী বিষণ্ণবদনে

(গীতম্)

(বসন্তরাগযতিতালাভ্যাং গীয়তে)

স্মরসমরোচিতবিরচিতবেশা ।
গলিতকুসুমদরবিগলিতকেশা ।*

লক্ষণং যথা—অহরহরনুরাগাৎ দূতিকাং প্রেষ্য পূর্ব্বং,সরভসমভিধায় কাপি সাঙ্কেতিকং যা । ন মিলতি খলু যস্যা বল্লভো. দৈবযোগাৎ, বদতি হি ভরত-স্তাং নায়িকাং বিপ্রলব্ধামিতি ॥ ১২ ॥

কিমেতদিত্যাহ । হে সখি ! কাপি যুবতির্মধুরিপুণা সহ বিলসতি । যতঃ মত্তোঽপ্যধিকা গুণা যস্য ইতি । অধিকেত্যনেন মৎসঙ্কেতমাগতং তং বশীকৃত্য বিলসতীতি গুণাধিক্যং তেন সহ ইত্যনেন তৎকর্ত্তৃকরণঞ্চ ধ্বনিতম্ । গুণানেবাহ স্মরেত্যাদিনা,—কামসংগ্রামস্য বাহুযুদ্ধস্য উচিতো বিরচিতো বেশো যয়া সা । ততশ্চ রণাবেশেন গলিতানি

মৌনভাবে একাকিনী আগমন করিতেছে । তদ্দর্শনে বুঝিলেন, হরি অন্য মহিলার সহিত বিহারে নিরত রহিয়াছেন । আশঙ্কাবশে যেন তাহা প্রত্যক্ষ দর্শন করিয়াই সখীকে সম্বোধন পূর্ব্বক বলিতে আরম্ভ করিলেন ॥ ১২ ॥

প্রিয়সখি ! কৃষ্ণ অবশ্যই কোন রমণীর সহিত রমণ করিতেছেন । সেই নারী আমা অপেক্ষাও গুণবতী সন্দেহ নাই । সে অবশ্যই কামযুদ্ধের উপযুক্ত বেশভূষায় সুসজ্জিত হইয়াছে । তাহার

---

* বিলুলিতকেশা—ইতি পাঠান্তরম্ ।

কাপি মধুরিপুণা বিলসতি যুবতিরধিকগুণা ॥ ১৩ ॥ (ধ্রুবম্)
হরিপরিরম্ভণবলিতবিকারা ।
কুচকলসোপরি তরলিতহারা (কাপি) ॥ ১৪ ॥
বিচলদলকললিতাননচন্দ্রা ।
তদধরপানরভসকৃততন্দ্রা (কাপি) ॥ ১৫ ॥

কুসুমানি যেভ্যস্তে। দরবিগলিতাঃ কেশা যস্যাঃ সা। অনেন লীলা-বিশেষঃ সূচিতঃ ॥ ১৩ ॥

ন কেবলমেবং কিঞ্চ হরেঃ পরিরম্ভণেন বলিতো রচিতো রোমাঞ্চাদি বিকারো যস্যাঃ সা, ততশ্চ কুচকলসোপরি তরলিতশ্চঞ্চলিতো হারো যস্যাঃ সা। অনেনাপি লীলাবিশেষঃ সূচিতঃ ॥ ১৪ ॥

তথা তৎসম্ভ্রমশিরোধূননেন বিচলদলকৈর্ললিতঃ সুন্দরঃ আননচন্দ্রো যস্যাঃ সা, ততশ্চ কৃষ্ণস্যাধরপানরভসেন কৃতা তন্দ্রা আনন্দনিমীলনং যয়া সা ॥ ১৫ ॥

কবরীবন্ধন আলুলায়িত হওয়ায় কুন্তলনিহিত পুষ্পসমূহ বিচ্যুত হইয়া পড়িয়াছে ॥ ১৩ ॥

কৃষ্ণের আলিঙ্গনে সাত্ত্বিকভাবের উদয় হওয়াতে তাহার অঙ্গযষ্টি রোমাঞ্চিত হইতেছে এবং তাহার কুচকলসোপরি কণ্ঠহার দোদুল্যমান হইতেছে ॥ ১৪ ॥

সেই রমণীর চন্দ্রবদনে অলকাবলী দোলায়মান হওয়াতে মনোহর শ্রী সম্পাদিত হইতেছে ; প্রাণবল্লভ হরির অধরসুধা পান করিয়া আলস্যবশে তাহার নয়নকমল মুদিত হইয়া আসিতেছে ॥ ১৫ ॥

চঞ্চলকুণ্ডলললিতকপোলা।
মুখরিতরশনজঘনগতিলোলা (কাপি) ॥ ১৬ ॥
দয়িতবিলোকিতলজ্জিতহসিতা।
বহুবিধকূজিতরতিরসরসিতা (কাপি) ॥ ১৭ ॥
বিপুলপুলকপৃথুবেপথুভঙ্গা।
শ্বসিতনিমীলিতবিকসদনঙ্গা (কাপি) ॥ ১৮ ॥

তথা তদধরপানাবেশাৎ চঞ্চলাভ্যাং কুণ্ডলাভ্যাং ললিতৌ কপোলৌ যস্যাঃ সা, কিঞ্চ মুখরিতা রশনা যত্র তস্য জঘনস্য গত্যা লোলা চঞ্চলা ॥ ১৬ ॥

ততশ্চ দয়িতস্য বিলোকিতেন বীক্ষণেন লজ্জিতা হসিতা চ, তথা বহুবিধং দাত্যূহপারাবতাদিকূজিতবৎ রতিরসে রসিতং শব্দিতং যয়া সা ॥ ১৭ ॥

অতএব বিপুলাঃ পুলকাঃ পৃথু বেপথুশ্চ তেষাং ভঙ্গাস্তরঙ্গা যস্যাঃ সা, তথা শ্বসিতনিমীলিতাভ্যাং পুনর্ব্বিকসন্ আবির্ভবন্ অনঙ্গো যস্যাঃ সা ॥ ১৮ ॥

তাহার মনোহর কপোলে কুণ্ডলযুগল দুলিতেছে এবং নিতম্বের আন্দোলনে চন্দ্রহারের মনোহর ধ্বনি শ্রুতিগোচর হইতেছে ॥ ১৬ ॥

সে প্রাণকান্তের দিকে দৃষ্টিপাত করিয়া কখন হাস্য করিতেছে, আবার কখন বা লজ্জায় অধোমুখী হইতেছে এবং মধ্যে মধ্যে রসভরে আকুলা হইয়া মদনবিকারসূচক নানারূপ শব্দ করিতেছে ॥ ১৭ ॥

সে রোমাঞ্চিত ও কম্পিত হইয়া কামতরঙ্গে ভাসমান হইতেছে; ঘন ঘন নিশ্বাস বিসর্জ্জন করাতে ও নেত্র নিমীলিত হওয়াতে তাঁহার মদনাবেশ প্রকাশিত হইতেছে ॥ ১৮ ॥

শ্রমজলকণভরসুভগশরীরা ।
পরিপতিতোরসি রতিরণধীরা (কাপি) ॥ ১৯ ॥
শ্রীজয়দেবভণিতহরিরমিতম্ ।
কলিকলুষং জনয়তু পরিশমিতম্ (কাপি) ॥ ২০ ॥
বিরহপাণ্ডুমুরারিমুখাম্বুজ-
দ্যুতিরয়ং তিরয়ন্নপি বেদনাম্ ।

তথা শ্রমজলকণভরেণ সুন্দরং কলেবরং যস্যাঃ সা । তথা নিঃসহতা বিস্মৃতস্বাঙ্গানুসন্ধানতয়া প্রিয়স্য বক্ষসি পরিপতিতা যতঃ সুরত-সংগ্রামে পণ্ডিতা ॥ ১৯ ॥

শ্রীজয়দেবভণিতং হরে রমিতং বিক্রীড়িতং কলিকলুষং কামাদিকং শমিতং জনয়তু নাশয়ত্বিত্যর্থঃ । এতৎ সর্ব্বং স্বস্যাং তৎপূর্ব্বচরিতস্ফূর্ত্ত্যার্ত্তিজয়া ঈর্ষ্যয়া অন্যত্রারোপিতমিতি জ্ঞেয়ম্ ॥ ২০ ॥

অথ চন্দ্রং পশ্যন্তী তং শ্রীকৃষ্ণমুখত্বেনোদ্ভাব্য তত্র অন্যয়া সহ বর্ত্তমানস্যাপি মদ্বিরহেণ পাণ্ডুত্বস্ফূর্ত্ত্যা স্বস্মিন্ তস্যাতিপ্রণয়িতাং স্মরন্তী চন্দ্রমাক্ষিপতি বিরহেতি । অয়ং বিধুঃ সন্তপ্তানাং বেদনাং তিরয়ন্ নাশয়ন্নপি মম হৃদয়ে অয়ে খেদে মদনব্যথাং অতীব তনোতি । কথং তদাহ ।— অন্যয়া সহ রমমাণস্যাপি মদ্বিরহে পাণ্ডবন্মুরারিমুখাম্বুজং তদ্বৎ দ্যুতির্যস্য

সে রতিসংগ্রামে সুদক্ষা, মদনসমরে তাহার দেহে স্বেদোদ্গম হওয়াতে সে অতি মনোহর ভাব ধারণপূর্ব্বক কান্তের বক্ষোপরি শয়ানা রহিয়াছে ॥ ১৯ ॥

জয়দেবকবি-বিরচিত এই কৃষ্ণকেলিবর্ণন কলিকিল্বিষ বিনাশ করুক ॥২০॥

—মদনসখা শশধর অস্তগমনোন্মুখ হইয়া অভিশপ্ত জনের হৃদয়বেদনা দূর করিতেছেন সত্য, কিন্তু মদীয় অন্তরে মদনাগ্নি উদ্দীপিত করিয়া

বিধুরতীব তনোতি মনোভুবঃ,
সুহৃদয়ে হৃদয়ে মদনব্যথাম্ ॥ ২১ ॥

(গীতম্)

(গুর্জ্জরীরাগৈকতালীতালাভ্যাং গীয়তে)

সমুদিতমদনে রমণীবদনে চুম্বনবলিতাধরে।
মৃগমদতিলকং লিখতি সপুলকং মৃগমিব রজনীকরে।
রমতে যমুনাপুলিনবনে বিজয়ী মুরারিরধুনা ॥ ২২ ॥ (ধ্রুবম্)

সঃ বেদনাং নাশয়ন্নপি। কুতস্তাং ব্যথয়তি ?—মনোভুবঃ সুহৃৎ মদনস্তত্র তং ব্যথয়তি। মদনসুহৃত্ত্বেন তন্মুখস্মারকতয়া চন্দ্রো মাং ব্যথয়তীত্যভিপ্রায়ঃ ॥২১॥

পুনস্তস্থা এব স্বাধীনভর্তৃকাত্বসূচনপূর্ব্বকং তল্লীলাবিশেষমাহ সমুদিতে-ত্যাদিনা। যমুনায়াঃ পুলিনস্থবনে মধুরিপুরধুনা ক্রীড়তি। কীদৃশঃ ? —বিজয়ী মণ্ডনাদিকৌশলেন সর্ব্বাতিশায়ী। রমণপ্রকারমাহ,—রমণ্যা বদনে সপুলকং যথা স্যাৎ তথা মৃগমদতিলকং লিখতি। কস্মিন্ কমিব ? —চন্দ্রে মৃগমিব। অত্র মুখস্থ চন্দ্রেণ তিলকস্থ মৃগেণ সাম্যম্। কীদৃশে ? —সম্যগুদিতঃ কামো যস্মাৎ তস্মিন্ অর্থাৎ তস্যৈব। চন্দ্রপক্ষে তথৈ-বার্থঃ। সর্ব্বেষামিতি বিশেষঃ চন্দ্রোদয়ে কামোদ্দীপনাৎ। পুনঃ কীদৃশে ? —বদনপক্ষে তিলকং লিখিত্বা সাধ্বিদং "বদনমিত্যুক্ত্বা চুম্বনায় বলিতো বিন্যস্তোঽধরো যত্র," চন্দ্রপক্ষে চুম্বনেন বলিতো যুক্তোঽধরো যস্মাদি-ত্যর্থঃ ॥ ২২ ॥

দিতেছেন ; কারণ, উহার পাণ্ডুবর্ণ দেখিয়া শ্রীহরির পাণ্ডুবর্ণ মুখকমল আমার হৃদয়ে জাগরূক হইতেছে ॥ ২১ ॥

রতিরণজয়ী মুরারি কালিন্দীকূলবর্ত্তী বনে কেলিক্রীড়ায় নিরত রহিয়াছেন। তিনি পুলকে কণ্টকিত হইয়া সেই কামিনীর কামোদ্দীপক

ঘনচয়রুচিরে রচয়তি চিকুরে তরলিততরুণাননে।
কুরুবককুসুমং চপলাসুষমং রতিপতিমৃগকাননে (রমতে) ॥ ২৩ ॥
ঘটয়তি সুঘনে কুচযুগগগনে মৃগমদরুচিরূষিতে।
মণিসরমমলং তারকপটলং নখপদশশিভূষিতে (রমতে) ॥ ২৪ ॥

ন কেবলং তিলকং চিকুরে রক্তঝিণ্টীপুষ্পঞ্চ রচয়তি। তৎপুষ্পৈঃ কবরীং গ্রথ্নাতীত্যর্থঃ। কীদৃশম্ ?—চপলায়া বিদ্যুত ইব সুষমা পরমা শোভা যস্য তস্মিন্। পুনঃ কীদৃশে ?—মেঘপুঞ্জবৎ সুন্দরে অতএব তদ্‌গুণবর্ণনেন মুখরী-কৃতং তরুণস্য শ্রীকৃষ্ণস্য আননং যেন তত্র, যতো রতিপতিরেব মৃগস্তেন সদাশ্রিতত্বাৎ তস্য কাননে ॥ ২৩ ॥

তথা কুচযুগগগনে মণিসরমেব তারকপটলং যাজয়তি, মণিসরো মুক্তাহারঃ অসমস্তবকমিদং কুচযুগমেব গগনং বৃহত্ত্বাৎ। কীদৃশে ?—সুনিবিড়ে গগনপক্ষে শোভনমেঘযুক্তে তথা মৃগমদরুচিভির্ম্রক্ষিতে গগনপক্ষে কস্তূরীদীপ্ত্যৈব ম্রক্ষিতে কিঞ্চ নখাঙ্ক এব শশী তেন ভূষিতে ॥ ২৪ ॥

মুখে কস্তূরীরস দ্বারা শশধরে শশাঙ্কের ন্যায় তিলক রচনা করিয়া দিতেছেন এবং চুম্বনের জন্য অধর বিন্যস্ত করিতেছেন ॥ ২২ ॥

সেই রমণীর কেশপাশ নীরদরাজীবৎ মনোরম ও কামরূপ মৃগের বিহারভূমি। নাগর বনমালী তাহাতে রক্তঝিণ্টী-কুসুম পরাইয়া দিতে-ছেন ॥ ২৩ ॥

সেই কামিনীর কুচযুগল আকাশমণ্ডলের ন্যায়। উহা কস্তূরীরসে অনুলিপ্ত ও সঘন; তদুপরি নখাঘাতরূপ চন্দ্র বিরাজ করিতেছে। বনমালী তাহাতে মণিহারস্বরূপ নক্ষত্রমালা সংযোজিত করিয়া দিতে-ছেন ॥ ২৪ ॥

জিতবিসশকলে মৃদুভুজযুগলে করতলনলিনীদলে।
মরকতবলয়ং মধুকরনিচয়ং বিতরতি হিমশীতলে (রমতে) ॥ ২৫ ॥
রতিগৃহজঘনে বিপুলাপঘনে মনসিজকনকাসনে।
মণিময়রশনং তোরণহসনং বিকিরতি কৃতবাসনে (রমতে) ॥ ২৬ ॥

অপরঞ্চ মৃদুভুজযুগলে মরকতবলয়মেব মধুকরনিচয়ং বিতরতি অর্পয়তি। কীদৃশে ?—জিতানি মৃণালখণ্ডানি যেন তস্মিন্ করতলমেব নলিনীদলং যত্র তস্মিন্ অতএব হিমবচ্ছীতলে সম্ভোগিন্যাঃ কামতাপ-রাহিত্যাদিত্যভিপ্রায়ঃ মৃণালে ভ্রমরার্পণেনাদ্ভুতকুঞ্জত্বম্ ॥ ২৫ ॥

তথা চ রতেগৃর্হে আশ্রয়ে জঘনে মণিময়রশনং নিক্ষিপতি তৎস্পর্শ-জাতকম্পতয়া অযথাতথং বিন্যস্যতীত্যর্থঃ। কীদৃশম্ ?—তোরণস্য মাঙ্গল্য-স্রজো হসনমুপহাসো যস্মাৎ তৎ। কীদৃশে ?—বিস্তীর্ণমপঘনমঙ্গং যস্য তস্মিন্, যথা কামস্য স্বর্ণপীঠে অতঃ কৃতা শ্রীকৃষ্ণস্য লীলাবিশেষবাসনা যেন তস্মিন্ ॥ ২৬ ॥

তদীয় ভুজযুগল মৃণালাপেক্ষাও মৃদুল, পদ্মপত্র সদৃশ করতল দ্বারা বিরাজিত এবং শিশিরাপেক্ষাও সুস্নিগ্ধ। শ্রীহরি তাহাতে মধুপপংক্তিরূপ মরকতময় বলয় প্রদান করিতেছেন ॥ ২৫ ॥

তদীয় বিশাল নিতম্ব রতিগৃহের সদৃশ ও কামের স্বর্ণপীঠস্বরূপ। তদ্দর্শনে হরির কামানল প্রদীপিত হইয়া উঠিতেছে। তিনি সেই নিতম্বপ্রদেশে মণি-ময় চন্দ্রহার পরাইয়া দিতেছেন। সেই চন্দ্রহার তোরণোপরিগত কুসুমমালার সুষমাকেও তিরস্কৃত করে ॥ ২৬ ॥

চরণকিশলয়ে কমলানিলয়ে নখমণিগণপূজিতে।
বহিরপবরণং যাবকভরণং জনয়তি হৃদি যোজিতে (রমতে) ॥ ২৭ ॥
রময়তি সুদৃশং কামপি সুভৃশং খলহলধরসোদরে।
কিমফলমবসং চিরমিহ বিরসং বদ সখি বিটপোদরে (রমতে) ॥ ২৮ ॥
ইহ রভসভণনে কৃতহরিগুণনে মধুরিপুপদসেবকে।
কলিযুগচরিতং ন বসতু দুরিতং কবিনৃপজয়দেবকে (রমতে) ॥ ২৯ ॥

তথা বক্ষসি ধৃতে চরণপল্লবে যাবকাভরণং বহিরাবরণং করোতি। যতঃ শ্রিয়ো নিবাসঃ অতো নখা এব মণিগণাস্তৈঃ পূজিতে শ্রীনিবাসস্য মণিযুতস্য চ বহিরাবৃতিযুক্তেবেত্যর্থঃ ॥ ২৭ ॥

কিঞ্চ পরবঞ্চকে হলধরস্যাবিদগ্ধস্য সোদরে সদৃশে শ্রীকৃষ্ণে কামপি সুদৃশং সুভৃশং যথা স্যাৎ তথা রময়তি সতি ইহ বনমধ্যে বিরসং বিফলং যথা স্যাৎ তথা কিমহমবসমিত্যেতৎ সখি বদ, মামভিসার্য্য অন্যয়া সহ রমণাদ্ধরেঃ খলত্বম্ ॥ ২৮ ॥

ইহৈতৎ কাব্যকর্ত্তরি কবীনাং নৃপে জয়দেবকে কলিযুগচরিতং দুরিতং ন বসতু। কুতঃ?—যতো মধুরিপোঃ পদসেবকে অতএব কৃতং

সেই কমনীয় চরণপল্লব কমলার আগারস্বরূপ এবং নখরূপ মণিরাজিতে বিরাজিত। কমলানিবাস হরি সেই চরণকমল অলক্তকভূষিত করিয়া স্বীয় বক্ষের উপর ধারণ করিতেছেন ॥ ২৭ ॥

সখি! রাম-সহোদর ধূর্ত্ত সেই কৃষ্ণ নিশ্চয়ই কোন না কোন রমণীর আনন্দবর্দ্ধনে ব্যাপৃত রহিয়াছেন। তবে কেন আর আমি বৃথা বিষণ্ণ-হৃদয়ে এই নিবিড় কাননাভ্যন্তরে নিশাপাত করিতেছি? ॥ ২৮ ॥

শ্রীকৃষ্ণ-পদপল্লবাশ্রিত জয়দেবকবি এই শৃঙ্গাররসাত্মক হরিগুণ

নায়াতঃ সখি নির্দ্দয়ো যদি শঠস্ত্বং দূতি কিং দূয়সে,
স্বচ্ছন্দং বহুবল্লভঃ স রমতে কিং তত্র তে দূষণম্।
পশ্যাত্ম প্রিয়সঙ্গমায় দয়িতস্যাকৃষ্যমাণং গুণৈ-
রুৎকণ্ঠার্ত্তিভরাদিব স্ফুটদিদং চেতঃ স্বয়ং যাস্যতি ॥ ৩০

হরেগুর্ণানাং চিন্তনং যেন তস্মিন্, তত্রাপি রসস্য শৃঙ্গাররসস্য ভণনং কথনং যত্র তস্মিন্। হৃদ্রোগং আশু অপহিনো তীত্যুক্তেঃ ॥ ২৯ ॥

অথ শ্রীকৃষ্ণস্য অনাগমনেন বিষণ্ণবদনাং সখীং প্রতি অতিনির্ব্বেদমাহ নায়াত ইতি। হে সখি! হে দূতি! সখী ভূত্বাপি মৎপ্রীত্যৈ দৌত্যকর্ম্মণি প্রবৃত্তেঃ। দয়ারহিতঃ নিজৈকাশ্রয়প্রাণরক্ষাপরাঙ্মুখঃ শঠোঽন্তরন্যৎ-বহির-ন্যৎকারী যদি নায়াতঃ, তর্হি ত্বং কিং দূয়সে? মা ব্যথস্বেতি। শঠতামাহ—বহুবল্লভঃ স নিঃশঙ্কং রমতে, তত্র কার্য্যে তে তব কিং দূষণম্? ন কিমপি। ইত্থং সখীমনূদ্য নির্ব্বেদভঙ্গ্যা আত্মনো দশমীদশামাহ। পশ্যাত্মেদানী-মেব দয়িতস্য মিলনায় ইদং তদপ্রাপ্তিতাপোন্মূলিতধৈর্য্যং মমেদং চেতঃ স্বয়ং যাস্যতি। কেন প্রকারেণ তদাহ।—উৎকণ্ঠায়া আধিক্যেন স্ফুট-দিব, তদপি কথং গুণৈরাকৃষ্যমাণং অন্যোঽপি রজ্জ্বাকৃষ্টঃ সন্ যাতীত্যর্থঃ। শ্লিষ্টগুণশব্দোক্তির্ব্বিষয়াবিরোধিলক্ষণায়ৈব দয়িতশব্দোঽপি তথা ॥ ৩০ ॥

কীর্ত্তন করিলেন। ইহা দ্বারা কলিকলুষজনিত পাতক বিদূরিত হউক ॥ ২৯ ॥

হে দূতি! হে সহচরি! সেই নিষ্ঠুর ধূর্ত্ত কৃষ্ণ আসিল না বলিয়া তুমি দুঃখবোধ করিও না, তাঁহার অনেক প্রিয়তমা আছে। তিনি তাহাদিগের সহিত নির্ব্বিঘ্নে কেলি করিতেছেন। তোমার অপরাধ কি? বোধ হয়, মদীয় হৃদয় প্রাণনাথের গুণে বিমুগ্ধ ও ঔৎসুক্যনিবন্ধন বিদীর্ণ হইয়াই যেন তৎসহ সমবেত হইবার জন্য এই মুহূর্ত্তেই প্রস্থান করিবে ॥ ৩০ ॥

(গীতম্)

(দেশবরাড়ীরাগরূপকতালাভ্যাং গীয়তে)

অনিলতরলকুবলয়নয়নেন ।
তপতি ন সা কিশলয়শয়নেন ।
সখি যা রমিতা বনমালিনা ॥ ৩১ ॥ (ধ্রুবম্)
বিকসিতসরসিজললিতমুখেন ।
স্ফুটতি ন সা মনসিজবিশিখেন (সখি যা) ॥ ৩২ ॥

তদ্‌গুণৈরন্যস্যাঃ সুখং বর্ণয়ন্তী স্বস্যাস্তদলাভাৎ নির্ব্বেদেন শোকার্থমেব নিশ্চিনোতি অনিলেত্যাদিনা । হে সখি ! যা বনমালিনা রমিতা বিবিধ-সম্ভোগকেলিভির্নন্দিতা সা কিশলয়শয়নেন ন তপতি পল্লবশয্যায়াং সুখয়-ত্যেবেত্যর্থঃ । এবং সর্ব্বত্র যোজ্যম্ । কীদৃশেন অনিলেন ?—তরলে যে নীলোৎপলে তদ্বন্নয়নে যস্য তেন, উৎপলবৎ শৈত্যগুণেন তাপোপশমং দদাতীতি ভাবঃ ॥ ৩১ ॥

যা রমিতা বনমালিনেতি সর্ব্বত্র যোজ্যম্ । বিকসিতসরসিজবৎ সুন্দরং মুখং যস্য তেন । যা রমিতা সা কামশরেণ বিদ্ধা ন ভবতি অহ-মেব তেন বিদ্ধাস্মীতি ভাবঃ ॥ ৩২ ॥

• সখি ! সমীরণসঞ্চালিত-ইন্দীবরলোচন বিপিনবিহারী কৃষ্ণ যে কামিনীর সহিত কেলি করিয়াছেন, সে নবপল্লব-শয্যায় শয়ান হইয়া সন্তপ্ত হয় না ॥ ৩১ ॥

আঁহা ! বনমালীর বদনকমল বিকসিত পদ্মের ন্যায় মনোহর ; তিনি যাহার সহিত রমণ করিয়াছেন, সে কামশরে জর্জ্জরিত হয় না ॥ ৩২ ॥

অমৃতমধুরমৃদুতরবচনেন।
জ্বলতি ন সা মলয়জপবনেন (সখি যা) ॥ ৩৩ ॥
স্থলজলরুহরুচিকরচরণেন।
লুঠতি ন সা হিমকরকিরণেন (সখি যা) ॥ ৩৪ ॥
সজলজলদসমুদয়রুচিরেণ।
দলতি ন সা হৃদি বিরহভরেণ (সখি যা) ॥ ৩৫ ॥

অমৃতাদপি মধুরতরমতিকোমলঞ্চ বচনং যস্য তেন যা রমিতা সা মলয়জপবনেন ন জ্বলতি অহমেব তেন জ্বলিতাস্মীতি অমৃতসিক্তায়া জ্বালাতিশয়ানুপপত্তেরিতি ভাবঃ ॥ ৩৩ ॥

স্থলকমলবদ্রুচিরৌ করৌ চরণৌ চ যস্য তেন যা রমিতা সা চন্দ্রস্য কিরণেন ভূমৌ ন পরিবর্ত্ততে, অহমেব জালবদ্ধপ্রবিষ্টেব তপ্তাস্মি স্থল-কমলবৎ শীতলকরচরণস্পর্শসুখেন উজ্জ্বলতয়া ইন্দুকিরণানাং তাপ-কত্বাবগমাদিতি ভাবঃ ॥ ৩৪ ॥

সজলজলদানাং সমূহাদপি রুচিরেণ যা রমিতা সা বিরহভরেণ হৃদি ন বিদীর্য্যতে জলদবদার্দ্রতয়া বিদারাসম্ভবাদিতি অহমেব তেন বিদীর্ণ-হৃদয়াস্মীতি ভাবঃ ॥ ৩৫ ॥

সেই কৃষ্ণের বচন অমৃত অপেক্ষাও মধুর ও মৃদু, তিনি যে রমণীর বাসনা পূর্ণ করিয়াছেন, মলয়সমীর কখনই তাহার অঙ্গে সন্তাপপ্রদানে সমর্থ হয় না ॥ ৩৩ ॥

বনমালীর করদ্বয় স্থলপদ্মের ন্যায় সুদৃশ্য; তিনি যে বিলাসিনীর সহিত কেলি করিতেছেন, সে শশাঙ্ককিরণে দগ্ধ হইয়া তাপশান্তির জন্য ধরালুণ্ঠিত হয় না ॥ ৩৪ ॥

সজল-নীরদকান্তি হরি যাহাকে পরিরম্ভণ করিয়াছেন, বিরহভরে সেই রমণীকে বিদীর্ণ হইতে হয় না ॥ ৩৫ ॥

কনকনিকষরুচিশুচিবসনেন ।
শ্বসিতি ন সা পরিজনহসনেন (সখি যা) ॥ ৩৬ ॥
সকলভুবনজনরবতরুণেন ।
বহতি ন সা রুজমতিকরুণেন (সখি যা) ॥ ৩৭ ॥
শ্রীজয়দেবভণিতবচনেন ।
প্রবিশতু হরিরপি হৃদয়মনেন (সখি যা) ॥ ৩৮ ॥

কনকস্য নিকষপাষাণেষু যা রুচিস্তদ্বদ্বসনং যস্য, তেন যা রমিতা সা পরিতো জনানাং হসনেন ন শ্বসিতি সৌভাগ্যগর্ব্বেণ কাশ্চিদপি ন গণয়তীত্যর্থঃ । অহমেব তৎপরিহাসৈর্নিশ্বাসযুক্তাস্মীতি ভাবঃ ॥ ৩৬ ॥

সকলভুবনেষু যে জনা যুবানস্তেভ্যো বরঃ শ্রেষ্ঠো যঃ কিশোরস্তেন যা রমিতা সা অতিকরুণরসেণ পীড়াং ন প্রাপ্নোতি জগদ্বল্লভতরুণপ্রাপ্ত্যা করুণানুপপত্তিরিতি অহমেব রোদনাদিনা সখীং কদর্থয়ামি ॥ ৩৭ ॥

অনেন শ্রীজয়দেবভণিতেন শ্রীরাধায়া মাধবমুদ্দিশ্য বচনেন হরিরপি হৃদয়ং প্রবিশতু, প্রবিষ্টঃ কর্ণরন্ধ্রেণ স্বানাং ভাবসরোরুহমিত্যুক্তেঃ ॥ ৩৮ ॥

নিকষপাষাণে লগ্ন স্বর্ণের ন্যায় সমুজ্জ্বল পীতাম্বরধারী বনমালী যে নারীর মনোরথ পরিপূর্ণ করিয়াছেন, সে কদাচ গুরুজনের উপহাসে দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করে না ॥ ৩৬ ॥

ত্রৈলোক্যস্থ যাবতীয় যুবার মধ্যে বনমালীই প্রধান, তিনি যাহার সহিত বিহার করিয়াছেন, তাহাকে দীনভাবে কামযন্ত্রণা সহ্য করিতে হয় না ॥ ৩৭ ॥

শ্রীজয়দেবকবি-বর্ণিত এই রাধা-বিলাপের সহিত শ্রীকৃষ্ণ সর্ব্বজন-হৃদয়ে বিরাজ করুন ॥ ৩৮ ॥

মনোভবানন্দনচন্দনানিল,
প্রসীদ রে দক্ষিণ মুঞ্চ বামতাম্।
ক্ষণং জগৎপ্রাণ বিধায় মাধবং,
পুরো মম প্রাণহরো ভবিষ্যসি ॥ ৩৯ ॥
রিপুরিব সখীসম্বাসোঽয়ং শিখীব হিমানিলো,
বিষমিব সুধারশ্মির্যস্মিন্ দুনোতি মনোগতে।

অত্যাবেশন মনো বাষ্পমুদ্গিরতি দৈন্যেনাদৌ সবিনয়মাহ। হে মনোভবস্যানন্দদায়ক চন্দনানিল! পরোপকারিন্নিত্যর্থঃ। প্রসন্নো ভব। পুনরীর্ষ্যোদয়াদেতদাহ—রে দক্ষিণ সর্ব্বানুকূল! বামতাং প্রতিকূলতাং মুঞ্চ। দক্ষিণপথপ্রবৃত্তস্য বামপথপ্রবৃত্তেরযুক্তত্বাদ্বামতা ত্যাজ্যা ইত্যর্থঃ। তর্হি কিং বিধেয়ং তত্রাহ।—রে জগৎপ্রাণ! জগদ্ধিতোঽপি ত্বং মনোভবানন্দনায় চন্দনতরুসম্পর্কাৎ বিষমশ্চেন্মাং মারয়সি, তদা ক্ষণমপি মাধবং পুরঃ কৃত্বা পশ্চান্মম প্রাণহরো ভবিষ্যসি ॥ ৩৯ ॥

অথ নীরাগে দয়িতে সানুরাগং চিত্তং নিন্দতি মমৈবায়মপরাধো নান্যস্যেত্যাহ রিপুরিতি। যস্মিন্ হরৌ চিত্তারূঢ়েঽপি সখীভিঃ সহৈকত্র বাসোঽপি রিপুরিব দুনোতি। স্বচ্ছন্দগমনপ্রতিরোধকত্বাৎ,

হে চন্দনানিল! তুমি কন্দর্পের চিত্তরঞ্জন করিয়া থাক; আমার প্রতি প্রসন্ন হও। তুমি সকলের প্রতিই অনুকূল, আমার প্রতি প্রতিকূল হইও না। হে বিশ্বপ্রাণ! কৃষ্ণকে মুহূর্ত্তের জন্যও আমার নিকট আনয়ন কর, তৎপরে বরং প্রাণবধ করিও ॥ ৩৯ ॥

হায়! কৃষ্ণ মৎপ্রতি নির্দ্দয়, কিন্তু আমার মন তাঁহাতেই অনুরাগী, সুতরাং আমারই দোষ। যাহার প্রতি চিত্ত আকৃষ্ট হওয়াতে

হৃদয়মদয়ে তস্মিন্নেবং পুনর্ব্বলতে বলাৎ,
কুবলয়দৃশাং বামঃ কামো নিকামনিরঙ্কুশঃ ॥ ৪০ ॥
বাধাং বিধেহি মলয়ানিল পঞ্চবাণ,
প্রাণান্ গৃহাণ ন গৃহং পুনরাশ্রয়িষ্যে।
কিন্তে কৃতান্তভগিনি ক্ষময়া তরঙ্গৈ-
রঙ্গানি সিঞ্চ মম শাম্যতু দেহদাহঃ ॥ ৪১ ॥

শীতলবায়ুরপ্যগ্নিরিব তাপকত্বাৎ, চন্দ্রোঽপি বিষমিব দাহকত্বাৎ, তস্মিন্নির্দ্দয়ে কান্তে পুনর্যদি হৃদয়মেবমুক্তপ্রকারেণ বার্য্যমাণমপি বলাৎ সংসক্তং স্যাত্তর্হি স্ত্রীণামভিলাষঃ অত্যর্থমযন্ত্রিতঃ অতো বামঃ প্রতিকূল এব হিতাহিতবিচারাপগমাৎ ॥ ৪০ ॥

সম্প্রতি বিরহোত্তপ্তা প্রাণোৎসর্গং কৃতমেবাহ বাধামিতি। হে মলয়ানিল! পীড়াং বিধেহি কুরু, বিষয়ত্বেন বাধাবিধানসামর্থ্যাৎ। হে পঞ্চবাণ! প্রাণান্ গৃহাণ পঞ্চবাণধারিত্বে পঞ্চপ্রাণগ্রহণযোগ্যত্বাৎ। হে যমস্য ভগিনি! তে ক্ষময়া কিং ত্বাং কথং ক্ষমসে যমানুজায়াঃ ক্ষমা ন যুক্তা। তর্হি কিং কর্ত্তব্যম্? তরঙ্গৈরঙ্গানি সিঞ্চ। তেন কিং স্যাৎ? মম দেহদাহঃ শাম্যতু; দশমীদশাং বিধেহীত্যর্থঃ। কৃষ্ণেন চেতুপেক্ষিতাসি,

---

সহচরীসঙ্গ শক্রসঙ্গের ন্যায়, সুস্নিগ্ধ সমীরণ বহ্নির ন্যায়, শীতরশ্মির স্নিগ্ধকিরণ গরলের ন্যায় যাতনাপ্রদ হইতেছে, সেই নির্দ্দয় হরির প্রতি যখন আমার মন এইরূপে ধাবিত হইতেছে, তখন নিঃসন্দেহই বুঝিলাম, রমণীজাতির প্রিয়সমাগমেচ্ছা দুর্দ্দমনীয় ও তাহাদিগের প্রতিকূল ॥ ৪০ ॥

হে মলয়মারুত! তুমি যত পার, আমাকে কষ্ট প্রদান কর। হে পঞ্চবাণ! তুমি আমার প্রাণ হনন কর; হে কালিন্দি! আমাকে ক্ষমা করা তোমার উচিত নহে, ত্বদীয় তরঙ্গরঙ্গে মদীয় শরীরসন্তাপ নিবারণ

প্রাতর্নীলনিচোলমচ্যুতমুরঃ সংবীতপীতাংশুকং,
রাধায়াশ্চকিতং বিলোক্য হসতি স্বৈরং সখীমণ্ডলে।
ব্রীড়াচঞ্চলমঞ্চলং নয়নয়োরাধায় রাধাননে,
স্মেরস্মেরমুখোঽয়মস্তু জগদানন্দায় নন্দাত্মজঃ ॥ ৪২ ॥*

ইতি শ্রীগীতগোবিন্দমহাকাব্যে নাগরনারায়ণো নাম সপ্তমঃ সর্গঃ ॥ ৭ ॥

তর্হি গৃহমেব কিং, ন গৃহং পুনরাশ্রয়িষ্যে।—তেন বিনা গৃহমপি সন্তাপকমেব স্যাদতো মরণং যুক্তমিত্যর্থঃ ॥ ৪১ ॥

অথৈতৎ দুঃখবর্ণনমসহিষ্ণুঃ কবিঃ সিংহাবলোকনন্যায়েন সাধারণ-কেলিরাত্রেঃ প্রাতশ্চরিতবর্ণনেন শ্রীরাধিকায়াঃ খণ্ডিতাবস্থাং বর্ণয়িষ্যন্ শ্রীরাধামাধবয়োঃ প্রাক্তনকেল্যনন্তরাবস্থিতিমাহ প্রাতরিতি। নন্দাত্মজো জগদানন্দায়াস্তু। কীদৃশঃ? স্বচ্ছন্দং যথা স্যাত্তথা সখীমণ্ডলে হসতি, সতি ব্রীড়াচঞ্চলং রাধাননে আধায় স্মেরমুখঃ। কুতঃ সখীহাসঃ?—প্রভাতে অচ্যুতং নীলনিচোলং চকিতং বীক্ষ্য শ্রীরাধায়া উরশ্চ সংবীতমুত্তরীকৃতং পীতাংশুকং যত্র এতাদৃশং বীক্ষ্য, অতঃ সর্গোঽয়ং নাগরা এব নরা নর-সমূহাস্তেষাময়নং মূলভূতং সঃ শ্রীকৃষ্ণো যত্র সঃ ॥ ৪২ ॥

ইতি শ্রীগীতগোবিন্দটীকায়াং বালবোধিন্যাং সপ্তমঃ সর্গঃ ॥ ৭ ॥

পূর্ব্বক শীতল কর, আর আমি গৃহে প্রত্যাগমন করিব না, গৃহ যার-পর-নাই সন্তাপজনক; মরণই আমার পক্ষে মঙ্গল ॥ ৪১ ॥

একদিন প্রাতঃকালে সহচরীমণ্ডলী চকিতলোচনে শ্রীহরিকে নীলাম্বর ও শ্রীমতী রাধিকাকে পীতবসন পরিধান করিতে দেখিয়া হাস্য করাতে যিনি সহাস্য-আস্যে শ্রীমতীর বদনপদ্মে সলাজ চপলকটাক্ষ নিক্ষেপ করিয়াছিলেন, সেই নন্দনন্দন শ্রীকৃষ্ণ, জগৎসংসারের হর্ষ পরিবর্দ্ধন করুন ॥ ৪২ ॥

* শ্লোকটি কোন কোন মুদ্রিত পুস্তকে অষ্টম সর্গের শেষে সন্নিবেশিত আছে।

অষ্টমঃ সর্গঃ

(বিলক্ষলক্ষ্মীপতিঃ)

অথ কথমপি যামিনীং বিনীয়,
স্মরশরজর্জ্জরিতাপি সা প্রভাতে।
অনুনয়বচনং বদন্তমগ্রে,
প্রণতমপি প্রিয়মাহ সাভ্যসূয়ম্॥ ১ ॥

খণ্ডিতাবস্থামেব বর্ণয়তি অথেত্যাদিনা। খণ্ডিতালক্ষণং যথা—উল্লঙ্ঘ্য সময়ং যস্যাঃ প্রেয়ানন্যোপভোগবান্। তোগলক্ষ্মাঙ্কিতঃ প্রাতরাগচ্ছেৎ সা হি খণ্ডিতেতি। অথ বহুবিধপ্রলাপানন্তরং হরিবিরহবর্ণনেঽপি দর্শক-ললিতলবঙ্গেত্যাদি সখীবচনশ্রবণেন সঞ্চরদধরেত্যাদি স্ব-মনোরথকথনেন চ অতিকষ্টেন রাত্রিং নীত্বা সা শ্রীরাধা প্রভাতে প্রণতমপি প্রিয়ং সাভ্য-সূয়ং অভিতঃ অসূয়য়া সহিতং যথা স্যাত্তথা আহ। কীদৃশী? স্মরশরেণ জর্জ্জরিতা ক্ষণমাত্রমতিবাহয়িতুং অশক্তাপি। কীদৃশম্? অগ্রে অনুনয়-বচনং স্বাপরাধজনিতকোপোপশমনবাক্যং বদন্তং ততোঽপি প্রসাদমনা-লোচ্য প্রণতম্। অনেন প্রেম্নঃ পরাকাষ্ঠা প্রদর্শিতা কণ্ঠাগতপ্রাণায়া অপি প্রিয়দর্শনমাত্রেণাসূয়োদয়াৎ॥ ১ ॥

তদনন্তর শ্রীমতী রাধা কোনরূপে যামিনীযাপন করিলে প্রভাতে শ্রীহরি তৎসকাশে সমাগত হইয়া প্রণিপাত সহকারে অনুনয়-বিনয় করিতে আরম্ভ করিলে শ্রীমতী মদনানলে জর্জ্জরিত হইয়া অসূয়াবশে বলিতে আরম্ভ করিলেন॥ ১ ॥

(গীতম্)

(ভৈরবীরাগযতিতালাভ্যাং গীয়তে)

রজনিজনিতগুরুজাগররাগকষায়িতমলসনিমেষং,
বহতি নয়নমনুরাগমিব স্ফুটমুদিতরসাভিনিবেশম্।
হরি হরি যাহি মাধব যাহি কেশব মা বদ কৈতববাদং,
তামনুসর সরসীরুহলোচন যা তব হরতি বিষাদম্॥ ২॥

হরি হরীতি খেদে, হে মাধব! হে কেশব! ত্বং যাহি, ইতো গচ্ছ, ক্ব যামি? হে সরসীরুহলোচন! চক্ষুপ্রীতিমাত্রেণ মুগ্ধস্ত্রীজনবঞ্চনয়া ত্বত্তোঽপি বঞ্চনচতুরা সহজপ্রেমানভিজ্ঞস্য তব বিষাদং কাপট্যাপাদিত-বৈমনস্যং হরতি। তাং চিত্তানুরূপচতুরব্যাপারাং অনুগচ্ছ, লোষ্টপ্রয়োগঃ, তৎস্ফূর্তিসম্ভাবনয়া মাধবেতি. ধবো ন ভবসীতানিয়তপ্রিয়ত্বং কেশবেতি প্রকৃষ্টকেশদ্বারোন্মুক্তবেশত্বং সরসীরুহলোচনেত্যর্দ্ধমুদ্রিতনেত্রত্বঞ্চ ধ্বনিতম্। ত্বদেকপরায়ণোঽহমিতি বদন্তং কপটবাদং মা বদ, ন কৈতবং ব্রূহি, সত্যমেব নান্যাঙ্গনাসঙ্গতোঽহমিতি প্রতিবচনমাশঙ্ক্যাহ রজনিজনিতেন গুরুজাগররাগেণ কষায়িতং লোহিতীকৃতং তব নয়নং অনুরাগং বহতী-ত্যুৎপ্রেক্ষা তাং প্রত্যনুরাগপ্রাচুর্য্যাৎ তব হৃদি স্থিতমরবিন্দচক্ষুষা নির্গত ইত্যুৎপ্রেক্ষার্থং সহজমেবারুণং মে নয়নং ন জাগরাদিত্যাহ। অলসেন নিমীলনং যত্র তৎ অনুভূতত্বদ্বচনচিন্তয়া নিমীলিতে লোচনে ন

হে মাধব! হে কেশব! হে কমললোচন! গত যামিনীতে গুরুজাগ-রণে তোমার নয়নযুগল শোণিতবর্ণ হইয়াছে ও আলস্যবশে নিমীলিত হইয়া আসিয়াছে; বোধ হইতেছে যেন, প্রণয়িনীর প্রেমরসাবেশের পরিস্ফুটিত অনুরাগ ধারণ করিয়াছে। হরি হরি! আর প্রতারণাবাক্যে

কজ্জলমলিনবিলোচনচুম্বনবিরচিতনীলিমরূপম্ ।
দশনবসনমরুণং তব কৃষ্ণ তনোতি তনোরনুরূপম্ (হরি হরি যাহি) ॥ ৩ ॥
বপুরনুহরতি তব স্মরসঙ্গরখরনখরক্ষতরেখম্ ।
মরকতশকলকলিতকলধৌতলিপেরিব রতিজয়লেখম্ (হরি হরি যাহি) ॥ ৪ ॥

জাগরাদিতি কথিতো রসস্যাভিনিবেশো যেন তৎ। যদি ত্বং নান্যাঙ্গনা-সঙ্গতস্তর্হি কথমেতদিত্যর্থঃ। অগ্রেঽপ্যেবমুন্নেয়ম্ ॥ ২ ॥

